যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষপঃ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০৯টি	০৯টি	০০টি	০০টি	০৯টি	০২টি	১৭১.৪৩%	০২টি	৯৪.২৬%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা :** ০৯টি

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল :**

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১।	"তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ করে নিবিড় প্রশিক্ষণ প্রদান এবং বিকেএসপি'র বিদ্যমান ক্রীড়া সুবিধাবলীর আধুনিকায়ন (সংশোধিত)" প্রকল্প।	৪৬০১.৮২	জানুয়ারি, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত
২।	"দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়) (২য় সংশোধিত)" প্রকল্প।	৭৩৭১.৯১	১৮ মে ২০১৪ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত
৩।	"কিশোরগঞ্জ জেলার শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্টেডিয়াম সংস্কার-উন্নয়ন এবং ভৈরব উপজেলায় শহীদ আইভী রহমান স্টেডিয়াম নির্মাণ" প্রকল্প।	২৬৫৭.০০	অক্টোবর, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত
৪।	"উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ ১ম পর্যায় (১৩১টি) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।	৬৬৭৮.৬০	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৫।	"সিলেট জেলা স্টেডিয়াম এবং আবুল মাল আবদুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স এর অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প	১০৮২.০৮	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৬।	"ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প	১২৫৭.১৩	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৭।	"ঢাকাস্থ রমনা ও রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প	১৪২৬.৩৫	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৮.	"বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন (বরিশাল, দিনাজপুর এবং খুলনা) (১ম সংশোধিত)" প্রকল্প।	৩৮৭৪.৯৫	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৯.	"ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং রেঞ্জ নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্প।	১০৯৬.৭৪	জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :**

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ

সংযুক্তি-১

৪। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :**

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	১.১ বিকেএসপিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের চাহিদা অনেক বেশি থাকা সত্ত্বেও প্রয়োজনানুসারে আবাসন সুবিধাসহ অন্যান্য সংশ্লিষ্ট জনবল (কোচ, প্রশিক্ষক, পরিচ্ছন্নতাকর্মী, পুষ্টিবিদ) না থাকায় ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করা যাচ্ছেনা। ১.২ প্রকল্প সমাপ্ত হলেও প্রকল্পের আওতায় ব্যয়িত অর্থের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিতকরণে অডিট সম্পন্ন হয়নি। ১.৩ প্রকল্পের ব্যয় ৫৮৩.৯৯ লক্ষ টাকা যা মূল অনুমোদিত প্রাক্কলনের ১৩.৯৬% এবং বাস্তবায়নকাল ১ বছর যা মূল অনুমোদিত বাস্তবায়নকালের ৩৩.৩৩% বৃদ্ধি পেয়েছে। প্রকল্পের অনুমোদিত ব্যয় ও সময় উভয়ই বৃদ্ধি পাওয়ার কারণে প্রকল্পের উদ্দেশ্য অর্জনপূর্বক কাঙ্খিত ফলাফল পেতে বিলম্ব হয়েছে। ১.৪ বিকেএসপিতে পরিচালিত সব ডিসিপ্লিনের খেলোয়াড়দের ক্রীড়া শিক্ষা ও প্রশিক্ষণের পাশাপাশি ফিজিক্যাল ফিটনেসের জন্য সংস্থায় কোন পুষ্টিবিদের সংস্থান নেই। ১.৫ বিকেএসপিতে পরিচালিত ১৭টি ডিসিপ্লিনের মধ্যে কয়েকটি ডিসিপ্লিনের (উসু, তায়কোনডু, আর্চারি, শ্যুটিং, জুডো ইত্যাদি) জন্য জেলা/উপজেলা/তৃণমূল পর্যায়ে অবকাঠামোগত সুবিধাদি/প্রচারণা/খেলার প্রক্রিয়া সম্পর্কে অবগত না থাকার কারণে এসব ডিসিপ্লিনে প্রতিভাবানদের অন্বেষণ কার্যক্রম কষ্টসাধ্য হয়। পাশাপাশি এসব খেলায় শিক্ষার্থীদের আগ্রহ/অভিভাবকদের সম্মতি পাওয়াও অনেক কঠিন হয়ে যায়।	১.১ বিকেএসপিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের চাহিদা অনেক বেশি থাকায় প্রয়োজনানুসারে আবাসন সুবিধাসহ অন্যান্য সংশ্লিষ্ট সুবিধাদি (কোচ, প্রশিক্ষক, পরিচ্ছন্নতাকর্মী, পুষ্টিবিদ) বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠানের বিদ্যমান অবকাঠামো সম্প্রাসারণ ও সংশ্লিষ্ট জনবলের সংস্থানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে; ১.২ সমগ্র দেশে জেলা পর্যায়ে/তৃণমূল পর্যায়ে নিয়মিতভাবে প্রতিভা অন্বেষণ কর্মসূচী অব্যাহত রাখাসহ দক্ষ এবং অভিজ্ঞ কোচ দিয়ে আধুনিক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে প্রশিক্ষক ও কোচদের সম্মানী যৌক্তিকভাবে নির্ধারণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে; ১.২ বিকেএসপি'র সম্প্রসারিত অবকাঠামো ও জনবলের পরিপ্রেক্ষিতে প্রতিভাবান খেলোয়াড়দের প্রতিভা বিকাশের সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে ছাত্র ভর্তি বৃদ্ধি করা যেতে পারে; ১.৩ বিকেএসপিতে পরিচালিত সব ডিসিপ্লিনের খেলোয়াড়দের ক্রীড়া শিক্ষা ও প্রশিক্ষণের পাশাপাশি ফিজিক্যাল ফিটনেস নিশ্চিতকল্পে সার্বক্ষণিক একজন পুষ্টিবিদের সংস্থান রাখা যেতে পারে; ১.৪ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় বিকেএসপি কর্তৃক বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পসমূহে যেন টাইম ওভার-রান এবং কষ্ট ওভার রান না হয় সে লক্ষ্যে ডিপিপি সংস্থানের সাথে সংগতি রেখে বছরভিত্তিক অর্থ বরাদ্দ নিশ্চিত করা এবং ভাল করে যাচাই বাছাইপূর্বক প্রকল্প প্রস্তাব প্রণয়ন সমীচিন হবে; ১.৫ প্রকল্পের এক্সটারনাল অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ বিষয়ে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা (বিকেএসপি)-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারে; ১.৬ বিকেএসপিতে পরিচালিত ১৭টি ডিসিপ্লিনের মধ্যে কয়েকটি ডিসিপ্লিনের (উসু, তায়কোনডু, আর্চারি,

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
		শ্যুটিং, জুডো ইত্যাদি) জন্য জেলা/উপজেলা/তৃণমূল পর্যায়ে অবকাঠামোগত সুবিধাদি/প্রচারণা/খেলার প্রক্রিয়া সম্পর্কে অবগত না থাকার কারণে এসব ডিসিপ্লিনে প্রতিভাবানদের অন্বেষণ কার্যক্রম মূলতঃ তৃণমূল প্রকল্পের আওতায় পরিচালিত (বর্তমানে রাজস্ব বাজেটের আওতায় পরিচালিত) এবং তৃণমূল প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য থেকে প্রায় ৮০% ছাত্র বিকেএসপিতে স্থায়ীভাবে ভর্তির সুযোগ পায়। এক্ষেত্রে বিকেএসপি'র আঞ্চলিক কেন্দ্রগুলোতে স্বল্প পরিসরে অবকাঠামো সৃষ্টি এবং এ জাতীয় খেলার সম্ভাবনা সম্পর্কে প্রচারণা/আগ্রহ সৃষ্টিতে পর্যাপ্ত টূর্ণামেন্টের আয়োজন করা যেতে পারে; ১.৭ বিবেচ্য প্রকল্পের কার্যক্রম ধারাবাহিক প্রকৃতির এবং রাজস্ব প্রকৃতির বিধায় রাজস্ব বাজেটের আওতায় নিরবিচ্ছিন্নভাবে পরিচালিত এ প্রশিক্ষণ কার্যক্রম এবং সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি বৃদ্ধি/অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে; ১.৮ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোর সংস্কার ও মেরামতের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং এসব অবকাঠামোর যথোপযুক্ত ব্যবহার ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণও নিশ্চিত করতে হবে ।
২.	২.১. প্রকল্পের কারিগরি ও আর্থিক সহায়তায় স্থাপিত বায়োগ্যাস প্লান্টগুলোর মধ্যে কিছু কিছু প্লান্ট প্রয়োজনীয় উপকরণের অভাবে ইতোমধ্যে বন্ধ হয়ে গেছে। মূলতঃ বায়োগ্যাস প্লান্ট গবাদি পশু ও পোল্ট্রি খামারের সাথে সম্পৃক্ত। খামার টিকে না থাকলে বায়োগ্যাস প্লান্ট চালু থাকবে না। ২.২. প্রকল্পভুক্ত এলাকায় স্থাপিত বায়োগ্যাস প্লান্টের মধ্যে কতটি সচল এবং কতটি বন্ধ/অচল হয়ে রয়েছে সে সম্পর্কিত কোন সুনির্দিষ্ট তথ্য জেলা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দিতে পারেননি। ২.৩. প্রকল্পের কারিগরি ও আর্থিক সহায়তায় ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়। আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে পরবর্তীতে কিছু কিছু প্লান্টের গায়ে সংক্ষেপে প্রকল্পের নামকরণ করা হয়। প্লান্ট নির্মাণের পর প্লান্টের গায়ে স্থাপনের তারিখ, প্রকল্পের নাম, বাস্তবায়নকারী সংস্থার নাম সংক্ষেপে লিখে রাখা প্রয়োজন ছিল মর্মে প্রতীয়মান হয়েছে। ২.৪. যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্ব খাতে প্রতিটি জেলা ও উপজেলায় কর্মকর্তা ও কর্মচারী বিদ্যমান রয়েছে। তদুপরি যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণও রয়েছেন। কিন্তু প্রকল্পটি বাস্তবায়নে রাজস্ব খাতের	২.১. ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের প্রশিক্ষণ এবং বায়োগ্যাস প্লান্ট কার্যক্রমে জেলা ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মকর্তাদের এবং যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাদের সম্পৃক্ত করার বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে; ২.২. বায়োগ্যাস প্লান্ট মেরামত ও সংস্কারের সুবিধার্থে ভবিষ্যতে প্রকল্পের মাধ্যমে এ ধরনের বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ক্ষেত্রে আবশ্যিকভাবে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপজেলার কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলের সম্পৃক্ত রাখা সমীচীন হবে; ২.৩. প্রকল্পের জনবলের পাশাপাশি উপজেলা পর্যায়ে রাজস্ব খাতভুক্ত জনবলের সহায়তায় ঋণের কিস্তি উত্তোলনের জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন; ২.৪. প্রকল্পের মাধ্যমে স্থাপিত কিছু কিছু বায়োগ্যাস প্লান্ট প্রয়োজনীয় উপকরণের অভাবে সাময়িকভাবে বন্ধ বা নষ্ট হয়েছে। উপজেলা পর্যায়ের যুব উন্নয়ন অধিদপ্তরের কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলকে সম্পৃক্ত করে বন্ধ হয়ে যাওয়া বায়োগ্যাস প্লান্টগুলো চালু রাখা প্রয়োজন; ২.৫. দ্রুত External Audit সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তা আইএমইডিকে অবহিত করবে;

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	এসব জনবল প্রশিক্ষণ কার্যক্রমের সাথে কিছুটা সম্পৃক্ত থাকলেও প্রকল্পের সার্বিক কার্যক্রমের বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ পুরোপুরি ওয়াকিবহাল ছিলেন না। ফলে প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদির তত্ত্বাবধান/তদারকির বিষয়টিকে তেমন গুরুত্ব প্রদান করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। ২.৫. প্রকল্পের সংগ্রহকৃত ৬৬টি মটর সাইকেল বর্তমানে ৬৬টি উপজেলায় প্রকল্পে নিয়োজিত জনবল কর্তৃক ব্যবহার করা হচ্ছে। কারণ প্রকল্পের প্রকৌশলী ও ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার প্লান্ট মেরামত, নতুন প্লান্ট স্থাপনসহ ঋণের কিস্তি উত্তোলনে সম্পৃক্ত রয়েছেন। তবে প্রকল্পের অর্থে ক্রয়কৃত আসবাবপত্র, যন্ত্রপাতি, কম্পিউটার প্রকল্প সমাপ্তির পর রাজস্ব খাতভুক্ত যথাযথ কর্তৃপক্ষের বরাবরে হস্তান্তর করা সমীচীন ছিল। ২.৬. প্রকল্পের সাড়ে ৫ বছর বাস্তবায়নকালে কোন অর্থবছরের External Audit সম্পন্ন করা হয়নি। যা সরকারি অর্থে বাস্তবায়িত প্রকল্পের জন্য স্বচ্ছতা ও জবাবদিহিতার দিক থেকে মোটেই সমীচীন হয়নি।	২.৬. প্রকল্পটি একটি বাস্তবধর্মী। পরিবেশ বান্ধব ও গ্রামীণ জনগণের জ্বালানী চাহিদা পূরণে ব্যাপক ভূমিকা রেখেছে। গবাদি পশু ও পোল্ট্রি খামারীদের রান্নায় ব্যবহৃত জ্বালানী ও বিদ্যুতের চাহিদা পূরণকল্পে প্রকল্পের কার্যক্রম খুবই গুরুত্বপূর্ণ। অপরদিকে প্রকল্পের ১ম ও ২য় পর্যায় হতে বিভিন্ন পদে প্রায় ৩১৭ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছিল এবং বর্তমানে কর্মরত রয়েছে। সৃষ্ট সুবিধাদি টেকসই করতে প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীগণকে যুব উন্নয়ন অধিদপ্তরের মূল ধারায় সম্পৃক্ত করার বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। সার্বিক বিষয় বিবেচনায় এ প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে;
৩.	৩.১. প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি।	৩..১। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ২৬৫৭.৭৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি অক্টোবর,২০১৫ হতে ডিসেম্বর,২০১৮ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে আর্থিক অগ্রগতি ২৬৫৭.০০ লক্ষ টাকা (৯৯.৩০%) এবং বাস্তব অগ্রগতি ১০০%। পরিদর্শনকালে প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্টেডিয়ামের কার্যক্রম এবং ভৈরব উপজেলা শহীদ আইভি রহমান স্টেডিয়ামের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা গেছে ; ৩.২। পরিদর্শনকালে বাস্তবায়িত স্টেডিয়ামসমূহের রক্ষণাবেক্ষণের জন্য জনবলের অভাব পরিলক্ষিত হয়েছে মর্মে দেখা গেছে। ভবিষ্যতে বাস্তবায়িত স্টেডিয়ামসমূহের রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত জনবলের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক ; ৩.৩। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে দ্রুত অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে ;
৪.	৪.১। প্রকল্পের আওতায় অবকাঠামোগত সকল কাজ সম্পন্ন হলেও ১৩১টি শেখ রাসেল মিনি স্টেডিয়ামের মধ্যে সাইটের নানাবিধ জটিলতার (জমি পাওয়া যায়নি) কারণে ৬টি উপজেলায় (যথাঃ রংপুর জেলার পীরগঞ্জ, পটুয়াখালী জেলার দশমিনা, ফেণী জেলার	৪.১। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১(এক) বছর ৩(তিন) মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী; ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	সোনাগাজী, শরীয়তপুর জেলার ভেদেরগঞ্জ ও গোসাইরহাট উপজেলা) শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা সম্ভব হয়নি। ৪.২। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি।	প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে। ৪.২। প্রকল্প সমাপ্তিতে অবকাঠামোসহ প্রকল্পের আওতায় সম্পন্ন সকল কম্পোনেন্ট প্রকল্প দলিল মোতাবেক বুঝে নেয়া প্রয়োজন। মেয়াদ শেষে প্রকল্পের ত্রুটি বিচ্যুতি সংশোধন করার সুযোগ থাকেনা। তদুপরি যেসকল অবকাঠামো নির্মাণের পর এখনো সিকিউরিটি মানি ঠিকাদারকে ফেরত দেয়া হয়নি সেগুলোর ত্রুটি বিচ্যুতি বের করে তা জরুরিভিত্তিতে মেরামত করিয়ে নিতে হবে। ৪.৩। পরিদর্শনকালে বাস্তবায়িত স্টেডিয়ামসমূহের রক্ষণাবেক্ষণের জন্য জনবলের অভাব পরিলক্ষিত হয়েছে। ভবিষ্যতে বাস্তবায়িত স্টেডিয়ামসমূহের রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত জনবলের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৪.৪। প্রকল্প শেষে যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করা হয়নি তা অতি দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। ৪.৫। ক্রয় প্যাকেজগুলো OTM এর মাধ্যমে বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে।
৫.	৫.১) এ পর্যন্ত প্রকল্পের কোন অডিট সম্পন্ন হয়নি। এ প্রসঙ্গে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাকে জিজ্ঞাসা করা হলে তিনি জানান প্রতি বছর জাতীয় ক্রীড়া পরিষদে এজি অফিসের অডিটর টিম এসে অডিট করে। এতে এজি অফিসের অডিটরগণ নিজেদের ইচ্ছামত প্রকল্প নির্ধারণ করে অডিটকার্য সম্পন্ন করেন। কিন্ত এ প্রকল্পটি তাদের তালিকায় না থাকায় অডিট সম্পন্ন হয়নি। তাছাড়া তিনি অডিট না হওয়ার কোন কারণ জানাতে সক্ষম হননি। ৫.২) প্রকল্পটি জুন, ২০১৯ সালে সমাপ্ত হলেও এর সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণ করা হয়েছে ৩১/০৫/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১১ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট প্রকৌশলীসহ কর্মকর্তাগণ থেকে পিসিআর বিলম্বে প্রেরণের কারণ জানতে চাইলে পিসিআর বিলম্বে প্রেরণের কোন যৌক্তিক কারণ জানাতে পারেননি। পরে তিনি জানান যে ঠিকাদারের নিকট থেকে সম্পাদিত কর্ম বুঝে নিতে কালক্ষেপণ এবং প্রশাসনিক জটিলতার কারণে সময়মত সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হয়নি। ৫.৩) প্রকল্পের আওতায় সিলেট জেলা স্টেডিয়াম উন্নয়ন-ভিআইপি গ্যালারী ৪র্থ তলা প্যাভিলিয়ন ভবন নির্মাণ, ভিআইপি দর্শকদের জন্য গ্যালারী সেড	৫.১) উদ্যোগী মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১১ মাস পরে আইএমই বিভাগে পিসিআর প্রেরণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্য বাধকতা রয়েছে। কিন্ত মন্ত্রণালয় ১১ মাস পর ৩১/০৫/২০২০ তারিখে PCR প্রেরণ করে যা একটি ব্যত্যয়। এ প্রেক্ষিতে মন্ত্রণালয়ের যৌক্তিকতা প্রয়োজন ; ৫.২) প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলন এবং প্রকৃত অর্জন প্রায় একই রকম-যার কারণ মন্ত্রণালয় হতে অবহিত হওয়া প্রয়োজন ; ৫.৩) প্রেরিত PCR এ বর্ণিত OBJECTIVE OF THE PROJECT ; Objective of the Project Development of Football, Swimming and Indoor Games at Sylhet District. Actual Achievement: Development of Football, Swimming and Indoor Games at Sylhet District। প্রকল্প বাস্তবায়নের ফলে সিলেট জেলার ফুটবল, সুইমিং এবং ইনডোর গেমস এর কী ধরনের উন্নয়ন হয়েছে সে বিষয়ে তথ্য প্রয়োজন ; ৫.৪) প্রকল্পের অর্থ ব্যয় সংক্রান্ত অডিট কার্যক্রমের কোন তথ্য পিসিআর এ নেই-যা দিতে হবে ; ৫.৫) এ প্রকল্পের কার্যক্রম ০৭.১২.২০১৮ তারিখে পরিদর্শন করে ২৪.০১.২০১৯ তারিখে প্রতিবেদন প্রেরণ করা হয়। প্রতিবেদনে কয়েকটি সুনির্দিষ্ট সুপারিশ ছিল।

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	নির্মাণ, ভিআইপি গ্যালারীতে চেয়ার ও আসবাবপত্র সরবরাহ, ভিআইপিদের উঠা নামার জন্য লিফট স্থাপন, ভিআইপি রুমে এসি সরবরাহ, বিদ্যমান গ্যালারীর নীচে পুরুষ ও মহিলাদের জন্য পাবলিক টয়লেট ব্লক নির্মাণ, গভীর নলকূপ স্থাপন, পানি সংরক্ষণের জন্য ট্যাংক ও মেইন গেইট ইত্যাদি সকল অঙ্গের কাজ প্রকল্প দলিল মোতাবেক সম্পন্ন হয়েছে। সম্পাদিত কাজ বাহ্যিকভাবে সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। ৫.৪) প্রকল্পের আওতায় আবুল মাল আবদুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স- খেলার মাঠ উন্নয়ন, বিদ্যমান সীমানা প্রাচীরের নিচে আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ, খেলার মাঠের চতুর্দিকে আরসিসি সারফেস ড্রেন নির্মাণ, সুইমিংপুল উন্নয়ন ও রংকরণ ইত্যাদি সকল অঙ্গের কাজ প্রকল্প দলিল মোতাবেক সম্পন্ন হয়েছে। সম্পাদিত কাজ বাহ্যিকভাবে ভাল মর্মে প্রতীয়মান হয়েছে। ৫.৫) প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে সিলেট জেলায় ফুটবল, সাতাঁরসহ ইনডোর খেলাধুলার মান উন্নয়নের লক্ষ্যে জেলা স্টেডিয়াম ও আবুল মাল আবদুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স এর অধিকতর উন্নয়ন। কোভিড-১৯ জনিত কারণে খেলার মাঠে এখন পর্যন্ত কোন খেলা অনুষ্ঠিত হয়নি। দীর্ঘদিন যাবত খেলার মাঠের কোন খেলাধুলা অনুষ্ঠিত না হওয়ার কারণে মাঠে ঘাস ও জঙ্গালে ভরে গেছে মর্মে পরিদর্শনকালে দেখা গেছে। অতিদ্রুত খেলার মাঠের ঘাস ও জঙ্গাল কেটে পরিস্কার ও পরিছন্ন করা প্রয়োজন এবং খেলাধুলার আয়োজন করা প্রয়োজন। ৫.৬) প্রকল্পের আওতায় সিলেট জেলা স্টেডিয়াম উন্নয়ন- অভ্যন্তরীণ বৈদ্যুতিক এবং ফ্লাড লাইট উন্নয়ন কাজ ইত্যাদি কাজ সঠিকভাবে সম্পন্ন হয়েছে। সম্পাদিত কাজ বাহ্যিকভাবে সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। ৫.৭) প্রকল্পের আওতায় আবুল মাল আবদুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স-সুইমিংপুল উন্নয়ন ও রংকরণ সম্পাদনকৃত কার্যক্রমে-ভবনের বিভিন্ন স্থানে এবং গাড়ী রাখার গ্যারেজে শেওলা, ধস ও রং নষ্ট হয়ে গিয়াছে মর্মে পরিদর্শনকালে দেখা গেছে। এক্ষেত্রে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ জনিত কারণে অনেকদিন ধরে সুইমিংপুল ব্যবহৃত না হওয়ার কারণে তা যথাযথভাবে পরিস্কার-পরিছন্ন করা হয়নি তবে পরিস্থিতি স্বাভাবিক হলে তা যথাযথভাবে পরিস্কার-পরিছন্ন করা হবে।	এ বিষয়ে কী ব্যবস্থা নেয়া হয়েছে তা আইএমই বিভাগকে কখনই জানানো হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয়ের বক্তব্য আইএমই বিভাগকে অবহিত করতে হবে ; ৫.৬) প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে এ প্রকল্পের সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে ; ৫.৭) সিলেট জেলা স্টেডিয়াম ও আবুল মাল আব্দুল মুহিত স্টেডিয়ামে Covid-19 এর কারণে খেলার মাঠে কোন খেলাধুলা অনুষ্ঠিত না হওয়ার কারণে খেলা মাঠে ঘাস ও জঙ্গালে ভরে গেছে। অতিদ্রুত ঘাস/জঙ্গাল কেটে খেলার মাঠ পরিস্কার ও পরিছন্ন করে খেলোয়াড়দের খেলাধুলার উপযোগী এবং খেলাধুলার আয়োজন করতে হবে ; ৫.৮) পিসিআর ১১ মাস বিলম্বে প্রেরণের কোন ব্যাখ্যা নেই, অদ্যাবধি অডিট সম্পন্ন না হওয়ার কোন ব্যাখ্যা নেই, পিসিআর এর প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন সুস্পষ্ট নয় এবং PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয় নাই ; ৫.৯) উপর্যুক্ত বিষয়ে ব্যাখ্যা চেয়ে ০৮/০৪/২০২১ এবং ১৬/০৯/২০২১ তারিখে পত্র দেয়ার পরও প্রতিবেদন/জবাব প্রেরণ না করার বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে ; ৫. ১০) ঠিকাদারের নিকট থেকে কাজ বুঝে নিতে কালক্ষেপন এবং প্রশাসনিক জটিলতার কারণে পিসিআর প্রেরণে বিলম্ব হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের স্পষ্ট মতামত প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল ; ৫.১১) কোভিড-১৯ জনিত কারণে অনেকদিন ধরে সুইমিংপুল ব্যবহৃত না হওয়ার কারণে তা যথাযথভাবে পরিস্কার-পরিছন্ন করা হয়নি তবে পরিস্থিতি স্বাভাবিক হলে তা যথাযথভাবে পরিস্কার-পরিছন্ন করা আবশ্যক।
৬.	৬.১) এ পর্যন্ত প্রকল্পের কোন অডিট সম্পন্ন হয়নি। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালককে জিজ্ঞাসা করা হলে তিনি জানান প্রতি বছর জাতীয় ক্রীড়া পরিষদে অডিট হয়।	৬.১) প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১৬ মাস পর তা প্রেরণ করা হয়। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	এতে অডিটরগণ নিজেদের ইচ্ছামত প্রকল্প নির্ধারণ করে অডিটকার্য সম্পন্ন করেন। এতে এ প্রকল্পটি তাদের তালিকায় না থাকায় অডিট সম্পন্ন হয়নি। তাছাড়া তিনি অডিট না হওয়ার কোন কারণ জানাতে সক্ষম হননি। ৬.২) প্রকল্পটি জুন, ২০১৯ সালে সমাপ্ত হলেও এর সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণ করা হয়েছে ০৬/১০/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী। এ বিষয়ে প্রাক্তন প্রকল্প পরিচালককে বিলম্বের কারণ জানতে চাইলে তিনি বিলম্বের কোন যৌক্তিক কারন জানাতে পারেননি। পরে তিনি জানান যে ঠিকাদারের নিকট থেকে সম্পাদিত কর্ম বুঝে নিতে কালক্ষেপণ হওয়ার জন্য সময়মত সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হয়নি। ৬.৩) সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্স পরিদর্শনে দেখা যায় প্রকল্পের আওতায় বিদ্যমান হোস্টেল ভবন (৫ম ও ৬ষ্ঠ তলা) উর্দ্ধমুখী সম্প্রসারণ, অটো টাইমিং এন্ড স্কোরিং ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন, লিফট স্থাপনসহ অন্যান্য সকল অঙ্গের কাজ প্রকল্প দলিল মোতাবেক সম্পন্ন হয়েছে। সম্পাদিত কাজ বাহ্যিকভাবে সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। ৬.৪) প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে সাঁতারুদের সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো উন্নয়ন। প্রকল্পের মাধ্যমে বিদ্যমান সুইমিং কমপ্লেক্স এর আপডেট করা হয়েছে তবে প্রকল্প সমাপ্ত হওয়ার পর থেকে এ পর্যন্ত কোন আন্তর্জাতিক বা আঞ্চলিক সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়নি। এর মধ্যে অবশ্য সাঁতারুরা অনুশীলন করার সুযোগ পেয়েছে; বাংলাদেশ সাঁতার ফেডারেশন এর আওতায় ট্যালেন্ট হান্ট প্রোগ্রামে ৬৪টি জেলা থেকে ৮৬০ জন সাঁতারু বাছাই করে ২য় পর্যায় প্রতিযোগিতার মাধ্যমে ১৬০ জন বাছাই করা হয় এবং ৩য় পর্যায়ে ১৬০ জন থেকে ৪ মাস প্রশিক্ষণের পর ৬০ জন সেরা সাঁতারুকে বাছাই করা হয়। এ কার্যক্রমে নির্মিত হোস্টেলসহ সুইমিং কমপ্লেক্স ব্যবহার করা হয়েছে। বর্তমানে কোভিড জনিত কারণে গত বছর মার্চ থেকে পুলটি ব্যবহার করা হচ্ছে না। পরিদর্শনকালে পুলটি পানিশূন্য অবস্থায় দেখা যায়। ৬.৫) প্রেসিডেন্ট/ভিআইপি বক্স পরিদর্শনকালে দেখা যায় এতে ৬টি ৩ টনের এসি স্থাপন করা হয়েছে। আরডিপিপি অনুযায়ী সেখানে ৪ টন বিশিষ্ট ৪টি এসি	প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হতে হবে ; ৬.২) প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে এ প্রকল্পের সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে ; ৬.৩) দীর্ঘদিন অব্যবহৃত থাকায় হোস্টেলের জন্য ক্রয়কৃত তোষক, বালিশ, কম্বল যাতে বিনষ্ট না হয় এবং জিমনিশিয়ামের উপকরণসমূহ যাতে ভাল থাকে এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে সচেষ্ট থাকতে হবে ; ৬.৪) পিসিআর ১বছর ৪ মাস বিলম্বে প্রেরণের কোন ব্যাখ্যা নেই, টাইম ওভার রান এবং কস্ট ওভার রান এর তথ্যাদি ভুলভাবে উপস্থাপন, অদ্যাবধি অডিট সম্পন্ন না হওয়ার কোন ব্যাখ্যা নেই পিসিআর এর উদ্দেশ্য এবং অর্জনে একই বক্তব্য এসেছে, এবং PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয় নাই ; ৬.৫) উপর্যুক্ত বিষয়ে ব্যাখ্যা চেয়ে ২৩/০৩/২০২১ এবং ০৬/০৬/২০২১ তারিখে পত্র দেয়ার পরও প্রতিবেদন/জবাব প্রেরণ না করার বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে ; ৬.৬) ঠিকাদারের নিকট থেকে কাজ বুঝে নিতে কালক্ষেপন হওয়ায় পিসিআর প্রেরণে বিলম্ব হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের স্পষ্ট মতামত প্রেরণের জন্য বলা হলো ।

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	স্থাপন করার কথা। এ বিষয়ে প্রাক্তন প্রকল্প পরিচালক জানান যে 8টি এসি'র মোট ক্ষমতা ৪X৪=১৬ টন। এক্ষেত্রে ৬X৩=১৮ টন ক্ষমতা সম্পন্ন এসি স্থাপন করা হয়েছে। প্রেসিডেন্ট বক্সের সর্বত্র এসি'র বাতাস যাতে ভালভাবে ছড়িয়ে যায় এ বিবেচনায় এরূপ সমন্বয় করা হয়েছে মর্মে জানান। ৬.৬) ভিআইপি বক্সের সোফা এবং দর্শক সারিতে থাকা চেয়ারগুলো যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন, যাতে দর্শকরা তাতে বসে স্বচ্ছন্দে সাঁতার প্রতিযোগিতা উপভোগ করতে পারে। গ্যালারিতে থাকা চেয়ার এবং বিভিন্ন জায়গায় ধুলা পড়া দেখা যায়। এক্ষেত্রে সংশ্লিষ্টরা জানান যে, কোভিড-১৯ জনিত কারণে অনেকদিন ধরে পুল ব্যবহৃত না হওয়ার তা যথাযথভাবে পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়নি তবে পরিস্থিতি স্বাভাবিক হলে তা যথাযথভাবে পরিস্কার-পরিচ্ছন্ন করা হবে।	
৭.	৭.১। প্রকল্পটি জুন, ২০১৯ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ০৪/১০/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় । প্রকল্প পরিচালক জানান, বিল ভাউচার ও অন্যান্য তথ্যসমূহ সংগ্রহ করতে বিলম্বের কারণে পিসিআর প্রেরণ করতে বিলম্ব হয়েছে যা নীতিমালার পরিপন্থী। ৭.২) প্রকল্পে "ঢাকাস্থ টেনিস কমপ্লেক্সের নাম "রমনা টেনিস কমপ্লেক্স" থাকলেও পরিদর্শনকালে দেখা যায় টেনিস কমপ্লেক্সের নাম "ন্যাশনাল টেনিস কমপ্লেক্স" এর ফলে প্রকল্পের আওতায় কমপ্লেক্সটি নির্মিত হয়েছে তা চিহ্নিত করতে অসুবিধা হবে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, প্রকল্প শুরুর পূর্বেই টেনিস কমপ্লেক্সের নাম "ন্যাশনাল টেনিস কমপ্লেক্স" ছিল বিধায় প্রকল্পের নাম অনুযায়ী লিখা হয়নি। ৭.৩) প্রকল্পের আওতায় রমনা টেনিস কমপ্লেক্সের ৮টি টেনিস কোর্ট ও ১টি প্র্যাকটিস কোর্টের রি-সার্ফেসিং কাজ, ড্রেনেজ নির্মাণ, মেইন গেইট নির্মাণ, মিডিয়া সেন্টার নির্মাণ এবং সাধারণ অফিস সম্প্রসারণ কাজ, নতুন গ্যালারী নির্মাণ এবং বিদ্যমান গ্যালারি, গ্যালারির নিচে হোস্টেল রুম সংস্কার কাজ, বিদ্যমান পুরাতন নষ্ট সীমানা প্রাচীর ভাঙ্গা এবং নতুন সীমানা প্রাচীর নির্মাণ সিসিটিভি সরবরাহ এবং স্থাপন কাজ, খেলোয়াড়দের ড্রেসিং রুমের জন্য ২ টন ক্ষমতা সম্পন্ন এসি সরবরাহ, বিদ্যমান টেনিস কমপ্লেক্স এর অভ্যন্তরীণ স্যানিটারি এবং বৈদ্যুতিক সংস্কার, মেরামতসহ রংকরণ কাজ, টেনিস কোর্টের জন্য ফ্লাড লাইট সরবরাহ ও স্থাপন কাজ, ফাইবার সেড রুফিংয়ের সাথে ভিআইপি গ্যালারী নির্মাণ,	৭.১) প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১(এক) বছর ৩(তিন) মাস পর পিসিআর প্রেরণ করা হয়। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে। ৭.২) প্রকল্পে "ঢাকাস্থ টেনিস কমপ্লেক্সের নাম ডিপিপি মোতাবেক "ন্যাশনাল টেনিস কমপ্লেক্স" এর পরিবর্তে "রমনা টেনিস কমপ্লেক্স" নামে সাইন বোর্ড ব্যবহার করতে হবে। ৭.৩) প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে ; ৭.৪) প্রকল্পের আওতায় এ যাবত কোন অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়নি। আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত কল্পে অডিট সম্পাদনের উদ্যোগ নিতে হবে। অডিট বিষয়ক অগ্রগতি আইএমইডিসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ; ৭.৫) প্রকল্প সমাপ্তির পর তিন মাসের মধ্যে পিসিআর প্রেরণ না করা, প্রকল্পের আর্থিক কার্যাবলীর অডিট না হওয়া, উদ্দেশ্যের বিপরীতে অর্জন সুস্পষ্ট না থাকা এবং পিসিআর এর অনুচ্ছেদ ৭ ও ৮ নং কলামে যথাক্রমে সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের মতামত প্রদান করা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখা প্রয়োজন ; ৭.৬) উপর্যুক্ত বিষয়ে ব্যাখ্যা চেয়ে ২৭/০৫/২০২১ তারিখে পত্র দেওয়ার পরও উত্তর প্রেরণ না করার বিষয়টিও মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে ।

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	জিমনেসিয়াম নির্মাণ এবং ডিজিটাল স্কোর বোর্ড এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহসহ সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ৭.৪) ঢাকাস্থ রমনা টেনিস কমপ্লেক্সে প্রকল্পের আওতায় বাস্তবায়িত টেনিস কোর্ট রি-সার্ফেসিং এবং রংকরণ কাজ, মিডিয়া সেন্টার নির্মাণ-মিডিয়া সেন্টারে দুইটি ড্রেসিং রুম, একটি টয়লেট ব্লক ও ২টি এসি স্থাপনের গুণগতমান সন্তোষজনক হয়েছে মর্মে প্রতিয়মান হয়। ড্রেনেজ সিস্টেম নির্মাণ, গ্যালারি নির্মাণ, মেইন গেইট নির্মাণ, টেনিস কোর্টের জন্য ফ্লাড লাইট সরবরাহ ও স্থাপন ইত্যাদি কাজসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয় এবং মোটামুটি ভাল হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা গিয়েছে। ৭.৬) প্রকল্পের আওতায় জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের বিদ্যমান ৪টি কোর্ট এর রি-সার্ফেসিং কাজ (৮টি কোর্ট), বিদ্যমান ৪টি কোর্টের ফ্লাড লাইট সংস্কার ও মেরামত কাজ, জিম সরঞ্জামাদি সরবরাহ এবং স্থাপন কাজ, মহিলা ও পুরুষ খেলোয়াড়দের জন্য ড্রেসিং রুমসহ টয়লেট নির্মাণ এবং সীমানা প্রাচীর নির্মাণসহ সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় সকল বাস্তবায়িত কাজসমূহ ভাল হয়েছে মর্মে জানানো হয়েছে।	
৮.	৮.১) প্রকল্পটি জুন, ২০১৯ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ৩০/০৯/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় । প্রকল্প পরিচালক জানান, ভূল বশতঃ পিসিআরটি পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করার কারণে পিসিআর প্রেরণ করতে বিলম্ব হয়েছে। ৮.২) প্রকল্পের আওতায় বিকেএসপি দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের বাস্তবায়িত একাডেমিক ভবন পরিদর্শন করা হয়। ভবনটি ৬ তলা ভিতে ৬ তলা পর্যন্ত সম্পন্ন করা হয়েছে। ভবনটিতে অধ্যক্ষের কক্ষ, শিক্ষকদের বিশ্রাম কক্ষ, অফিস কক্ষ, ছাত্র/ছাত্রী শ্রেণী কক্ষ, কম্পিউটার ল্যাব, লাইব্রেরী, স্টোর কক্ষ ও টয়লেট ব্লক নির্মাণ করা হয়েছে। প্রতিটি কক্ষে ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। আসবাপত্রের মধ্যে চেয়ার, টেবিল, বেঞ্চ, টুল, স্টিলের আলমিরা, বই, কম্পিউটার ইত্যাদি সরবরাহ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা গিয়াছে।	৮.১) প্রকল্পটি জুন, ২০১৯ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ৩০/০৯/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে ; ৮.২) প্রকল্পের আওতায় বাস্তবায়িত হোস্টল ভবনসহ অন্যান্য অবকাঠামো যথাযথভাবে সংরক্ষণপূর্বক সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে; ৮.৩) প্রকল্পের আওতায় ইক্যুইপমেন্ট এ্যান্ড এক্সেসরিজ, ফার্ণিচার, জিমনেশিয়াম ও খেলার সামগ্রী রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থা বিকেএসপিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ৮.৪) প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৩টি মাইক্রোবাস ও ৩টি পিকআপ যথানিয়মেTO&E ভুক্ত করতে হবে ; ৮.৫) প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে ও প্রকল্পের সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে ; ৮.৬) একই কার্যাদেশে বরিশাল, দিনাজপুর ও খুলনা

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	৮.৩) বিকেএসপির দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রশিক্ষণার্থীদের হোস্টেল উর্ধ্বমূখী সম্প্রসারণ, মাল্টি স্পোর্টস ইনডোর ভবন নির্মাণ, একাডেমিক ভবন নির্মাণ, প্যাভিলিয়ন ভবন নির্মাণ, রাস্তা নির্মাণ, গভীর নলকূপ স্থাপন, এ্যারিয়া লাইটিং স্থাপন, পিচসহ ফুটবল ও ক্রিকেট মাঠ উন্নয়ন, নির্মাণাধীন ভবনসমূহের আধুনিকিকরণ এবং মাল্টি স্পোর্টস ইনডোর সিনথেটিক ফ্লোর নির্মাণ ইত্যাদি সকল কার্যক্রমসমূহ সম্পন্ন করা হয়েছে। ভবিষ্যতে বাস্তবায়িত এসব কর্যক্রমের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে । ৮.৪) প্রকল্পের আওতায় বিকেএসপি'র বরিশাল ও খুলনা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করা হয়নি। তবে টেলিফোন করে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব মোঃ শাহাদাত হোসেন, উপপরিচালক, বরিশাল আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, মোবাইল নম্বর ০১৭১২২৫৫৯৬১ এবং জনাব মোঃ মতিউর রহমান, উপপরিচালক, খুলনা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, মোবাইল নম্বর ০১৭১২১৩২৮৬৫ এর মাধ্যমে প্রকল্প সংক্রান্ত বিষয়ে জানা যায় যে, অলোচ্য প্রকল্পের কার্যক্রমসমূহ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। যেমনঃ- মাইক্রোবাস, পিকআপ, ডিপটিউবওয়েলসহ ইক্যুইপমেন্ট এ্যান্ড এক্সেসরিজ, ফার্ণিচার, একাডেমিক ভবন নির্মাণ, প্যাভিলিয়ন ভবন নির্মাণ, জিমনেশিয়াম সিনথেটিক ফ্লোর স্থাপন, খেলার সামগ্রী ক্রয় এবং বিদ্যমান স্থাপনার আধুনিকায়ন খাতে কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে জানান। ভবিষ্যতে এ সকল বাস্তবায়িত কার্যক্রমসমূহ রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থাকে তদারকি অব্যাহত রাখতে হবে। ৮.৫) প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জনাব নকিবুল ইসলাম চৌধুরী (মোবাইল নং ০১৭১৭০৬১৮৯৫) জানান, প্রকল্পের আওতায় ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী বিকেএসপির ৩টি আঞ্চলকি প্রশিক্ষণ কেন্দ্রে (বরিশাল, দিনাজপুর ও খুলনা) পৃথক পৃথকভাবে পূর্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। যন্ত্রপাতি ও আসবাবপত্রের Inventory ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী সঠিকভাবে ক্রয় করা হয়েছে মর্মে জানানো হয়েছে।	কেন্দ্রের পূর্ত কাজ হয়েছে কিনা এবং যন্ত্রপাতি ও আসবাবপত্রের Inventory সঠিকভাবে ক্রয় করা হয়েছে কিনা এ বিষয়ে মতামত/উত্তর পাওয়া যায়নি। বিষয়টি মন্ত্রণালয় কর্তৃক খতিয়ে দেখা প্রয়োজন ; ৮.৭) বিবিধ খরচ, যানবাহন রক্ষণাবেক্ষণ এই দুই খাতের প্রাক্কলিত ব্যয় এবং প্রকৃত ব্যয় হুবহু একই রকমের। বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে; ৮.৮) ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থবছরের অডিট আপত্তির বিষয়ে অডিট অধিদপ্তর থেকে চূড়ান্ত প্রতিবেদন আসেনি বলে ১০/০৩/২০২১ তারিখে জানানো হয়েছে (কপি সংযুক্ত)। মন্ত্রণালয় কর্তৃক এই বিষয়টি ফলোআপ করে আইএমই বভিাগকে সর্বশেষ অবস্থা জানাতে হবে;

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
৯.	৯.১) ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং রেঞ্জ নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পটি ডিসেম্বর, ২০১৮ সালে সমাপ্ত হলেও এর সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণ করা হয়েছে ২৯/০৯/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ২০ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী। ৯.২) প্রকল্পের আওতায় নির্মিত ৫টি শ্যুটিং রেঞ্জের মধ্যে রংপুর ও পটুয়াখালী জেলার শ্যুটিং রেঞ্জ সরেজমিনে পরিদর্শন করা হয়। রংপুর জেলায় ২ তলা বিশিষ্ট শ্যুটিং রেঞ্জ ভবন, ১০ মি: শ্যুটিং রেঞ্জ রুম, বাফার ওয়াল নির্মাণ, ১০মি: শ্যুটিং রেঞ্জ এর টার্গেট ওয়াল ডেকোরেশন, সীমানা প্রাচীর এসকল ক্ষেত্রে আরডিপিপি অনুযায়ী অবকাঠামো নির্মাণ করা হয়েছে। আর তা ঠিকাদারি প্রতিষ্ঠান প্রকল্প পরিচালকের মাধ্যমে ৩০/১২/২০০১৮ তারিখে রংপুর রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করেন। ৯.৩) প্রকল্প দলিল মোতাবেক সকল অঙ্গের কাজ সম্পন্ন হলেও সার্বিক পর্যবেক্ষণে দেখা যায় পূর্ত কাজের মান কাঙ্খিত মানের প্রতীয়মান হয়নি। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো: ভবনে প্রবেশের মূল দরজার কাঠ বাকা হয়ে আছে; দরজার হ্যান্ডেল, বাথরুমের ছিটকিনি ভাল মানের দেয়া হয়নি; নিচতলার একটি বাথরুমের দেয়ালের পাইপ ফেটে যাওয়ায় দেয়ালের টাইলস বেয়ে দিয়ে পানি পড়ে; নিচতলায় দেয়ালের নিচের অংশে অনেক জায়গায় নোনা ধরে রং উঠে গিয়েছে; বাইরের দেয়ালের অনেক জায়গায় রং বিনষ্ট হয়ে গিয়েছে; ছাদের ঢাল ঠিকমত না করায় বৃষ্টির পানি জমে থাকে মর্মে স্থানীয় রাইফেলস ক্লাবের উপস্থিত গণ্যমান্য সদস্যগণ জানান; ১০ মিটার রেঞ্জের টার্গেট দেয়ালের কাঠের পার্টটি ফুলে যাওয়ায় খুলে ফেলা হয়েছে। এসকল বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি জানান যে এগুলো তাদের গোচরে আছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি গ্রুপ শ্যুটিং রেঞ্জটি পরিদর্শন করে এ সকল ত্রুটিবিচ্যুতি পেয়েছেন। রিটেনশন মানি এখনো ফেরত দেয়া হয়নি, এগুলো মেরামত করার পর তা ফেরত দেয়া হবে। উপস্থিত ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতিনিধি এ বিষয়ে জানান যে প্রকল্পের সাথে চুক্তি মোতাবেক সকল অঙ্গের কাজ যথারীতি সম্পাদন করে ৩০/১২/২০০১৮ তারিখে রংপুর রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করেন। প্রাপ্ত ত্রুটিসমূহ তারা মন্ত্রণালয়ের প্রদত্ত নির্দেশনা অনুযায়ী মেরামত/রিপ্লেস করবেন মর্মে জানান।	৯.১) প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ২০ মাস পর তা প্রেরণ করা হয়। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হতে হবে। ৯.২) ভবিষ্যতে অবকাঠামো নির্মাণ সম্পর্কিত প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এর প্রায়োগিক/ব্যবহারিক বিষয় ভবনের রক্ষণাবেক্ষেণের সামর্থ বিবেচনা করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় আনুষাঙ্গিক সরঞ্জামাদি প্রকল্পে অন্তর্ভুক্ত করতে হবে যাতে প্রকল্প সমাপ্তিতে তা ব্যবহার করা যেতে পারে। ৯.৩) অবকাঠামো নির্মাণের সময় দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী/প্রকল্প কর্মকর্তার দায়িত্ব সবচেয়ে গুরুত্বপূর্ণ। তাদের নিয়মিত মনিটরিং থাকলে অবকাঠামোর মান ভাল হয় এবং ত্রুটিবিচ্যুতির সম্ভাবনা কমে যায়। ভবিষ্যতে অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে সংশ্লিষ্টগণের মনিটরিং জোরদার করতে হবে। ৯.৪) প্রকল্প সমাপ্তিতে নির্মিত অবকাঠামোর ত্রুটিবিচ্যুতি সংশোধন করার সুযোগ থাকেনা। তদুপরি যেসকল অবকাঠামো নির্মাণের পর এখনো সিকিউরিটি/রিটেনশন মানি ঠিকাদারকে ফেরত দেয়া হয়নি সেগুলোর ত্রুটিবিচ্যুতি বের করে তা জরুরিভিত্তিতে মেরামত করিয়ে নিতে হবে। ৯.৫) বর্তমানে ব্যবহারিক প্রয়োগ না থাকা সত্ত্বেও সুদূর ভবিষ্যতের কথা ভেবে অতিরিক্ত অবকাঠামো নির্মাণ পরিহার করা প্রয়োজন। দীর্ঘদিন অব্যবহৃত থাকায় অবচিতি জনিত কারণে এসব অবকাঠামো প্রয়োজনের সময় ব্যবহার উপযোগী থাকে না, বিষয়টি বিবেচনায় রাখতে হবে। ৯.৬) অদ্যাবধি উক্ত প্রকল্পের অডিট সম্পন্ন না হওয়ার কোন ব্যাখ্যা নেই এবং PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয় নাই। ৯.৭) উপর্যুক্ত বিষয়ে ব্যাখ্যা চেয়ে ৩১/০৩/২০২১ এবং ০৬/০৬/২০২১ তারিখে পত্র দেয়ার পরও প্রতিবেদন/জবাব প্রেরণ না করার বিষয়টি মন্তণালয় খতিয়ে দেখতে পারে।

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	৯.৪) রংপুর শ্যুটিং রেঞ্জে প্রতিটি দু'টন ক্ষমতা সম্পন্ন দু'টি এয়ার কুলার বসানো হয়েছে। ১টি বসানো হয়েছে সভাকক্ষে অপরটি ১০ মিটার শ্যুটিং রেঞ্জে। দু'টি কক্ষই এয়ার কুলারের ক্যাপাসিটির চেয়ে অনেক বড়। এক্ষেত্রে ১০ মিটার শ্যুটিং রেঞ্জে দু'টি একসাথে বসালেও প্রয়োজনের তুলনায় অপ্রতুল হবে। উপস্থিত ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতিনিধি এ বিষয়ে জানান যে স্থানীয় চাপের প্রেক্ষিতে দু'টি এয়ার কুলার বসানো হয়েছে। সভাকক্ষে দু'টি এয়ার কুলার একসাথে বসালে কাজে লাগবে, তারা নির্দেশনা পেলে দ্বিতীয়টি সভাকক্ষে ইন্সটল করতে পারবেন মর্মে জানান। **৯.**৫) পটুয়াখালী জেলায় ২ তলা বিশিষ্ট শ্যুটিং রেঞ্জ ভবন, ২৫ মিটার শ্যুটিং রেঞ্জ টার্গেট রুম এবং বাফার ওয়াল নির্মাণ, ১০মিটার শ্যুটিং রেঞ্জ এর টার্গেট ওয়াল ডেকোরেশন, সীমানা প্রাচীর এবং মেইন গেট নির্মাণ এসকল ক্ষেত্রে আরডিপিপি অনুযায়ী অবকাঠামো নির্মাণ করা হয়েছে। আর তা ঠিকাদারি প্রতিষ্ঠান প্রকল্প পরিচালকের মাধ্যমে ৩০/১২/২০০১৮ তারিখে পটুয়াখালী রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করেন। ৯.৬) পটুয়াখালী জেলার শ্যুটিং রেঞ্জ এর অবকাঠামো বাহ্যিকভাবে ভাল মনে হলেও অনেক ক্ষেত্রে পূর্ত কাজ কাঙ্খিত মানের পরিলক্ষিত হয়নি। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: দরজার হ্যান্ডেল, বাথরুমের ছিটকিনি ভাল মানের দেয়া হয়নি; নিচতলায় দেয়ালের নিচের অংশে অনেক জায়গায় নোনা ধরে রং উঠে গিয়েছে। ৯.৭) পটুয়াখালী এবং রংপুর উভয় ক্ষেত্রে ২৫ মিটার রেঞ্জে শ্যুটার এর অবস্থান এবং টার্গেট এর মাঝে মাটি ভরাট করা প্রয়োজন। তাছাড়া এসব রেঞ্জে টার্গেট চেঞ্জার মেশিন সেট না করা হলে এটি অনুশীলনের জন্য উপযোগী হবে না। ৯.৮) এ প্রকল্পের আওতায় তৃণমূল পর্যায়ের শ্যুটার তৈরির লক্ষ্যে অবকাঠামো তৈরি করা হয়েছে। আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ/ক্রয় প্রকল্পের কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত ছিল না। জেলা পর্যায়ের শ্যুটিং ফেডারেশনের মাধ্যমে স্থানীয়ভাবে আনুষঙ্গিক সরঞ্জাম ও আসবাবপত্র সংগ্রহ করে শ্যুটিং অনুশীলন করা হবে ধরে নিয়ে প্রকল্প ডিজাইন করা হয়। বিভাগীয় শহর এবং দু'একটি জেলা ব্যতীত অধিকাংশ জেলা পর্যায়ের রাইফেলস ক্লাব/শ্যুটিং ফেডারেশনের আর্থিক অবস্থা তেমন উন্নত নয়। এর বিপরীতে একজন দক্ষ শ্যুটার তৈরির জন্য পর্যাপ্ত অনুশীলনের জন্য যে পরিমান গুলি, টার্গেট চেঞ্জার ইত্যাদি আনুষঙ্গিক সরঞ্জাম প্রয়োজন হয় তার জোগান দেয়া দুরূহ। শ্যুটিং রেঞ্জসমূহ রক্ষণাবেক্ষণ এবং অপারেশনাল ব্যয় মেটানোর জন্য জাতীয় ক্রীড়া	

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	পরিষদ থেকে কোন বরাদ্দ প্রদান করা হয়না। সাধারণত স্থানীয় ক্রীড়ানুরাগী এবং অবস্থাসম্পন্ন লোকজনের সহায়তা, জেলা প্রশাসকের স্থানীয় ফান্ড থেকে অনুদান, শ্যুটারদের কন্ট্রিবিউশন ইত্যাদির মাধ্যমে চালানো হয়। ৯.৯) প্রকল্পের আওতায় নির্মিত শ্যুটিং রেঞ্জসমূহ দু'বছরের বেশী সময় ধরে জেলা রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করা হলেও এখন পর্যন্ত তারা এসকল শ্যুটিং রেঞ্জে কোনরূপ অনুশীলন বা প্রতিযোগিতার আয়োজন করতে সক্ষম হননি। এমনকি গুলি, টার্গেট চেঞ্জার ইত্যাদি আনুষঙ্গিক সরঞ্জামের সংস্থান না হওয়ায় এগুলোকে এখনও ব্যবহার উপযোগী করতে পারেননি। রংপুর শ্যুটিং রেঞ্জ পরিদর্শনে দেখা যায় ৫০ মিটার রেঞ্জের টার্গেট এরিয়া নোংরা হয়ে পড়ে আছে। রুমের ভেতরে ছাগলসহ অন্যান্য প্রাণির বিষ্ঠা ছড়িয়ে ছিটিয়ে আছে। ৯.১০) শ্যুটিং রেঞ্জসহ প্রকল্পের আওতায় এরূপ অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে তা স্থানীয় পর্যায়ে পরিচালনা করার দক্ষতা এবং মেনটেইন করার সক্ষমতা বিবেচনা করা প্রয়োজন। ভবিষ্যতে কাজে লাগবে ভেবে অবকাঠামো নির্মাণ করা হলে অনেক ক্ষেত্রেই তা রক্ষণাবেক্ষণের অভাবে প্রয়োজনের সময় ব্যবহার উপযোগী থাকে না, প্রকল্প প্রণয়ন করার সময় বিষয়টি বিবেচনায় রাখা প্রয়োজন।	

উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ ১ম পর্যায় (১৩১টি) (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১. **প্রকল্পের অবস্থান** : ৭টি বিভাগ, ৫২টি জেলায় ১৩১টি উপজেলায় অবস্থিত।

২. **বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় ক্রীড়া পরিষদ।

৩. **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

৪. **প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (মোট জিওবি প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলন ব্যয়ের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়ন-কালের %)
মূল (মোট জিওবি প্রঃসাঃ)	সংশোধিত (মোট জিওবি প্রঃসাঃ)		মূল	সংশোধিত			
৫৫৬৪.০৭	৭৪১১.১১	৬৬৭৮.৬০	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ পর্যন্ত (২৪ মাস)	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত (৩৬ মাস)	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত (৩৬ মাস)	৩৩.২০%	৫০%

৫.০ <u>প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):</u>

(লক্ষ টাকায়)

SL.	Name of Components	Unit	As per Approved DPP		Progress	
			Quantity	Amount	Quantity / Physical %	Amount
1	2	3	4	5	6	7
1.	**Play Field development**					
	a) Site development	Cum	614277.05	1515.17	551123.57	1188.07
	b) Supplying lawn grass	upazila	131	39.30	121.00	34.73
	c) S/F/F of goal post	Each	262	41.92	244.00	41.20
	Sub-Total =			**1596.39**		**1264.00**
2.	**Mini Pavilion Building (36'-0"x23'-0")**					
	a) Foundation (1-storied)	Sqm	10087.00	716.81	9625.00	689.59

SL.	Name of Components	Unit	As per Approved DPP		Progress	
			Quantity	Amount	Quantity / Physical %	Amount
1	2	3	4	5	6	7
	b) Superstructure (Ground floor)	Sqm	10087.00	1791.99	9573.37	1704.42
	c) Internal sanitary works	Sqm	10087.00	308.41	9548.00	288.79
	d) Internal Electrical works	Sqm	10087.00	312.60	9548.00	288.19
	e) Furniture	upazila	131	78.13	124.00	74.06
	Sub-Total =			**3207.94**		**3045.04**
3.	Construction of /Green Gallery	Sqm	349.00	51.00	217.00	51.00
4.	Construction of RCC Banch	Each	131	200.72	4235.00	182.11
5.	Construction of Toilet Block for Man & Women	Each	131	1990.27	115.00	1845.41
6.	Palasiding work (Wooden Bulla & Drume shead)	Sqm	3874.74	96.71	4139.44	81.88
7.	Supply & Installation of 1H.P Sub-mersible Pump (125mmx50mm)	upazila	36	121.35	35.00	113.21
8.	Plantation work	upazila	131	39.30	0.00	0.60
	Total (1 to 8) =			**7303.68**		**6583.25**
9.	Hire charge of inspection vehicle	Month	27	33.43	92.34%	30.87
10.	Stationary, Computer & Photocopy accessories etc.	L.S		5.00	95.60%	4.78
11.	Tender preparation, advertisement bill & others items.	L.S		4.00	98.2%	3.93

SL.	Name of Components	Unit	As per Approved DPP		Progress	
			Quantity	Amount	Quantity / Physical %	Amount
1	2	3	4	5	6	7
12.	Honorarium (Various Committee Meeting and others entertainment).	L.S		17.00	100.00 %	17.00
13.	TA/DA	L.S		10.00	13.70%	1.37
14	Management Cost (Opening & Closing)	L.S		38.00	98.42%	37.40
15	Physical Contigency	%		0.00		
	Total (9 to 15) =			**107.43**		**95.35**
	Grand Total=			**7411.00**		**6678.60**

৬.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া প্রতিযোগিতার অনুশীলন ম্যাচ আয়োজন করা;

  লক্ষ্যমাত্রাঃ (১) উপজেলা পর্যায়ে ও আঞ্চলিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার অনুশীলন ম্যাচ আয়োজন করা; (২) তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কাজের জন্য ক্রীড়া অবকাঠামো নির্মাণ।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

বর্তমানে বাংলাদেশের প্রত্যেক জেলায় স্টেডিয়াম রয়েছে। জেলা পর্যায়ে এ সকল স্টেডিয়ামে নিয়মিত বিভিন্ন টুর্ণামেন্টের আয়োজনসহ খেলাধুলা অনুষ্ঠিত হয়ে থাকে। দেশের জনসাধারণের বড় একটি অংশ গ্রামে বসবাস করে। দেশের কয়েকটি উপজেলা বাদে অধিকাংশ উপজেলায় ভাল খেলার মাঠ কিংবা উপজেলা পর্যায়ে স্টেডিয়াম না থাকায় গ্রামের ছেলে-মেয়েরা নিয়মিত খেলাধুলায় অংশ গ্রহণ করতে পারে না। ফলে বিভিন্ন ধরনের অপরাধমূলক কাজে জড়িয়ে পড়ার সম্ভাবনা থাকে। বর্তমান সরকার যুব সমাজের উন্নয়নকল্পে একটি করে খেলার মাঠ উন্নয়নের নিমিত্ত ৫৫৬৪.০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গৃহীত হয়। পরবর্তীতে ১ম সংশোধনের জন্য ৭৪১১.১১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

- যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের "উপজেলা পর্যায়ে স্টেডিয়ামের প্রাথমিক অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ০৭/০৪/২০১৫ তারিখে একনেক কর্তৃক শর্তসাপেক্ষে অনুমোদিত হয়। একনেক প্রদত্ত শর্ত অনুসারে ডিপিপি পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত "উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ-১ম পর্যায় (১৩১টি)" শীর্ষক প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৮/০৭/২০১৬ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কিলত ব্যয় ৫৫৬৪.০৭ লক্ষ টাকা। পরবর্তীতে ১ম সংশোধনের জন্য প্রকল্পটি গত ০৮/০৮/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন এবং গত

৩০/০৬/২০১৯ তারিখে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াম ট্রাস্টের ১৮/০৪/২০১৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে দেশব্যাপী প্রতি উপজেলায় নির্মিয়মান স্টেডিয়ামের নাম "শেখ রাসেল মিনি স্টেডিয়াম" নামকরণ করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ঃ

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হল।

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)
(ক)	খেলার মাঠ উন্নয়ন	১৩১টি উপজেলা	১৫৯৫.৩৯
(খ)	Mini Pavilion Building	১৩১টি উপজেলা	৩২০৭.৯৪
(গ)	বসার জন্য আরসিসি বেঞ্চ নির্মাণ এবং	১৩১টি উপজেলা	২০০.৭২
(ঘ)	টয়লেট ব্লক নির্মাণ (পুরুষ ও মহিলা)	১৩১টি উপেজলা	১৯৯০.২৭
(ঙ)	Construction of Green Gallery	৩৪৯.০০ বঃমিঃ	৫১.০০

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
(১)	জনাব গৌতম চন্দ্র পাল, উপসচিব	অতিরিক্ত দায়িত্ব	০১-০৮-২০১৬ হতে ১৪-০২-২০১৭ পর্যন্ত।
(২)	জনাব নারায়ণ চন্দ্র দেবনাথ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	অতিরিক্ত দায়িত্ব	১৫-০২-২০১৭ হতে ০৩-০৭-২০১৭ পর্যন্ত।
(৩)	জনাব হাসান আহমেদ সরোয়ার, উপসচিব	নিয়মিত দায়িত্ব	০৪-০৭-২০১৭ হতে ৩০-০৬-২০১৬ পর্যন্ত।
(৪)	জনাব মোঃ আওলাদ হোসেন, উপ-প্রকল্প পরিচালক।	নিয়মিত দায়িত্ব	১৭-১০-২০১৫ হতে ৩০-০৬-২০১৯ পর্যন্ত।

৬.৬ মূল্যায়ন পদ্ধতি (Methodology):

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি Methodology) অনুসরণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, মনটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা ;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা ;

(গ) Project Implementation Committee (PIC), Project Steering Committee (PSC)সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা ;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৭.০ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

৭.১। বার্ষিক আর্থিক অগ্রগতি :

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য		মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৬-২০১৭	১৯১০.০০	১৯১০.০০	-	১৯০৯.৫০	১৯০৯.৫০	১৯০৯.৫০	-	২৬%
২০১৭-২০১৮	২০০০.০০	২০০০.০০	-	২০০০.০০	২০০০.০০	২০০০.০০	-	২৭%

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য		মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৮-২০১৯	৩৫০১.০০	৩৫০১.০০	-	৩৩০৯.৯৯	২৭৬৯.১০	২৭৬৯.১০	-	৪২.৪৫%
মোট-	**৭৪১১.০০**	**৭৪১১.০০**	**-**	**৭২১০.৪৯**	**৬৬৭৮.৬০**	**৬৬৭৮.৬০**	**-**	**৯৫.৪৫%**

- অনুমোদিত আরডিপিপি এবং পিসিআর অনুযায়ী।

৭.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

সর্বশেষ আরডিপিপি এবং পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৭৪১১.০০ লক্ষ টাকা এবং টাকা অবমুক্ত ছিল ৭২১০.৪৯ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ৬৬৭৮.৬০ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি প্রায় ৯২.৬২% এবং বাস্তব অগ্রগতি ৯৫.৪৫%। অব্যয়িত রয়েছে ৫৩১.৮৯ লক্ষ টাকা এবং ব্যাংক সুদ ৯৮.৫৩ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে (চালানের কপি পিসিআর এ সংযুক্ত করা হয়েছে)। প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। প্রকল্পটির প্রধান প্রধান অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলো:

(লক্ষ টাকায়)

SL.	Name of Components	Unit	As per Approved DPP		Progress	
			Quantity	Amount	Quantity / Physical %	Amount
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
1.	**Play Field development**					
	a) Site development	Cum	614277.05	1515.17	551123.57	1188.07
	b) Supplying lawn grass	upazila	131	39.30	121.00	34.73
	c) S/F/F of goal post	Each	262	41.92	244.00	41.20
	Sub-Total =			**1596.39**		**1264.00**
2.	**Mini Pavilion Building (36'-0"x23'-0")**					
	a) Foundation (1-storied)	Sqm	10087.00	716.81	9625.00	689.59
	b) Superstructure (Ground floor)	Sqm	10087.00	1791.99	9573.37	1704.42
	c) Internal sanitary works	Sqm	10087.00	308.41	9548.00	288.79
	d) Internal Electrical works	Sqm	10087.00	312.60	9548.00	288.19
	e) Furniture	upazila	131	78.13	124.00	74.06
	Sub-Total =			**3207.94**		**3045.04**

SL.	Name of Components	Unit	As per Approved DPP		Progress	
			Quantity	Amount	Quantity / Physical %	Amount
1	2	3	4	5	6	7
3.	Construction of /Green Gallery	Sqm	349.00	51.00	217.00	51.00
4.	Construction of RCC Banch	Each	131	200.72	4235.00	182.11
5.	Construction of Toilet Block for Man & Women	Each	131	1990.27	115.00	1845.41
6.	Palasiding work (Wooden Bulla & Drume shead)	Sqm	3874.74	96.71	4139.44	81.88
7.	Supply & Installation of 1H.P Sub-mersible Pump (125mmx50mm)	upazila	36	121.35	35.00	113.21
8.	Plantation work	upazila	131	39.30	0.00	0.60
	Total (1 to 8) =			**7303.68**		**6583.25**
9.	Hire charge of inspection vehicle	Month	27	33.43	92.34%	30.87
10.	Stationary, Computer & Photocopy accessories etc.	L.S		5.00	95.60%	4.78
11.	Tender preparation, advertisement bill & others items.	L.S		4.00	98.2%	3.93
12.	Honorarium (Various Committee Meeting and others entertainment).	L.S		17.00	100.00%	17.00
13.	TA/DA	L.S		10.00	13.70%	1.37
14	Management Cost (Opening & Closing)	L.S		38.00	98.42%	37.40
15	Physical Contigency	%		0.00		
	Total (9 to 15) =			**107.43**		**95.35**
	Grant Total=			**7411.00**	**99.45%**	**6678.60 (৯০.১২ %)**

৮.০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

Objective as per DPP	Actual achievement	Reasons for shortfall, if any
To create Sports infrastructure facilities at the	To create Sports infrastructure facilities	Site crices/shortfall is taken 6 upzilla

Objective as per DPP	Actual achievement	Reasons for shortfall, if any
grass roots level 131 upzila.	at the grass roots level 125 upazila.	place.

৯.০। **প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবঃ**. **Direct:** It will have a direct impact to raise the standard of Upazila sports. **Indirect:** Sports personnel have improved their efficiency, spectators enjoyed a lot and it upheld the national image in country and in abroad.

১০.০। **মনিটরিং :** প্রকল্পটি নিম্নবর্নিত টেবিল মোতাবেক বিভিন্ন কর্মকর্তা পরিদর্শন করেছেন:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	দপ্তর	পরিদর্শনের তারিখ	পরিদর্শন এলাকা
১	২	৩	৪	৫
১	জনাব পলি কর, সহকারী পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	১৫/১১/২০১৭	কুমিল্লা জেলার চান্দিনা শেখ রাসেল উপজেলা মিনি স্টেডিয়াম অংশ।
২	জনাব মোঃ মুজিব-উল ফেরদৌস, পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২০/০৮/২০১৮	শেরপুর জেলার নলিতাবাড়ী ও ঝিনাইগাতি শেখ রাসেল উপজেলা মিনি স্টেডিয়াম অংশ।

সর্বশেষ জনাব মোঃ মুজিব-উল-ফেরদৌস, পরিচালক, প্রকল্পটি পরিদর্শন করেন। তাছাড়া, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক বাস্তবায়ন কমিটি (পিআইসি), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্প কার্যালয় ও মাঠ পর্যায়ে পরিদর্শন করা হয়েছে।

১১.০। কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণঃ

অবকাঠামোগত সকল কাজ সম্পন্ন হলেও প্রকল্পের আওতায় ১৩১টি শেখ রাসেল মিনি স্টেডিয়ামের মধ্যে সাইটের নানাবিধ জটিলতার কারণে (জমি পাওয়া যায়নি) ৬টি উপজেলায় (যথাঃ রংপুর জেলার পীরগঞ্জ, পটুয়াখালী জেলার দশমিনা, ফেণী জেলার সোনাগাজী, শরীয়তপুর জেলার ভেদেরগঞ্জ ও গোসাইরহাট উপজেলা) শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা সম্ভব হয়নি। এছাড়া গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা শেখ রাসেন মিনি স্টেডিয়ামের প্যাভিলিয়ন ভবন ও পুরুষ ও মহিলাদের জন্য টয়লেট ব্লক নির্মাণ করা হয়েছে, তবে বন বিভাগের জমি দখলের কারণে খেলার মাঠের জায়গা এখনও পাওয়া যায়নি মর্মে জানা যায়।

১২.০। অডিট সম্পর্কিত তথ্য :

- ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে গ্রামীণ যুবদের কর্মসংস্থানের সুযোগ বিস্তার;
- বায়োগ্যাস প্লান্টে পচনশীল বর্জ্যের যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রকল্প এলাকায় পয়ঃনিষ্কাশন ও স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন এবং দুষণমুক্ত পরিবেশ সৃষ্টিতে সহায়তা;

- রান্নার জন্য জ্বালানী কাঠের ব্যবহার কমিয়ে আনা এবং বন উজাড় রোধ করে দেশের ইকো সিস্টেমের উন্নয়ন;
- খামারে বায়োগ্যাস পদ্ধতি প্রবর্তনের সুবিধা সম্পর্কে ডেইরী ও পোল্ট্রি খামারী, স্থানীয় নেতা ও যুবনেতাদের সচেতন করা;
- জৈব বর্জ্যের চক্রায়নের মাধ্যমে কৃষি জমিতে ব্যবহারের জন্য মাইক্রো নিউট্রিয়েন্ট সমৃদ্ধ জৈব সার উৎপাদন; এবং
- গ্রামীণ মহিলাদের জন্য ধোঁয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ সৃষ্টি করা, যাতে তারা এ অতিরিক্ত সময় অন্যান্য উন্নয়ন কর্মকান্ডে ব্যয় করতে পারে।

৭.০ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- বায়োগ্যাস প্লান্ট স্থাপন (৩১০০০টি);
- প্লান্ট স্থাপনের জন্য ভর্তুকি প্রদান (প্রতি জনে ৫০০০.০০ টাকা করে ৩১০০০ জনকে);
- আবর্তক ঋণ সহায়তা প্রদান (১ম পর্যায় হতে স্থানান্তরিত ফান্ডসহ ২০৯৭.৩৪ লক্ষ টাকা);
- প্রশিক্ষণ প্রদান (১,২৩৬টি, ২৯৩০০ জন, ১৪৭.৬৩ লক্ষ টাকা);
- যন্ত্রপাতি (৬৫টি), কম্পিউটার (৭১টি) ও আসবাবপত্র ক্রয় (৬৯৩টি);
- মটর সাইকেল ক্রয় (৬৬টি) ইত্যাদি।

৮.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
	(ক) রাজস্ব ব্যয়ঃ					
১	কর্মকর্তাদের বেতন	জন	১২৭	৭৩৮.২৯	১০৯	৭১৩.৬৪
২	কর্মচারীদের বেতন	জন	২৫১	৮৪১.৩৪	২০৮	৮০১.৫১
৩	ভাতাদি	জন	৩৭৮	১২৪৫.৯৬	৩১৭	১২১২.৯৩
৪	ভ্রমণ ব্যয়	জন	৪৪২	১৯৬.০০	৩৮৩	১৯৪.৯৬
৫	অফিস ভাড়া	সংখ্যা	৬৬	২৬.০৩	৬৬	২৪.৪২
৬	ডাক	সংখ্যা	৬৭	২.৫২	৬৭	২.৫২
৭	টেলিফোন	সংখ্যা	৩	২.৪৩	৩	২.১৩
৮	বিদ্যুৎ	সংখ্যা	৬৬	৩.৬২	৬৬	২.৩৫
৯	পেট্রোল ও লুব্রিকেন্ট	সংখ্যা	৬৬	৭৬.২৮	৬৬	৭৬.২৩
১০	মুদ্রণ	থোক	-	৪.৯৫	-	৪.৯৪
১১	স্টেশনারি	সংখ্যা	৬৭	৯৩.৩৩	৬৭	৯৩.৩২
১২	বই ও সাময়িকী	থোক	-	০.৭৯	-	০.৭৯

ক্রমিক নং	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
১৩	শর্ট ফিল্ম	সংখ্যা	১	২.৯৯	১	২.৯৯
১৪	বিজ্ঞাপন	থোক	-	৮.৫০	-	৮.৩৬
১৫	প্রশিক্ষণ ব্যয়	জন	৩১৭৫৫	১৬০.৮৩	৩১৭৫৫	১৬০.৮০
১৬	স্টাডি ট্যুর/বৈদেশিক প্রশিক্ষণ	সংখ্যা	১	২০.০০	১	২০.০০
১৭	কর্মশালা	সংখ্যা	১	৩.০০	১	৩.০০
১৮	আউটসোসিং	সংখ্যা	১	২.৬২	১	২.৬২
১৯	সম্মানি	থোক	-	২২.০০	-	২২.০০
২০	মূল্যায়ন	সংখ্যা	১	৩.০০	১	২.৬৩
২১	ভাড়ায় গাড়ি	সংখ্যা	১	৪৮.৮০	১	৪৮.৮০
২২	বিবিধ	থোক	-	১০০.১৮	-	১০০.১৮
২৩	মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	-	১৬.৪৪	-	১৬.৩১
২৪	সাব-সিডি	সংখ্যা	৩১০০০	১৫৪৯.৪৫	৩১০০০	১৫৪৮.৮৫
	উপ-মোট (রাজস্ব):			**৫১৬৯.৩৫**		**৫০৬৬.২৮**
	(ক) মূলধন ব্যয়ঃ					
২৫	মটর সাইকেল ক্রয়	সংখ্যা	৬৬	১০৩.০০	৬৬	১০২.৬০
২৬	যন্ত্রপাতি ক্রয় (ফ্যান-৬২, এসি-২, ফটোকপিয়ার-১)	সংখ্যা	৬৫	৭.৭৯	৬৫	৭.৭৯
২৭	কম্পিউটার সামগ্রী ক্রয়	সংখ্যা	৭১	৪৯.৭২	৭১	৪৯.৭২
২৮	আসবাবপত্র ক্রয়	সংখ্যা	৬৯৩	৪৮.১৮	৬৯৩	৪৮.১৮
২৯	আবর্তক ঋণ তহবিল	থোক	-	১০০০.০০	-	১০০০.০০
৩০	আবর্তক ঋণ তহবিল (১ম পর্যায় থেকে স্থানান্তরিত)	থোক	-	১০৯৭.৩৪	-	১০৯৭.৩৪
	উপ-মোট (মূলধন):			**২৩০৬.০৩**		**২৩০৫.৬৩**
	মোট ব্যয় (রাজস্ব ও মূলধন):			**৭৪৭৫.৩৮**		**৭৩৭১.৯১**

৯.০ **<u>কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ</u>** বর্ণিত প্রকল্পের আওতায় অনুমোদিত আরডিপিপি অনুযায়ী সকল অংগের কাজ বাস্তবায়ন করা হয়েছে।

১০.০ **<u>প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ</u>** আলোচ্য প্রকল্পটি ৩৭৯৪.৮৬ লক্ষ টাকা ব্যয়ে ২৬.০১.২০১৪ তারিখের একনেক সভায় জানুয়ারি ২০১৪ থেকে জুন ২০১৮ পর্যন্ত বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

<u>১ম সংশোধনঃ</u> প্রকল্প চলমানকালে নতুন কিছু অঙ্গ অন্তর্ভুক্ত এবং প্রকল্প এলাকা ৬২টি উপজেলার পরিবর্তে ৬৬টি উপজেলায় সম্প্রসারণ করে ১মবার সংশোধন করা হয়। ১ম সংশোধনী ৬২১৯.১২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৪ থেকে জুন ২০১৮ মেয়াদে ০১.১২.২০১৫ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়।

<u>আন্তঃখাত সমন্বয়ঃ</u> ১ম সংশোধিত ডিপিপি'র মোট প্রাক্কলিত ব্যয় ও মেয়াদকাল অপরিবর্তিত রেখে কয়েকটি অঙ্গের ব্যয় সমন্বয় করে ১৪.০৩.২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক আন্তঃখাত সমন্বয় অনুমোদিত হয়।

<u>২য় সংশোধনঃ</u> প্রকল্পের কয়েকটি নতুন অঙ্গ অন্তর্ভুক্ত এবং কয়েকটি অঙ্গের ব্যয় হ্রাস/বৃদ্ধি করে ২য়বার সংশোধন করা হয়। ০১.০৮.২০১৮ তারিখে ৭৪৭৫.৩৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের ২য় সংশোধনী মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১১.০ **<u>বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ</u>**

<u>(লক্ষ টাকায়)</u>

আর্থিক বছর	এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ	(টাকা)	মোট	টাকা	প্রঃসাঃ
২০১৩-১৪	৫৭.২৬	৫৭.২৬	-	৫৭.২৬	৫০.৬৬	৫০.৬৬	-
২০১৪-১৫	৭৪২.০০	৭৪২.০০	-	৭৪২.০০	৩৩৮.১৫	৩৩৮.১৫	-
২০১৫-১৬	১৩৪৮.০০	১৩৪৮.০০	-	১৩৪৮.০০	১৩৪১.৬৯	১৩৪১.৬৯	-
২০১৬-১৭	১৭১০.০০	১৭১০.০০	-	১৭১০.০০	১৬৭৭.০২	১৬৭৭.০২	-
২০১৭-১৮	১৫০৬.০০	১৫০৬.০০	-	১৫০৬.০০	১৪৫২.১৪	১৪৫২.১৪	-
২০১৮-১৯	১৪৫০.০০	১৪৫০.০০	-	১৪৫০.০০	১৪১৪.৯১	১৪১৪.৯১	-
মোটঃ	**৬৮১৩.২৬**	**৬৮১৩.২৬**	**-**	**৬৮১৩.২৬**	**৬২৭৪.৫৭**	**৬২৭৪.৫৭**	**-**

বি: দ্র: প্রকল্পের মোট ব্যয় ৭৩৭৪.৯১ লক্ষ টাকা (এডিপি বরাদ্দ থেকে ৬২৭৪.৫৭ লক্ষ টাকা+ প্রকল্পের ১ম পর্যায় হতে স্থানান্তরিত ১০৯৭.৩৪ লক্ষ টাকা)।

১২.০ **<u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ</u>**

ক্রঃনং	প্রকল্প পরিচালকের নাম	যোগদানের তারিখ	দায়িত্বের শেষ তারিখ
০১	জনাব মোঃ আঃ হামিদ খান, উপ-পরিচালক	১৮.০৫.২০১৮	৩০.০৬.২০১৯

১৩.০ <u>প্রকল্পের প্রধান প্রধান অংগের বিশ্লেষণঃ</u>

১৩.১ **<u>সাব-সিডিঃ</u>** প্রকল্পের আওতায় দেশের ৬১টি জেলার ৬৬টি উপজেলায় ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও ৩১০০০টি গবাদি পশুর খামার ও লেয়ার মুরগির খামার সম্প্রসারণের জন্য ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদান করা হয়। এ বাবদ ১৫৪৮.৮৫ লক্ষ টাকা ব্যয় হয়। প্রতিটি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য এককালীন অফেরতযোগ্য ৫০০০/- টাকা সাব-সিডি প্রদান করা হয়।

১৩.২ **<u>প্রশিক্ষণ ব্যয়ঃ</u>** প্রকল্প এলাকার মোট ২৯৩০০ জনকে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়। ১৯৮০ জন রাজমিস্ত্রিকে বায়োগ্যাস প্লান্ট স্থাপন প্রযুক্তি বিষয়ক হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ খাতে ১৬০.৮০ লক্ষ টাকা ব্যয় হয়।

১৩.৩ **<u>যন্ত্রপাতি ক্রয়ঃ</u>** মটর সাইকেল ৬৬টি, আসবাবপত্র- ৬৯৩টি (টেবিল- ১২৪টি, চেয়ার- ২৪৮টি, আলমিরা- ৬২টি, কম্পিউটার চেয়ার-টেবিল- ৬৯টি), সিলিং ফ্যান- ৬৬টি, কম্পিউটার- ৭১টি (ডেস্কটপ- ৭০টি, ল্যাপটপ- ১টি, ফটোকপিয়ার- ১টি, এসি- ২টি ক্রয় করা হয়।

১৩.৪ **<u>ঋণ বিতরণঃ</u>** প্রকল্পের আওতায় খামারী/উদ্যোক্তাদের মাঝে ২০৯৭.৩৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়।

১৩.৫ প্রকল্প সংশ্লিষ্ট ৮ জন কর্মকর্তার ৭ দিনের স্ট্যাডি ট্যুর (চীন) প্রদান করা হয় এবং এ খাতে ২০.০০ লক্ষ টাকা ব্যয় হয়। প্রকল্প ব্যবস্থাপনা ও বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ে মোট ৪৪১ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

১৪.০ <u>প্রকল্প পরিদর্শনঃ</u>

আইএমইডি'র পরিচালক জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক ০৩/১২/২০১৯ তারিখে জামালপুর জেলার মেলান্দহ উপজেলায় এবং ০৪/১২/২০১৯ তারিখে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় ও গাজীপুর সদর উপজেলায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক, সহকারী পরিচালক, উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার, উপজেলা বায়োগ্যাস উপ-সহকারী প্রকৌশলী ও কমিউনিটি সুপারভাইজারগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্য নিম্নরূপঃ

১৪.১ জামালপুর জেলার মেলান্দহ উপজেলায় প্রকল্পের আওতায় ৫৫৬টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়। এ উপজেলায় ১৭টি ব্যাচে মোট ৪২৫ জন খামারী/কৃষককে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়। মোট ৬৭টি পরিবারের মধ্যে ৩২,১২,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। স্থাপিত বায়োগ্যাস প্লান্টের মধ্য থেকে ৮টি বায়োগ্যাস প্লান্ট পরিদর্শন করা হয়। তন্মধ্যে মেম্বারবাড়ী এলাকার মোতালেব ডেইরি ফার্ম লি:-এর সকল গরু মারা যাওয়ার প্রেক্ষাপটে ফার্মসহ প্লান্টটি বন্ধ পাওয়া যায়। অন্য ৭টি বায়োগ্যাস প্লান্টকে সচল অবস্থায় পাওয়া যায় এবং সংশ্লিষ্টরা ঋণের নিয়মিত কিস্তির টাকাও পরিশোধ করছেন মর্মে জানা যায়।

১৪.২ শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় প্রকল্পের আওতায় ৩৫৪টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়। ৩৭৫ জন খামারী/কৃষককে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়। মোট ৭০টি পরিবারের মধ্যে ৪২,৫৫,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। স্থাপিত বায়োগ্যাস প্লান্টের মধ্য থেকে ৪টি বায়োগ্যাস প্লান্ট পরিদর্শন করা হয়। সবগুলোই সচল অবস্থায় পাওয়া যায়। তন্মধ্যে আব্দুস সাত্তার, পিতা- শামছুল হক, গড়কান্দা কোন ঋণ গ্রহণ করেননি। অন্যরা ঋণ নিয়েছিলেন এবং নিয়মিত কিস্তি পরিশোধ করছেন।

১৪.৩ গাজীপুর সদর উপজেলায় প্রকল্পের আওতায় ৩৭৬টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়। ৪৭৫ জন খামারী/কৃষককে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়। মোট ৯৪টি পরিবারের মধ্যে ৪৪,৬৫,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। স্থাপিত বায়োগ্যাস প্লান্টের মধ্যে ৪টি বায়োগ্যাস প্লান্ট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্লান্ট ৪টি সচল অবস্থায় পাওয়া যায়।

১৪.৪ পরিদর্শনকৃত ৩টি জেলায় প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি নিম্নরূপঃ

কার্যক্রমের নাম	মেলান্দহ, জামালপুর	গাজীপুর সদর	নালিতাবাড়ী, শেরপুর
বরাদ্দকৃত ঋণ তহবিলের পরিমাণ	৩৪,১৭,২৮৫/-	৩০,১৯,০০২/-	৪২,৫৫,০০০/-
মোট বায়োগ্যাস প্লান্টের সংখ্যা	৫৫৬ টি	৩৭৬ টি	৩৫৪টি

কার্যক্রমের নাম	মেলান্দহ, জামালপুর	গাজীপুর সদর	নালিতাবাড়ী, শেরপুর
ভর্তুকী প্রদানের পরিমাণ	২৭,৮০,০০০/-	১৮,৮০,০০০/-	১৭,৭০,০০০/-
মোট ঋণ গ্রহীতার সংখ্যা	৬৭ জন	৯৪ জন	৭০ জন
ঋণ বিতরণের পরিমাণ	৩২,১২,০০০/-	৪৪,৬৫,০০০/-	৪২,৫৫,০০০/-
মাঠে বকেয়া ঋণের পরিমাণ	৮,৯০,৪০৯/-	১২,৫৩,৬৯৫/-	২৩,১৭,১৯৫/-
ঋণ আদায়ের পরিমাণ	২২,১২,২০৯/-	৩২,১২,৮৭৬/-	১৯,৩৮,৪০৫/-
ঋণ আদায়ের হার	৮৯%	৯৪%	৮০%
মোট প্রশিক্ষণ ব্যাচের সংখ্যা	১৭টি	১৯টি	১৫টি
মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা	৪২৫ জন	৪৭৫ জন	৩৭৫ জন
উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার	১ জন	১ জন	১ জন
উপজেলা বায়োগ্যাস উপ-সহকারী প্রকৌশলী	১ জন	১ জন	১ জন
কমিউনিটি সুপারভাইজার	২ জন	২ জন	২ জন
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১ জন	১ জন	১ জন

১৪.৫ বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ফলে খামারীদের পারিবারিক রান্না করা সহজ হয়েছে, রান্নার কাজে জ্বালানী ব্যয় কমেছে। গ্রামীণ মহিলাদের জন্য ধোঁয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ সৃষ্টি করা সম্ভব হয়েছে। কিছু কিছু খামারে বৃহৎ আকারের প্লান্ট স্থাপন করার ফলে নিজস্ব চাহিদা পূরণ করে বাণিজ্যিকভাবেও গ্যাস সরবরাহ করা হচ্ছে।

১৪.৬ প্রকল্পের নিয়োজিত উপ-সহকারী প্রকৌশলীগণ বায়োগ্যাস প্লান্ট নির্মাণের ব্যয় প্রাক্কলন করেছে। টেকসই বায়োগ্যাস প্লান্ট নির্মাণে সহায়তা করার জন্য প্রকল্প এলাকার রাজমিস্ত্রিদের প্লান্ট নির্মাণ কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। পরিবেশ বান্ধব বায়োগ্যাস প্লান্টের ব্যবহার ও উপযোগিতা সম্পর্কে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রকল্পের আওতায় ৬৬টি উপজেলায় ১ দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান করা হয়। উপজেলা পর্যায়ে স্কুল মাঠ/মাদ্রাসা/খেলার মাঠ/ উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ বা যে কোন উপযুক্ত স্থানে বায়োগ্যাস প্লান্টের উপযোগিতা সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য এ প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলায় প্রতি ব্যাচে ২৫ জন করে ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে মর্মে জানা গেছে।

১৪.৭ বায়োগ্যাস প্লান্টে পচনশীল বর্জ্যের উৎপাদিত জৈব সার পরিবেশ বান্ধব বিধায় কৃষি কাজে ও বাগানে উৎকৃষ্ট জৈব সার হিসেবে ব্যবহার করতে দেখা যায়।

১৪.৮ গ্রামীণ মহিলাদের জন্য ধোঁয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ সৃষ্টি হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্টগণ সন্তোষ প্রকাশ করেছেন।

১৪.৯ প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধি ও প্রচারাভিযানের অংশ হিসেবে ২.৯৯ লক্ষ টাকায় শর্ট ফিল্ম নির্মাণ করা হয়। উক্ত শর্ট ফিল্ম জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলায় প্রদর্শন করা হয়েছে মর্মে জানা যায়।



জামালপুর জেলার মেলান্দহ উপজেলার বাঘাডুয়ায় বায়োগ্যাসের চুলা



নালিতাবাড়ী রাজনগর পাহাড়ে আসাদুজ্জামানের বায়োগ্যাস প্লান্ট ও চুলায় রান্না হয়





নালিতাবাড়ী উপজেলার গরকান্দা আঃ সাত্তারের ডেইরি খামারের পাশে বায়োগ্যাস প্লান্ট থেকে লিল্লাহ বোর্ডিং ও বাণিজ্যিক চুলায় রান্না হয়





নালিতাবাড়ী রাজনগরে মুরগীর খামারের বজ্য থেকে ব্যায়োগ্যাস প্লান্ট



গাজীপুর সদর হায়দ্রাবাদ বায়োগ্যাস প্লান্ট



গাজীপুর সদর হায়দ্রাবাদ বায়োগ্যাস প্লান্ট হতে উৎপাদিত গ্যাসে রান্না হচ্ছে



গাজীপুর সদর হায়দ্রাবাদ বায়োগ্যাস প্লান্ট

১৪.১০ প্রকল্পটি একটি সময়োপযোগী ও বাস্তবধর্মী প্রকল্প মর্মে প্রতীয়মান হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে গ্রামাঞ্চলে পোল্ট্রি ও গবাদি পশুর খামার স্থাপন ও সম্প্রসারণ করে একদিকে যেমন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। অন্যদিকে এই বায়োগ্যাস প্রযুক্তি স্থাপনের মাধ্যমে উৎপাদিত বায়োগ্যাস দিয়ে নিজস্ব চাহিদা পূরণ করে অতিরিক্ত গ্যাস অন্যের চাহিদায় যোগান দিচ্ছে। এছাড়া বায়ুমন্ডলে কার্বন নিঃসরণ হ্রাসের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা হচ্ছে।

১৫.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
• বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মাধ্যমে রান্না এবং বিদ্যুৎ উৎপাদনের জন্য নবায়নযোগ্য জ্বালানী ব্যবহারের সম্ভাবনা উন্মোচন;	প্রকল্পের আওতায় ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মাধ্যমে ৩১০০০টি পরিবার তথা প্রতি পরিবারে গড় সদস্য ৫ জন হিসাবে ৩১০০০×৫ জন = ১৫৫০০০ জন রান্নার জ্বালানি সুবিধা পাচ্ছে । ফলে প্রতি পরিবারের রান্নার জ্বালানীর ব্যয় বাবদ প্রতি মাসে গড়ে ন্যূনতম ৯৫০/- টাকা ব্যয় হয়। প্রকল্পের প্রতিটি বায়োগ্যাস প্লান্ট থেকে দৈনিক গড়ে ৩.৫০ ঘনমিটার গ্যাস উৎপাদন হয়। সে হিসাবে ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট থেকে দৈনিক ১০৮৫০০ ঘনমিটার গ্যাস উৎপাদিত হচ্ছে। উল্লেখ্য, ১টি গুণগত মানসম্পন্ন বায়োগ্যাস প্লান্টের সম্ভাব্য স্থায়িত্ব ন্যূনতম ৩০ বৎসর মর্মে জানা যায়।
• ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে গ্রামীণ যুবদের কর্মসংস্থানের সুযোগ বিস্তার;	প্রকল্প মেয়াদে ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও ৩১০০০টি গবাদি পশুর খামার ও লেয়ার মুরগির খামার সম্প্রসারণের জন্য ঋণ প্রদান করা হয়। ফলে প্রকল্প এলাকার যুবক ও যুব মহিলার কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।
• বায়োগ্যাস প্লান্টে পচনশীল বর্জ্যের যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রকল্প এলাকায় পয়ঃনিষ্কাশন ও স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন এবং দুষণমুক্ত পরিবেশ সৃষ্টিতে সহায়তা;	বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মাধ্যমে গবাদিপশু/পোল্ট্রি খামার ও খামার সংলগ্ন এলাকার বাতাসে দুর্গন্ধ দূরীভূত হচ্ছে। মশা-মাছির উপদ্রব কমেছে। রান্নার কাজে জ্বালানী কাঠ ব্যবহার না হওয়ায় বন উজাড় রোধ, বায়োগ্যাস প্লান্টসংলগ্ন এলাকায় রোগ জীবাণুমুক্ত পরিবেশ সৃষ্টি হয়েছে। উল্লেখ্য যে, সকল বায়োগ্যাস প্লান্টই প্রাকৃতিক বর্জ্য শোধনাগার (ETP) হিসাবে কাজ করে। দূষণমুক্ত সবুজ পৃথিবী গড়তে, জলবায়ু পরিবর্তন রোধ এবং বাতাসে কার্বন নিঃসরণ রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে প্রতীয়মান হয়েছে।
• রান্নার জন্য জ্বালানী কাঠের ব্যবহার কমিয়ে আনা এবং বন উজাড় রোধ করে দেশের ইকো সিস্টেমের উন্নয়ন;	প্রতিটি পরিবারের রান্নার জন্য বৎসরে ২ টন জ্বালানি কাঠ প্রয়োজন হয়। ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মাধ্যমে জ্বালানি কাঠের ব্যয় সাশ্রয় হচ্ছে। প্রতি বছরে প্রতি পরিবারে ন্যূনতম ৭৫০০/- টাকা জ্বালানি কাঠ ক্রয় বাবদ ব্যয় হয়।
• খামারে বায়োগ্যাস পদ্ধতি প্রবর্তনের সুবিধা সম্পর্কে ডেইরী ও পোল্ট্রি খামারী, স্থানীয় নেতা ও যুবনেতাদের সচেতন করা;	খামারে বায়োগ্যাস পদ্ধতি প্রবর্তনের সুবিধা সম্পর্কে ডেইরী ও পোল্ট্রি খামারী, স্থানীয় নেতা ও যুবনেতা এবং স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধির জন্য ৩১৭৫৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
• জৈব বর্জ্যের চক্রায়নের মাধ্যমে কৃষি জমিতে ব্যবহারের জন্য মাইক্রো নিউট্রিয়েন্ট সমৃদ্ধ জৈব সার উৎপাদন; এবং	প্রতিটি বায়োগ্যাস প্লান্ট থেকে প্রতিদিন গড়ে ২১.৫০ কেজি জৈব সার পাওয়া যায়। ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট থেকে দিনে ৬৬৬.৫০ মেট্রিক টন জৈব সার উৎপাদিত হয়। জৈব সার মাটির দীর্ঘমেয়াদী উর্বরতা শক্তি বৃদ্ধি করে। ফলে রাসায়নিক সারের উপর নির্ভরতা কমে আসছে এবং রাসায়নিক সার ব্যবহার বাবদ ব্যয় সাশ্রয় হচ্ছে। নিরাপদ ফসল ও খাদ্য উৎপাদনে সহায়ক হচ্ছে। জৈব সার পুকুরে ব্যবহারের ফলে মাছের খাদ্য (সবুজ প্লাঙ্কটন) উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। এ সারে জৈব পদার্থ, নাইট্রোজেন, ফসফরাস, পটাশিয়াম ও মাইক্রোনিউট্রিয়েন্ট সংরক্ষিত হয়। ফলে জৈব সারের মান উন্নত হয় মর্মে জানা যায়।
• গ্রামীণ মহিলাদের জন্য ধোঁয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ সৃষ্টি করা, যাতে তারা এ অতিরিক্ত সময় অন্যান্য উন্নয়ন কর্মকান্ডে ব্যয় করতে পারে।	প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের জন্য ধোঁয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ সৃষ্টি করা হয়েছে। জ্বালানী কাঠের পরিবর্তে বায়োগ্যাসে রান্না করতে পেরে বর্তমানে তারা খুবই আনন্দিত এবং সন্তোষ প্রকাশ করেছেন।

১৬.০ প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণ:

১৬.১ প্রকল্পের কারিগরি ও আর্থিক সহায়তায় স্থাপিত বায়োগ্যাস প্লান্টগুলোর মধ্যে কিছু কিছু প্লান্ট প্রয়োজনীয় উপকরণের অভাবে ইতোমধ্যে বন্ধ হয়ে গেছে। মূলতঃ বায়োগ্যাস প্লান্ট গবাদি পশু ও পোল্ট্রি খামারের সাথে সম্পৃক্ত। খামার টিকে না থাকলে বায়োগ্যাস প্লান্ট চালু থাকবে না।

১৬.২ প্রকল্প বাস্তবায়নকালে বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও এর সুফল দিক সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ ও প্রচারণা পরিচালনা করা হয়। প্রকল্পটির অন্যতম অঙ্গ বায়োগ্যাস প্লান্টের সাথে গবাদি পশু ও পোল্ট্রি খামার স্থাপন/পরিচালনা পারস্পরিক সম্পর্কযুক্ত। প্রকল্পের এসব প্রশিক্ষণের অংশ হিসেবে জেলা/উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মকর্তাদের সম্পৃক্ততা তেমন জোরালো ছিল না মর্মে প্রতীয়মান হয়েছে। এছাড়াও যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাদেরও প্রকল্পের সাথে তেমন কোন সম্পৃক্ততা ছিল না মর্মে জানা যায়।

১৬.৩ প্রকল্পভুক্ত এলাকায় স্থাপিত বায়োগ্যাস প্লান্টের মধ্যে কতটি সচল এবং কতটি বন্ধ/অচল হয়ে রয়েছে সে সম্পর্কিত কোন সুনির্দিষ্ট তথ্য জেলা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দিতে পারেননি।

১৬.৪ প্রকল্পের কারিগরি ও আর্থিক সহায়তায় ৩১০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়। আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে পরবর্তীতে কিছু কিছু প্লান্টের গায়ে সংক্ষেপে প্রকল্পের নামকরণ করা হয়। প্লান্ট নির্মাণের পর প্লান্টের গায়ে স্থাপনের তারিখ, প্রকল্পের নাম, বাস্তবায়নকারী সংস্থার নাম সংক্ষেপে লিখে রাখা প্রয়োজন ছিল মর্মে প্রতীয়মান হয়েছে।

১৬.৫ যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্ব খাতে প্রতিটি জেলা ও উপজেলায় কর্মকর্তা ও কর্মচারী বিদ্যমান রয়েছে। তদুপরি যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণও রয়েছেন। কিন্তু প্রকল্পটি বাস্তবায়নে রাজস্ব খাতের এসব জনবল প্রশিক্ষণ কার্যক্রমের সাথে কিছুটা সম্পৃক্ত থাকলেও প্রকল্পের সার্বিক কার্যক্রমের বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ পুরোপুরি ওয়াকিবহাল ছিলেন না। ফলে প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদির তত্ত্বাবধান/তদারকির বিষয়টিকে তেমন গুরুত্ব প্রদান করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে।

১৬.৬ প্রকল্পের সংগ্রহকৃত ৬৬টি মটর সাইকেল বর্তমানে ৬৬টি উপজেলায় প্রকল্পে নিয়োজিত জনবল কর্তৃক ব্যবহার করা হচ্ছে। কারণ প্রকল্পের প্রকৌশলী ও ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার প্লান্ট মেরামত, নতুন প্লান্ট স্থাপনসহ ঋণের কিস্তি উত্তোলনে সম্পৃক্ত রয়েছেন। তবে প্রকল্পের অর্থে ক্রয়কৃত আসবাবপত্র, যন্ত্রপাতি, কম্পিউটার প্রকল্প সমাপ্তির পর রাজস্ব খাতভুক্ত যথাযথ কর্তৃপক্ষের বরাবরে হস্তান্তর করা সমীচীন ছিল।

১৬.৭ প্রকল্পের সাড়ে ৫ বছর বাস্তবায়নকালে কোন অর্থবছরের External Audit সম্পন্ন করা হয়নি। যা সরকারি অর্থে বাস্তবায়িত প্রকল্পের জন্য স্বচ্ছতা ও জবাবদিহিতার দিক থেকে মোটেই সমীচীন হয়নি।

১৬.৮ প্রকল্প পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণ এখনও প্রকল্প সমাপ্তি পরবর্তী কাজে সহায়তা করছেন। সুবিধাভোগীগণ যারা নিজেদের অর্থায়নে প্লান্ট নির্মাণ করতে ইচ্ছুক তাদেরকে প্রকল্পের প্রকৌশলীগণ কারিগরি সহযোগিতা প্রদান ও প্লান্ট ত্রুটিমুক্ত রাখার বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করছেন। এছাড়াও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ ঋণ আদায়ে ভূমিকা রাখছেন মর্মে দেখা গেছে।

১৬.৯ প্রকল্প চলাকালে ৬৬টি উপজেলায় মোট ৩০৭ জন (ক্রেডিট এন্ড মার্কেটিং এক্সিকিউটিভ- ১ জন, ফিন্যান্স এন্ড এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার- ১ জন, ফিন্যান্স এসিসট্যান্ট- ১ জন, ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার- ৫৩ জন, বায়োগ্যাস ইঞ্জিনিয়ার- ৪৬ জন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক- ৪৫ জন, কমিউনিটি সুপারভাইজার- ১৬০ জন) জনবল কর্মরত ছিলেন। প্রকল্পের প্রকৌশলী কর্তৃক বায়োগ্যাস প্লান্টের ত্রুটিগলো মেরামত করে থাকেন এবং ক্রেডিট অফিসার বিতরণকৃত ঋণের কিস্তির টাকা উত্তোলনে সার্বিক সহযোগিতা করছেন মর্মে জানা যায়। প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি টেকসই রাখতে প্রয়োজনীয় জনবলকে কিভাবে সম্পৃক্ত রাখা যায় সে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থার বিবেচনায় রাখা প্রয়োজন ছিল মর্মে প্রতীয়মান হয়েছে।

১৭.০ সুপারিশ/দিক-নির্দেশনাঃ

১৭.১ ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের প্রশিক্ষণ এবং বায়োগ্যাস প্লান্ট কার্যক্রমে জেলা ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মকর্তাদের এবং যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাদের সম্পৃক্ত করার বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে;

১৭.২ বায়োগ্যাস প্লান্ট মেরামত ও সংস্কারের সুবিধার্থে ভবিষ্যতে প্রকল্পের মাধ্যমে এ ধরনের বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ক্ষেত্রে আবশ্যিকভাবে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপজেলার কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলের সম্পৃক্ত রাখা সমীচীন হবে;

১৭.৩ প্রকল্পের জনবলের পাশাপাশি উপজেলা পর্যায়ে রাজস্ব খাতভুক্ত জনবলের সহায়তায় ঋণের কিস্তি উত্তোলনের জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন;

১৭.৪ প্রকল্পের মাধ্যমে স্থাপিত কিছু কিছু বায়োগ্যাস প্লান্ট প্রয়োজনীয় উপকরণের অভাবে সাময়িকভাবে বন্ধ বা নষ্ট হয়েছে। উপজেলা পর্যায়ের যুব উন্নয়ন অধিদপ্তরের কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলকে সম্পৃক্ত করে বন্ধ হয়ে যাওয়া বায়োগ্যাস প্লান্টগুলো চালু রাখা প্রয়োজন;

১৭.৫ দ্রুত External Audit সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তা আইএমইডিকে অবহিত করবে;

১৭.৬ প্রকল্পটি একটি বাস্তবধর্মী। পরিবেশ বান্ধব ও গ্রামীণ জনগণের জ্বালানী চাহিদা পূরণে ব্যাপক ভূমিকা রেখেছে। গবাদি পশু ও পোল্ট্রি খামারীদের রান্নায় ব্যবহৃত জ্বালানী ও বিদ্যুতের চাহিদা পূরণকল্পে প্রকল্পের কার্যক্রম খুবই গুরুত্বপূর্ণ। অপরদিকে প্রকল্পের ১ম ও ২য় পর্যায় হতে বিভিন্ন পদে প্রায় ৩১৭ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছিল এবং বর্তমানে কর্মরত রয়েছে। সৃষ্ট সুবিধাদি টেকসই করতে প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীগণকে যুব উন্নয়ন অধিদপ্তরের মূল ধারায় সম্পৃক্ত করার বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। সার্বিক বিষয় বিবেচনায় এ প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে;

১৭.৭ উপরোল্লিখিত সুপারিশের আলোকে গৃহিত পদক্ষেপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন' ২০১৯)

১.০	প্রকল্পের নাম	:	"ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্প
২.০	প্রকল্পের অবস্থান	:	মিরপুর, ঢাকা ।
৩.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪.০	বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় ক্রীড়া পরিষদ।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১১০৩.১৭	১২৫৮.১১	১২৫৭.১৩	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৮	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯	১৫৪.৯৪ (১৪.০৪%)	১ বছর ১০০%

ক) বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত।

খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধির হার (%): ১৪.০৪%

গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত মেয়াদ বৃদ্ধির হার (%) : ১০০%

৬.০। পটভূমি: দেশের তরুণ সমাজ ও জনগণের শারীরিক, মানসিক এবং নৈতিক উৎকর্ষতা শরীর চর্চা ও খেলাধুলার মাধ্যমে অর্জন করা সম্ভব। নদীমাতৃক দেশ হওয়ায় আমাদের ক্রীড়াঙ্গনের ইভেন্ট হিসেবে সাঁতার একটি পৃথক মাত্রা যুক্ত করেছে। স্থানীয় এবং আন্তর্জাতিক উভয় ক্ষেত্রেই সাঁতার প্রতিযোগিতা দেশের তরুণ ও যুব সমাজে চিত্ত-বিনোদনের সুযোগ সৃষ্টি হয় এবং এর ফলে তাদের পারস্পরিক সম্প্রীতি বৃদ্ধি পায়। বিশ্ব অলিম্পিক, এশিয়ান গেমস, সাফ গেমস প্রভৃতি আন্তর্জাতিক সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণের উদ্দেশ্যে দেশী সাঁতারুদের আন্তর্জাতিক মানের অবকাঠামো ও সুবিধাসম্বলিত সুইমিং কমপ্লেক্সে অনুশীলন করা প্রয়োজন। "ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি এ লক্ষ্য নিয়ে বাস্তবায়ন করা হয়েছে।

৭.০ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:

৭.১। প্রকল্পের উদ্দেশ্য: ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম সুইমিং কমপ্লেক্সে সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো উন্নয়ন।

৭.২। প্রকল্পের লক্ষ্যমাত্রা:

- আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ে সাঁতার প্রতিযোগিতার আয়োজন করা।
- সাঁতার ইভেন্ট নিয়মিত অনুশীলন এবং প্রশিক্ষণ পরিচালনা।
- সাঁতার ইভেন্ট নিয়মিত অনুশীলনের মাধ্যমে দক্ষ সাঁতারু তৈরি করা।
- ছেলে মেয়েদের সাঁতার খেলায় আগ্রহী করা।

৮.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র:নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	আরডিপিপি'র লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
ক)	**মূলধন:**					
	হোস্টেল ভবনের সম্প্রসারণ (৫ম ও ৬ষ্ঠ তলা উর্ধ্বমুখী)					
১	সিভিল কাজ					
	ক) ৫ম তলা	বঃমিঃ	৪৯২.১০	৯৪.৩৩	১০০%	৯৪.৩৩
	খ) ৬ষ্ঠ তলা	বঃমিঃ	৪৯৩.৪২	৯৬.০০	১০০%	৯৬.০০
	গ) চিলাকোঠা	বঃমিঃ	২৮.১২	৫.৫০	১০০%	৫.৫০
	উপমোট=			**১৯৫.৮৩**		**১৯৫.৮৩**
২	অভ্যন্তরীণ স্যানিটারি কাজ	বঃমিঃ	১৩৬৯.৫৭	২০.৭৯	১০০%	২০.৭৯
৩	অভ্যন্তরীণ বিদ্যুতায়ন কাজ	বঃমিঃ	১১৯৯.৬৩	২৫.৬০	১০০%	২৫.৬০
৪	বহিঃ বিদ্যুতায়ন কাজ	রাঃ মিঃ	১৬০.০০	৬.৪০	১০০%	৬.৪০
৫	গ্যাস সংযোগ	থোক	১.০০	৩.০০	১০০%	৩.০০
৬	ক) ৫ম ও ৬ষ্ঠ তলার জন্য ২৪ ইঞ্চি এলইডি টিভি সরবরাহ	থোক	২৪.০০	৭.৮০	১০০%	৭.৮০
	খ) এসি স্থাপন ১.৫ টন সরবরাহ	সংখ্যা	২৪.০০	২৯.৯৫	১০০%	২৯.৯৫
	উপমোট=			**৯৩.৫৪**		**৯৩.৫৪**
৭	ফার্নিচার (৫ম ও ৬ষ্ঠ তলার জন্য)	থোক	১.০০	৪৩.৯৪	১০০%	৪৩.৯৪
৮	জিমনিশিয়ামের উপকরণ	থোক	১.০০	১২.৯১	১০০%	১২.৯১
	উপমোট=			**৫৬.৮৫**		**৫৬.৮৫**
৯	আধুনিক ইলেক্ট্রনিক স্কোরবোর্ড স্থাপন					
	ক) ফরেন পার্ট	থোক	১.০০	১০৮.৯৬	১০০%	১০৮.৯৬
	খ) লোকাল পার্ট	থোক	১.০০	১০৯.২৯	১০০%	১০৯.২৯
	গ) সিডি/ভ্যাট/ট্যাক্স/অন্যান্য	থোক	১.০০	৮১.১৩	১০০%	৮১.১৩
	ঘ) লোকাল ভ্যাট/অন্যান্য	থোক	১.০০	৩১.১৫	১০০%	৩১.১৫
	উপমোট=			**৩৩০.৫৩**		**৩৩০.৫৩**
১০	বিদ্যমান সুইমিংপুলের উন্নয়ন					
	ক) সিভিল কাজ	থোক	১.০০	৮৯.৩৪	১০০%	৮৯.৩৪
	খ) অভ্যন্তরীণ স্যানিটারির কাজ	থোক	১.০০	৮.৩১	১০০%	৮.৩১
	গ) অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ	থোক	১.০০	৬.১৩	১০০%	৬.১৩
	উপমোট=			**১০৩.৭৮**		**১০৩.৭৮**
১১	গ্যালারি শেড নির্মাণ	বঃমিঃ	৯৯৬.৪৮	১২৪.৫৬	১০০%	১২৪.৫৬
১২	গ্যালারি আসন স্থাপন	সংখ্যা	৭৫০.০০	৩৩.৭৫	১০০%	৩৩.৭৫
১৩	সীমানা প্রাচীরের উন্নয়ন	থোক	১.০০	৩৫.৫০	১০০%	৩৫.৫০
১৪	সীমানা প্রাচীর গ্রিল স্থাপন	বঃমিঃ	১৯০.০০	৮.৪৯	১০০%	৮.৪৯
১৫	লাইট পোস্ট স্থাপন	সংখ্যা	৫৮.০০	২১.৭৫	১০০%	২১.৭৫
	উপমোট=			**২২৪.০৫**		**২২৪.০৫**
১৬	ভিআইপি/প্রেসিডেন্ট বক্স নির্মাণ					
	ক) ভাঙ্গার কাজ	থোক	-	১২.২৫	১০০%	১২.২৫
	খ) স্টিল সেড নির্মাণের জন্য সুপারস্ট্রাকচার কাজ	বঃমিঃ	২০৮.৩৩	২৫.০০	১০০%	২৫.০০
	গ) ইন্টিরিওর ডেকোরেশনসহ টাইলস, গ্লাস ও ফলস সিলিং কাজ	বঃমিঃ	১৩০.০০	২০.৮০	১০০%	২০.৮০

	ঘ) অভ্যন্তরীণ স্যানিটারির কাজ	বঃমিঃ	১৮২.৭৪	৭.০৩	১০০%	৭.০৩
	ঙ) অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ	বঃমিঃ	২১৮.১৮	৬.৭২	১০০%	৬.৭২
	চ) ফার্নিচার সরবরাহ	থোক	১.০০	২৬.৮৩	১০০%	২৬.৮৩
	ছ) ৪ টনের এসি সরবরাহ	সংখ্যা	৪.০০	৯.৪০	১০০%	৯.৪০
	উপমোট=			**১০৮.০৩**		**১০৮.০৩**
১৭	১০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন লিফট স্থাপন	সংখ্যা	১.০০	৮৫.০০	১০০%	৮৫.০০
১৮	ম্যুরাল নির্মাণ	সংখ্যা	১.০০	১৯.৫০	১০০%	১৯.৫০
১৯	গাছ রোপণ	থোক	১.০০	১০.০০	১০০%	১০.০০
	উপমোট =			**১১৪.৫০**		**১১৪.৫০**
	মোট মূলধন =			**১২২৭.১১**		**১২২৭.১১**
খ.	**রাজস্ব:**					
২০	পরামর্শক ফি	-	-	১০.০০	১০০%	৯.৯৪
২১	স্টেশনারি	-	-	২.০০	৮৫%	১.৭০
২২	সম্মানি	-	-	১৩.০০	৯৭%	১২.৬১
২৩	দরপত্র প্রণয়ন, বিজ্ঞাপন	-	-	১.০০	১০০%	০.৮৮
২৪	বিবিধ	-	-	৫.০০	৯৮%	৪.৮৯
	মোট রাজস্ব =			**৩১.০০**		**৩০.০২**
	সর্বমোট (মূলধন +রাজস্ব)=			**১২৫৮.১১**	**৯৯.৯২%**	**১২৫৭.১৩**

৯.০। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা/উপজেলা/থানা
ঢাকা	ঢাকা	মিরপুর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

১০.০। <u>কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ</u> বর্ণিত প্রকল্পের আওতায় অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম সুইমিং কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সকল অংগের কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটির আরডিপিপি'র প্রাক্কলিত দরের বিপরীতে পরামর্শক, অফিস স্টেশনারি প্রভৃতি খাতে ব্যয় কম হওয়ায় প্রাক্কলিত দর থেকে ০.৯৮ লক্ষ টাকা কম খরচ হয়েছে। প্রকল্পের সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১২৫৮.১১ লক্ষ টাকার বিপরীতে ছাড় হয়েছে ১২৫৭.৭৮ লক্ষ টাকা আর প্রকৃত ব্যয় হয়েছে ১২৫৭.১৩ লক্ষ টাকা। অব্যয়িত ০.৬৫ লক্ষ টাকা ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে।

১১.০। প্রকল্পের অনুমোদন পর্যায় ও সংশোধন :

- প্রকল্পটি ১১০৩.১৭ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৮/০৬/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।
- প্রকল্পের কিছু কিছু অঙ্গের প্রাক্কলিত ব্যয় পরিবর্তন (হ্রাস/বৃদ্ধি) করে ১৫৪.৯৪ লক্ষ টাকা (১৪.০৪%) বৃদ্ধি এবং আরডিপিপি'র সংস্থান অনুযায়ী সকল কাজ সম্পন্নের লক্ষ্যে বাস্তবায়নকাল ১ বছর বাড়িয়ে ১২৫৮.১১ লক্ষ (বার কোটি আটান্ন লক্ষ এগার হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত মেয়াদে ১ম সংশোধন অনুমোদন করা হয় আর তা ০৩/০১/২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক এ সংক্রান্ত পত্র জারি হয়।

১২.০ বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (টাকা)	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০১৭-২০১৮	৪০০.০০	৪০০.০০	-	৪০০.০০	৪০০.০০	৪০০.০০	-
২০১৮-২০১৯	৮৫৮.০০	৮৫৮.০০	-	৮৫৭.৭৮	৮৫৭.১৩	৮৫৭.১৩	-
মোট=					**১২৫৭.১৩**	**১২৫৭.১৩**	

(পিসিআর অনুযায়ী প্রদত্ত)

১৩.০। <u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ</u>

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
০১	জনাব মোঃ আওলাদ হোসেন পরিচালক	পার্ট টাইম	০৯/০৭/২০১৭ হতে ৩০/০৬/২০১৯

১৪.০। <u>প্রকল্পের প্রধান প্রধান অংগের বিশ্লেষণ:</u>

১৪.১। বিদ্যমান হোস্টেল ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম ও ৬ষ্ঠ তলা): বিদ্যমান হোস্টেল ভবন ইতোপূর্বে ৪র্থ তলা পর্যন্ত নির্মিত ছিল। এ প্রকল্পের আওতায় ৫ম, ৬ষ্ঠ তলা ও চিলেকোঠাসহ মোট ১০১৩.৬৪ ব.মি. আয়তনের ফ্লোর সম্পন্ন হয়েছে। এতে বিদ্যমান হোস্টেল ভবনে প্রতিটি ফ্লোরে ১২টি করে মোট ২৪টি নতুন কক্ষ যুক্ত হয়েছে। প্রতিটি কক্ষে ২/৩টি খাট (মেট্রেস ও বালিশসহ), ১টি ওয়্যারড্রোব, ১টি ২৪ ইঞ্চি এলইডি টিভি ও ১টি ১.৫ টন এসি স্থাপন করা হয়েছে। এর ফলে হোস্টেল ভবনে বিদ্যমান ৮৪ জনের পাশাপাশি আরো ৫৬ জন খেলোয়ার অবস্থান করার সুযোগ তৈরি হয়েছে।

১৪.২। অটো টাইমিং এন্ড স্কোরিং ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন: সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্স এর আধুনিকীকরণের লক্ষ্যে প্রকল্পের আওতায় অটো টাইমিং এন্ড স্কোরিং ম্যানেজমেন্ট সিস্টেম ও স্লো-মোশন রিপলে সিস্টেম স্থাপন করা হয়, এ সিস্টেমের সাথে ১০x৩ মিটার একটি ডিসপ্লে সংযুক্ত রয়েছে। এতে একজন প্রতিযোগী সাঁতার আরম্ভ করার সাথে সাথে সময় গণনা শুরু হয় এবং সাঁতার শেষ করলে মোট সময় বের হয়। এ সিস্টেমে একসাথে ১০ জন সাঁতারুর তথ্য পৃথকভাবে ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করা যায়। এতে লাইভ ভিডিও এর সুবিধা থাকায় দর্শকরা বড় পর্দায় সুক্ষভাবে প্রতিযোগিতা দেখার সুযোগ পায়, তাছাড়া প্রতিযোগিতায় কোন দৃশ্য হাইলাইট করার ক্ষেত্রে এর ডিসপ্লেতে স্লো-মোশন রিপলের মাধ্যমে প্রদর্শন করার ব্যবস্থা রয়েছে।

১৪.৩। বিদ্যমান পুলের উন্নয়ন: এ প্রকল্পের আওতায় বিদ্যমান পুলের টাইলস পরিবর্তন, গ্যালারি শেড নির্মাণ, প্রেসিডেন্ট বক্স নির্মাণ, গ্যালারিতে চেয়ার স্থাপন, গ্যালারির নীচ তলা থেকে ৪র্থ তলা পর্যন্ত সৌন্দর্য বৃদ্ধি করার জন্য মার্বেল টাইলস, গ্লাস পার্টিশন, ট্যাম্পার্ড গ্লাস ডোর স্থাপনসহ অন্যান্য কাজ সম্পন্ন করা হয়েছে।

১৪.৪। জিমনিশিয়ামের উপকরণ সরবরাহ: হোস্টেলের নিচতলায় প্রকল্পের আওতায় জিমনিশিয়ামের উপকরণ সরবরাহ করা হয়েছে। এতে হোস্টেলে অবস্থানকালে সাঁতারুরা সহজেই জিম ব্যবহারের সুযোগ পাবে। জিমনিশিয়ামের উপকরণ সরবরাহ করা বাবদ মোট ব্যয় হয়েছে ১২.৯১ লক্ষ টাকা।

১৪.৫। লিফট স্থাপন : প্রকল্পের আওতায় লিফট কোর করে ১০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন লিফট স্থাপন করা হয়েছে। লিফটটি দক্ষিণ কোরিয়ার তৈরি Sigma ব্র্যান্ডের। লিফট স্থাপন বাবদ মোট ব্যয় হয়েছে ৮৫.০০ লক্ষ টাকা।

১৪.৩। অন্যান্য কাজ: সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্স এর সৌন্দর্য্য বৃদ্ধিকরণের জন্য সীমানা প্রাচীরের আরসিসি পিলারে রাস্টিক টাইলস স্থাপন, প্ল্যান্টেশন বক্স নির্মাণ ও তাতে চারা লাগানো, ম্যুরাল স্থাপন এবং মেইন গেট আধুনিকায়ন করা হয়েছে।

১৫.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
সাঁতারুদের সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো উন্নয়ন।	সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য বিদ্যমান ক্রীড়া অবকাঠামোর উন্নয়ন হয়েছে।

১৬.০। <u>অডিট সম্পর্কিত তথ্য</u> : এ পর্যন্ত প্রকল্পের কোন অডিট সম্পন্ন হয়নি। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালককে জিজ্ঞাসা করা হলে তিনি জানান প্রতি বছর জাতীয় ক্রীড়া পরিষদে অডিট হয়। এতে অডিটরগণ নিজেদের ইচ্ছামত প্রকল্প নির্ধারণ করে অডিটকার্য সম্পন্ন করেন। এতে এ প্রকল্পটি তাদের তালিকায় না থাকায় অডিট সম্পন্ন হয়নি। তাছাড়া তিনি অডিট না হওয়ার কোন কারণ জানাতে সক্ষম হননি।

১৭.০। <u>ক্রয় সংক্রান্ত তথ্যাদি:</u> (Procurement of goods, Works and Consultancy Services): প্রকল্পের ক্রয়পরিকল্পনা অনুযায়ী ০১ টি পণ্য, ০৪ টি কার্য এবং ০১টি সেবাসহ মোট ০৬ টি প্যাকেজে ক্রয়কার্য সম্পন্ন করা হয়। এর মধ্যে ০১ কোটি তদুর্ধ টাকা মূল্যের কার্যের বিবরণ নিম্নরূপ:

(লক্ষ টাকা)

Description of procurement (goods/ works /Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract signing/I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Construction of President Box, Gallery shed, Boundary wall, Main gate, Repair of exiting swimming pool and gallery chair.	376.56	376.49	03/11/2017	22/03/2018	28/06/2019	26/06/2019
Vertical extension of Hostel building supply of Furniture , Gym equipments, LED TV, AC	309.52	309.50	03/11/2017	22/03/2018	28/06/2019	26/06/2019
Supply of Auto Timing score management system, 10 person capable Lift and Lift core	394.53	394.50	03/11/2017	22/03/2018	30/06/2019	26/06/2019

১৮.০। প্রকল্প পরিদর্শন : প্রকল্পটির বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক (সামাজিক) জনাব মুহাম্মদ শাহাদাত হোসাইন কর্তৃক গত ১৭/০২/২০২১ তারিখে ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্স-এর প্রকল্পের আওতায় সম্পন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রাক্তন প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৯.০। সার্বিক পর্যবেক্ষণঃ

১৯.১। প্রকল্পটি জুন, ২০১৯ সালে সমাপ্ত হলেও এর সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণ করা হয়েছে ০৬/১০/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী। এ বিষয়ে প্রাক্তন প্রকল্প পরিচালককে বিলম্বের কারণ জানতে চাইলে তিনি বিলম্বের কোন যৌক্তিক কারন জানাতে পারেননি। পরে তিনি জানান যে ঠিকাদারের নিকট থেকে সম্পাদিত কর্ম বুঝে নিতে কালক্ষেপণ হওয়ার জন্য সময়মত সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হয়নি।

১৯.২। সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্স পরিদর্শনে দেখা যায় প্রকল্পের আওতায় বিদ্যমান হোস্টেল ভবন (৫ম ও ৬ষ্ঠ তলা) উর্দ্ধমুখী সম্প্রসারণ, অটো টাইমিং এন্ড স্কোরিং ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন, লিফট স্থাপনসহ অন্যান্য সকল অঙ্গের কাজ প্রকল্প দলিল মোতাবেক সম্পন্ন হয়েছে। সম্পাদিত কাজ বাহ্যিকভাবে সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে।

১৯.৩। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে সাঁতারুদের সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো উন্নয়ন। প্রকল্পের মাধ্যমে বিদ্যমান সুইমিং কমপ্লেক্স এর আপডেট করা হয়েছে তবে প্রকল্প সমাপ্ত হওয়ার পর থেকে এ পর্যন্ত কোন আন্তর্জাতিক বা আঞ্চলিক সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়নি। এর মধ্যে অবশ্য সাঁতারুরা অনুশীলন করার সুযোগ পেয়েছে; বাংলাদেশ সাঁতার ফেডারেশন এর আওতায় ট্যালেন্ট হান্ট প্রোগ্রামে ৬৪টি

জেলা থেকে ৮৬০ জন সাঁতারু বাছাই করে ২য় পর্যায় প্রতিযোগিতার মাধ্যমে ১৬০ জন বাছাই করা হয় এবং ৩য় পর্যায়ে ১৬০ জন থেকে ৪ মাস প্রশিক্ষণের পর ৬০ জন সেরা সাঁতারুকে বাছাই করা হয়। এ কার্যক্রমে নির্মিত হোস্টেলসহ সুইমিং কমপ্লেক্স ব্যবহার করা হয়েছে। বর্তমানে কোভিড জনিত কারণে গত বছর মার্চ থেকে পুলটি ব্যবহার করা হচ্ছে না। পরিদর্শনকালে পুলটি পানিশূন্য অবস্থায় দেখা যায়।

১৯.৪। প্রেসিডেন্ট/ভিআইপি বক্স পরিদর্শনকালে দেখা যায় এতে ৬টি ৩ টনের এসি স্থাপন করা হয়েছে। আরডিপিপি অনুযায়ী সেখানে ৪ টন বিশিষ্ট ৪টি এসি স্থাপন করার কথা। এ বিষয়ে প্রাক্তন প্রকল্প পরিচালক জানান যে ৪টি এসি'র মোট ক্ষমতা ৪X৪=১৬ টন। এক্ষেত্রে ৬X৩=১৮ টন ক্ষমতা সম্পন্ন এসি স্থাপন করা হয়েছে। প্রেসিডেন্ট বক্সের সর্বত্র এসি'র বাতাস যাতে ভালভাবে ছড়িয়ে যায় এ বিবেচনায় এরূপ সমন্বয় করা হয়েছে মর্মে জানান।

১৯.৫। ভিআইপি বক্সের সোফা এবং দর্শক সারিতে থাকা চেয়ারগুলো যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন, যাতে দর্শকরা তাতে বসে স্বচ্ছন্দে সাঁতার প্রতিযোগিতা উপভোগ করতে পারে। গ্যালারিতে থাকা চেয়ার এবং বিভিন্ন জায়গায় ধুলা পড়া দেখা যায়। এক্ষেত্রে সংশ্লিষ্টরা জানান যে, কোভিড-১৯ জনিত কারণে অনেকদিন ধরে পুল ব্যবহৃত না হওয়ার তা যথাযথভাবে পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়নি তবে পরিস্থিতি স্বাভাবিক হলে তা যথাযথভাবে পরিস্কার-পরিচ্ছন্ন করা হবে।

১৯.৬। চিত্রসহ ছবির বর্ণনা :




প্রকল্পের আওতায় নির্মিত ম্যুরাল এর সামনে



ভিআইপি গ্যালারির প্রবেশ পথে সৈয়দ নজরুল ইসলাম এর ম্যুরালের সামনে

স্থির চিত্র	বর্ণনা
	"ঢাকাস্থ মিরপুর সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্পের আওতায় সংস্কারকৃত সুইমিংপুলের সম্মুখভাগ।

	প্রকল্পের আওতায় নির্মিত প্রেসিডেন্ট/ভিআইপি বক্সের অভ্যন্তরভাগ।
	প্রকল্পের আওতায় স্থাপনকৃত অটো টাইমিং এন্ড স্কোরিং ম্যানেজমেন্ট সিস্টেম

২০.০। মতামত/সুপারিশ:

২০.১। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১৬ মাস পর তা প্রেরণ করা হয়। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হতে হবে ;

২০.২। প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে এ প্রকল্পের সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে ;

২০.৩। দীর্ঘদিন অব্যবহৃত থাকায় হোস্টেলের জন্য ক্রয়কৃত তোষক, বালিশ, কম্বল যাতে বিনষ্ট না হয় এবং জিমনিশিয়ামের উপকরণসমূহ যাতে ভাল থাকে এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে সচেষ্ট থাকতে হবে ;

২০.৪। পিসিআর ১বছর ৪ মাস বিলম্বে প্রেরণের কোন ব্যাখ্যা নেই, টাইম ওভার রান এবং কস্ট ওভার রান এর তথ্যাদি ভুলভাবে উপস্থাপন, অদ্যাবধি অডিট সম্পন্ন না হওয়ার কোন ব্যাখ্যা নেই পিসিআর এর উদ্দেশ্য এবং অর্জনে একই বক্তব্য এসেছে, এবং PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয় নাই ;

২০.৫। উপর্যুক্ত বিষয়ে ব্যাখ্যা চেয়ে ২৩/০৩/২০২১ এবং ০৬/০৬/২০২১ তারিখে পত্র দেয়ার পরও প্রতিবেদন/জবাব প্রেরণ না করার বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে ;

২০.৬। ঠিকাদারের নিকট থেকে কাজ বুঝে নিতে কালক্ষেপন হওয়ায় পিসিআর প্রেরণে বিলম্ব হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের স্পষ্ট মতামত প্রেরণের জন্য বলা হলো ;

২০.৭। উপরোল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত পদক্ষেপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ঢাকাস্থ রমনা ও রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১. প্রকল্পের অবস্থান : রমনা, ঢাকা ও রাজশাহী সদর।

২. বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় ক্রীড়া পরিষদ।

৩. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

৪. প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (মোট জিওবি প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলন ব্যয়ের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়ন-কালের %)
মূল (মোট জিওবি প্রঃসাঃ)	সংশোধিত (মোট জিওবি প্রঃসাঃ)		মূল	সংশোধিত			
১১৯০.৮৬	১৪৫১.৭২	১৪২৬.৩৫	জুলাই, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত (১৮ মাস)	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত (২৪ মাস)	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত (২৪ মাস)	২১.৯১%	৩৩.৩৩%

৫.০ <u>প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):</u>

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	
				আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
ক.	**রমনা টেনিস কমপ্লেক্সের উন্নয়ন**				
(১)	টেনিস কোর্ট রি-সারফিসিং এবং রংকরণ কাজ	৫৯৫০ বঃমিঃ (৯টি কোট)	৩০১.৭৩	৩০১.৫৫ (৯৯.৯৪%)	(১০০%)
(২)	ড্রেনেজ সিস্টেম নির্মাণ	১৮৫ মিঃ	১৪.৮৭	১৪.৮২ (৯৯.৬৬%)	(১০০%)
(৩)	বিদ্যমান জি আই ওয়ার নেট ফেন্সিং এর সংস্কার ও রংকরণ কাজ	২৮০০ বঃমিঃ	৯.৮০	৯.৮০ (১০০%)	(১০০%)
(৪)	মেইন গেইট নির্মাণ	১টি	১৩.৭২	১৩.৭২ (১০০%)	(১০০%)
(৫)	মিডিয়া সেন্টার নির্মাণ এবং সাধারণ অফিস সম্প্রসারণ কাজ	১২১ ফুটX২৯ ফুট ৬ ইঞ্চি	১৭৫.৮৬	১৭৫.৪২ (৯৯.৭৫%)	(১০০%)
(৬)	ক্লে কোর্ট নির্মাণ	-	০.৫১	-	-
(৭)	নতুন গ্যালারী নির্মাণ এবং বিদ্যমান গ্যালারি, গ্যালারির নিচে হোস্টেল রুম সংস্কার কাজ	৫ ধাপ ১২২ ফুট অর্থাৎ ৩৬৬ বঃমিঃ	৮২.২৬	৮২.১৩ (৯৯.৮৪%)	(১০০%)
(৮)	বিদ্যমান পুরাতন নষ্ট সীমানা প্রাচীর ভাঙ্গা এবং নতুন সীমানা প্রাচীর নির্মাণ	৫৭৫ মিঃ	৭৩.৬৬	৭৩.৬৬ (১০০%)	(১০০%)
(৯)	সিসিটিভি সরবরাহ ও স্থাপন	১টি	৫.৩৩	৫.৩৩ (১০০%)	(১০০%)

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	
				আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	**৫**	৬
(১০)	খেলোয়াড়দের ড্রেসিং রুমের জন্য এসি সরবরাহ	৪টি	৫.৫২	৫.৫২ (১০০%)	(১০০%)
(১১)	বিদ্যমান টেনিস কমপ্লেক্স এর আভ্যন্তরীণ স্যানিটারী এবং বৈদ্যুতিক সংস্কার, মেরামতসহ রংকরণ কাজ	৪৬৭ বঃমিঃ	৩৬.৫৪	৩৬.৫৪ (১০০%)	(১০০%)
(১২)	টেনিস কোর্টের জন্য ফ্লাড লাইট সরবরাহ ও স্থাপন	১২৮টি	৫৬.৭৫	৫৬.৭৫ (১০০%)	(১০০%)
(১৩)	ফাইবার সেড রুফিংয়ের সাথে ভিআইপি গ্যালারী নির্মাণ	১৫০ বঃমিঃ	২৮.৩৮	২৮.৩৮ (১০০%)	(১০০%)
(১৪)	জিমন্যাসিয়াম নির্মাণ	৩৮৮ বঃমিঃ	১৪৭.৩৬	১৪৭.৩৬ (১০০%)	(১০০%)
(১৫)	ডিজিটাল স্কোর বোর্ড এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ	১ সেট	২৪.০৫	২৪.০৫ (১০০%)	(১০০%)
	উপমোট-		**৯৭৬.৩৪**	**৯৭৫.০৩ (৯৯.৮৭%)**	**(১০০%)**
খ.	**জাফর ইমাম টেনিস কমপ্লেক্স সংস্কার ও উন্নয়ন**				
(১)	টেনিস কমপ্লেক্সের উন্নয়ন	৮টি কোর্ট	২৯৫.৫৫	২৮২.৭৭ (৯৫.৬৮%)	(১০০%)
(২)	বিদ্যমান ৪টি কোর্টের ফ্লাড লাইট সংস্কার ও মেরামত	৪টি কোর্ট	২৫.৭৯	২৫.৭৯ (১০০%)	(১০০%)
(৩)	জিম সরঞ্জামাদি সরবরাহ এবং স্থাপন কাজ	-	১২.৩৯	১২.০১ (৯৬.৯৩%)	(১০০%)
(৪)	মহিলা এবং পুরুষ খেলোয়াড়দের জন্য ড্রেসিং রুমসহ টয়লেট নির্মাণ	-	৪১.১৩	৪০.১৫ (৯৭.৮৫%)	(১০০%)
(৫)	সীমানা প্রাচীর নির্মাণ	১৯৭ মিঃ	১৫.২০	১৪.৭৫ (৯৭.০৩%)	(১০০%)
(৬)	অফিস এবং ডাইনিং রুম নির্মাণ	১৭৬ বঃমিঃ	৪১.৫৭	৪১.৫৭ (১০০%)	(১০০%)
(৭)	সাব-মার্সিবল পানির পাম্প মটর সেট	১ সেট	২.২২	-	-
(৮)	ড্রেনেজ সিস্টেমের সাথে ৮ইঞ্চি ব্যাসের ইউপিভিসি পাইপ, গেট ভালব	১২৮ মিঃ	১.৫৩	-	-
	উপমোট-		**৪৩৫.৩৮**	**৪১৭.০৪ (৯৫.৭৯%)**	**(১০০%)**
গ.	স্টেশনারি, কম্পিউটার কালি এবং অন্যান্য মালামাল	থোক	৩.০০	০.৯৩ (৩১%)	(১০০%)
ঘ.	বিজ্ঞাপন বিল, দরপত্র প্রস্তুত এবং বিবিধ	থোক	২.০০	০.৮৪ (৪২%)	(১০০%)
ঙ.	সম্মানী (বিভিন্ন কমিটি, মধ্যবর্তি মূল্যায়ন ইত্যাদি)	থোক	৮.০০	৭.৭০ (৯৬.২৫%)	(১০০%)
চ.	বৈদেশিক সফর	থোক	২২.০০	১৯.৮১ (৯০.০৫%)	(১০০%)
ছ.	ব্যবস্থাপনা ব্যয়	থোক	৫.০০	৫.০০	(১০০%)

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	
				আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
				(১০০%)	
জ .	ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	-	-	
	উপমোট-		৪০.০০	৩৪.২৮ (৮৫.৭০%)	(১০০%)
	সর্বমোট-		১৪৫১.৭২	১৪২৬.৩৫ (৯৮.২৫%)	(১০০%)

৬.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- দেশে টেনিস খেলার মান উন্নয়নের জন্য জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন ও প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিকমানের দক্ষ খেলোয়াড় তৈরীর লক্ষ্যে রমনা টেনিস কমপ্লেক্স এবং জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়নকরণ এ প্রকল্পের উদ্দেশ্য ;
- লক্ষ্যমাত্রা :

  ১) দর্শকদের গ্যালারিতে বসে খেলা উপভোগ করতে পারবে, তা নিশ্চিত করা ;

  ২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতার অয়োজন করা ;

  ৩) টেনিস খেলার উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা ; এবং

  ৪) জেলা পর্যায় টেনিস খেলার উৎসাহদান।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

ঢাকাস্থ রমনা টেনিস কমপ্লেক্স এবং রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্স অনেকপূর্বে নির্মিত হয়েছে। দীর্ঘ সময় ব্যবহার করা হলেও এগুলোর প্রয়োজনীয় সংস্কার করা হয়নি। উক্ত টেনিস কোর্টগুলিতে টেনিস খেলোয়াড়দের ক্রীড়ানুষ্ঠান পরিচালনা করা কষ্টকর। টেনিস ফেডারেশন জাতীয় টেনিস কমপ্লেক্স রমনায় এবং রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্সে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক টেনিস টুর্ণামেন্ট আয়োজন করা হয়ে থাকে। বর্তমানে বিদ্যমান টেনিস কোটগুলি সংস্কার ও উন্নয়ন কাজ করা না হলে আন্তর্জাতিক প্রতিযোগিতা অনুষ্ঠান সম্ভব হবে না, তাই কোর্টগুলি আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে রি-সার্ফেসিং জরুরী প্রয়োজন। সে প্রেক্ষিতে, “ঢাকাস্থ রমনা ও রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন” শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের “ঢাকাস্থ রমনা ও রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি গত ০৪/০৬/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ১১৯০.৮৬ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮। পরবর্তীতে ১ম সংশোধনের জন্য প্রকল্পটি গত ৩০/০৬/২০১৯ তারিখে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ১ম সংশোধিত অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ১৪৫১.৭২ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত।

৬.৪ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
(১)	জনাব সুকুমার সাহা,	অতিরিক্ত দায়িত্ব ।	০৯-০৮-২০১৭ হতে ৩০-০৬-২০১৯

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
	প্রকল্প পরিচালক (প্রকল্প ইঞ্জিনিয়ার) জাতীয় ক্রীড়া পরিষদ ০১৭১১৩৭৩৭৯৫		পর্যন্ত।

৬.৫ মূল্যায়ন পদ্ধতি (Methodology):

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা ;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা ;

(গ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ; এবং

(ঘ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৭.০ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

৭.১। বার্ষিক আর্থিক অগ্রগতি :

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য		মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৭-২০১৮	৪০০.০০	৪০০.০০	-	৪০০.০০	৪০০.০০	৪০০.০০	-	৩০%
২০১৮-২০১৯	১০৫১.৭২	১০৫১.৭২	-	১০৫১.৬৭	১০২৬.৩৫	১০২৬.৩৫	-	৭০%
মোট-	**১৪৫১.৭২**	**১৪৫১.৭২**	**-**	**১৪৫১.৬৭**	**১৪২৬.৩৫**	**১৪২৬.৩৫ (৯৮.২৫%)**	**-**	**১০০%**

- অনুমোদিত আরডিপিপি এবং পিসিআর অনুযায়ী।

৭.২। অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

সর্বশেষ আরডিপিপি এবং পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ১৪৫১.৭২ লক্ষ টাকা এবং অবমুক্ত করা হয়েছিল ১৪৫১.৬৭ লক্ষ টাকা। তার বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৪২৬.৩৫ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি প্রায় ৯৮.২৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%। অব্যয়িত রয়েছে ২৫.৩২ লক্ষ টাকা যা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে (চালানের কপি পিসিআর এ সংযুক্ত করা হয়েছে)।

৭.২.১। রমনা টেনিস কমপ্লেক্সের উন্নয়ন খাতে ৯৭৬.৩৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় করা হয়েছে ৯৭৫.০৩ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৯৯.৮৭% ও বাস্তব অগ্রগতি ১০০%।

৭.২.২। জাফর ইমাম টেনিস কমপ্লেক্স সংস্কার ও উন্নয়ন খাতে ৪৩৫.৩৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় করা হয়েছে ৪১৭.০৪ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৯৫.৭৯% ও বাস্তব অগ্রগতি ১০০%।

৭.২.৩। রাজস্ব খাতে ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় করা হয়েছে ৩৪.২৮ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৮৫.৭০% ও বাস্তব অগ্রগতি ১০০%।

৮.০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
দেশে টেনিস খেলার মান উন্নয়নের জন্য জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন ও প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিকমানের দক্ষ খেলোয়াড় তৈরীর লক্ষ্যে রমনা টেনিস কমপ্লেক্স এবং জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়নকরণ এ প্রকল্পের উদ্দেশ্য।	রমনা টেনিস কমপ্লেক্স এবং জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের অবকাঠামোগত সংস্কার ও উন্নয়ন হয়েছে। COVID-19 কারণে এ যাবত কোন জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলা অনুষ্ঠিত হয়নি।

৯.০। **প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবঃ**.

২টি টেনিস কমপ্লেক্সের অবকাঠামোগত উন্নয়নের ফলে টেনিস খেলার পরিবেশ উন্নত হয়েছে এবং খেলোয়াড়দের সুবিধাদি বৃদ্ধি পেয়েছে। আশা করা যায় এতে স্থানীয় খেলোয়াড়দের আগ্রহ বৃদ্ধি পাবে।

১০.০। কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণঃ

রমনা টেনিস কমপ্লেক্স উন্নয়ন এর আওতায় আরডিপিপিতে ক্লে-কোর্ট নির্মাণ বাবদ ০.৫১ লক্ষ টাকা বরাদ্দ ছিল। পরবর্তীতে টেনিস ফেডারেশন হার্ড কোর্ট নির্মাণে আগ্রহী হলে ক্লে-কোর্ট এর কাজ বাদ রেখে প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করা হয়।

১১.০। অডিট সম্পর্কিত তথ্য : এ পর্যন্ত প্রকল্পের আওতায় কোন অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি। এ প্রসংগে প্রকল্প পরিচালক জানান, প্রতিবছর জাতীয় ক্রীড়া পরিষদে অডিট কার্যক্রম সম্পন করা হয়। এতে অডিট কর্মকর্তাগণ ইচ্ছামত প্রকল্প নির্ধারণ করে অডিট কার্যক্রম সম্পন্ন করেন। এ প্রকল্পটি তাদের তালিকায় না থাকায় অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়নি। এছাড়া তিনি অডিট না হওয়ার কারণ জানাতে সক্ষম হয়নি।

১২.০ ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ (Procurement of goods, Works and Consultancy Services):

Goods & Works of the Project Costing above Tk. 100.00 Lakh and Consultancy above Tk. 100.00 Lakh.

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per RDPP	Contracted Value	Invitation Date	Contract signing/I.C opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
প্যাকেজ-০১ : ঢাকাস্থ রমনা ও রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন শীর্ষক প্রকল্পের অধীনে রমনা টেনিস কমপ্লেক্সের টেনিস কোর্ট, রি-সার্ফেসিং জিমনেসিয়াম, ড্রেনেজ সিস্টেম নির্মাণ, ফেন্সিং সংস্কার।	৫১৬.৮০ *	৫১৬.৮০ *	৩১-১২-২০১৭	১১-০৬-২০১৮	৩১-১২-২০১৮	৩০-০৬-২০১৯
প্যাকেজ-০২ : রমনা টেনিস কমপ্লেক্সের মিডিয়া সেন্টার, সীমানা প্রাচীর, মেইন গেইট।	৪৫৯.২৯ *	৪৫৯.২৯ *	৩১-১২-২০১৭	১১-০৬-২০১৮	৩১-১২-২০১৮	৩০-০৬-২০১৯

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per RDPP	Contracted Value	Invitation Date	Contract signing/I.C opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
প্যাকেজ-০৩ : জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের টেনিস কোর্ট, রি-সার্ফেসিং, ড্রেসিংরুম, সীমানা প্রাচীর।	৪১৮.৭৩ *	৪১৮.৭৩ *	৩১-১২-২০১৭	১১-০৬-২০১৮	৩১-১২-২০১৮	৩০-০৬-২০১৯

- ক্রয় সংক্রান্ত প্যাকেজসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, প্রাক্কলিত মূল্য ও চুক্তি মূল্য একই টাকায় নির্ধারিত রয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, ঠিকাদারগণের সাথে ক্রয়চুক্তি সম্পন্ন হওয়ার পরে ডিপিপি সংশোধন এবং আন্তঃখাত সমন্বয় করা হয়েছে বিধায় আন্তঃখাত সমন্বয় আরডিপিপি'র প্রাক্কলিত মূল্য চুক্তি অনুযায়ী হয়েছে।

১৩.০ **<u>পরিদর্শিত এলাকাঃ</u>** গত ১০-০১-২০২১ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক মোঃ তাজুল ইসলাম কর্তৃক ঢাকাস্থ রমনা টেনিস ও রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্স প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ।

১৪.০ **<u>পরিদর্শন পর্যবেক্ষণঃ</u>** পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শনকালে পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

১৪.১। প্রকল্পটি জুন, ২০১৯ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ০৪/১০/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় । প্রকল্প পরিচালক জানান, বিল ভাউচার ও অন্যান্য তথ্যসমূহ সংগ্রহ করতে বিলম্বের কারণে পিসিআর প্রেরণ করতে বিলম্ব হয়েছে যা নীতিমালার পরিপন্থী।

১৪.২। প্রকল্পে "ঢাকাস্থ টেনিস কমপ্লেক্সের নাম "রমনা টেনিস কমপ্লেক্স" থাকলেও পরিদর্শনকালে দেখা যায় টেনিস কমপ্লেক্সের নাম "ন্যাশনাল টেনিস কমপ্লেক্স" এর ফলে প্রকল্পের আওতায় কমপ্লেক্সটি নির্মিত হয়েছে তা চিহ্নিত করতে অসুবিধা হবে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, প্রকল্প শুরুর পূর্বেই টেনিস কমপ্লেক্সের নাম "ন্যাশনাল টেনিস কমপ্লেক্স" ছিল বিধায় প্রকল্পের নাম অনুযায়ী লিখা হয়নি।

১৪.৩। প্রকল্পের আওতায় রমনা টেনিস কমপ্লেক্সের ৮টি টেনিস কোর্ট ও ১টি প্র্যাকটিস কোর্টের রি-সার্ফেসিং কাজ, ড্রেনেজ নির্মাণ, মেইন গেইট নির্মাণ, মিডিয়া সেন্টার নির্মাণ এবং সাধারণ অফিস সম্প্রসারণ কাজ, নতুন গ্যালারী নির্মাণ এবং বিদ্যমান গ্যালারি, গ্যালারির নিচে হোস্টেল রুম সংস্কার কাজ, বিদ্যমান পুরাতন নষ্ট সীমানা প্রাচীর ভাঙ্গা এবং নতুন সীমানা প্রাচীর নির্মাণ সিসিটিভি সরবরাহ এবং স্থাপন কাজ, খেলোয়াড়দের ড্রেসিং রুমের জন্য ২ টন ক্ষমতা সম্পন্ন এসি সরবরাহ, বিদ্যমান টেনিস কমপ্লেক্স এর অভ্যন্তরীণ স্যানিটারি এবং বৈদ্যুতিক সংস্কার, মেরামতসহ রংকরণ কাজ, টেনিস কোর্টের জন্য ফ্লাড লাইট সরবরাহ ও স্থাপন কাজ, ফাইবার সেড রুফিংয়ের সাথে ভিআইপি গ্যালারী নির্মাণ, জিমনেসিয়াম নির্মাণ এবং ডিজিটাল স্কোর বোর্ড এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহসহ সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

১৪.৪। ঢাকাস্থ রমনা টেনিস কমপ্লেক্সে প্রকল্পের আওতায় বাস্তবায়িত টেনিস কোর্ট রি-সার্ফেসিং এবং রংকরণ কাজ, মিডিয়া সেন্টার নির্মাণ-মিডিয়া সেন্টারে দুইটি ড্রেসিং রুম, একটি টয়লেট ব্লক ও ২টি এসি স্থাপনের গুণগতমান সন্তোষজনক হয়েছে মর্মে প্রতিয়মান হয়। ড্রেনেজ সিস্টেম নির্মাণ, গ্যালারি নির্মাণ, মেইন গেইট নির্মাণ, টেনিস কোর্টের জন্য ফ্লাড লাইট সরবরাহ ও স্থাপন ইত্যাদি কাজসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয় এবং মোটামুটি ভাল হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা গিয়েছে।

১৪.৬। প্রকল্পের আওতায় জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের বিদ্যমান ৪টি কোর্ট এর রি-সার্ফেসিং কাজ (৮টি কোর্ট), বিদ্যমান ৪টি কোর্টের ফ্লাড লাইট সংস্কার ও মেরামত কাজ, জিম সরঞ্জামাদি সরবরাহ এবং স্থাপন কাজ, মহিলা ও পুরুষ খেলোয়াড়দের জন্য ড্রেসিং রুমসহ টয়লেট নির্মাণ এবং সীমানা প্রাচীর নির্মাণসহ সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় সকল বাস্তবায়িত কাজসমূহ ভাল হয়েছে মর্মে জানানো হয়েছে।

১৪.৭। প্রকল্পের আওতায় বাস্তবায়িত রাজশাহীস্থ জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সাধারণ সম্পাদক জনাব এহসানুল হক দুলু, মোবাইল নং ০১৯৩৯৫৫৫০০ এর সাথে টেলিফোনে কথা বলে জানা যায় ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং বাহ্যিকভাবে কাজসমূহ ভাল হয়েছে মর্মে জানান।

১৫। চিত্রসহ ছবির বর্ণনা :

চিত্রসহ ছবি	বর্ণনা
	চিত্র নাম্বার ১ : "ঢাকাস্থ রমনা ও রাজশাহী জাফর ইমাম টেনিস কমপ্লেক্সের সংস্কার ও উন্নয়ন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়িত ঢাকাস্থ রমনা টেনিস কমপ্লেক্সের মূল গেইটের সামনে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাসহ ছবি।
	চিত্র নাম্বার ২ : প্রকল্পের আওতায় বাস্তবায়িত ঢাকাস্থ রমনা টেনিস কমপ্লেক্সের প্যাভিলিয়ন ভবনের সামনে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাসহ ছবি।
	চিত্র নাম্বার ৩ : প্রকল্পের আওতায় বাস্তবায়িত ঢাকাস্থ রমনা টেনিস কমপ্লেক্সের টেনিস খেলার মাঠের ছবি।
	চিত্র নাম্বার ৪ : প্রকল্পের আওতায় বাস্তবায়িত ঢাকাস্থ রমনা টেনিস কমপ্লেক্সের টেনিস কোর্টের ছবি।

১৬। মতামত/সুপারিশ:

১৬.১। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১(এক) বছর ৩(তিন) মাস পর পিসিআর প্রেরণ করা হয়। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে।

১৬.২। প্রকল্পে "ঢাকাস্থ টেনিস কমপ্লেক্সের নাম ডিপিপি মোতাবেক "ন্যাশনাল টেনিস কমপ্লেক্স" এর পরিবর্তে "রমনা টেনিস কমপ্লেক্স" নামে সাইন বোর্ড ব্যবহার করতে হবে।

১৬.৩। প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে ;

১৬.৪। প্রকল্পের আওতায় এ যাবত কোন অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়নি। আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত কল্পে অডিট সম্পাদনের উদ্যোগ নিতে হবে। অডিট বিষয়ক অগ্রগতি আইএমইডিসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ;

১৬.৫। প্রকল্প সমাপ্তির পর তিন মাসের মধ্যে পিসিআর প্রেরণ না করা, প্রকল্পের আর্থিক কার্যাবলীর অডিট না হওয়া, উদ্দেশ্যের বিপরীতে অর্জন সুস্পষ্ট না থাকা এবং পিসিআর এর অনুচ্ছেদ ৭ ও ৮ নং কলামে যথাক্রমে সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের মতামত প্রদান করা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখা প্রয়োজন ;

১৬.৬। উপর্যুক্ত বিষয়ে ব্যাখ্যা চেয়ে ২৭/০৫/২০২১ তারিখে পত্র দেওয়ার পরও উত্তর প্রেরণ না করার বিষয়টিও মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে ;

১৬.৭। প্রতিবেদনের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে।

বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন (বরিশাল, দিনাজপুর এবং খুলনা) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

প্রকল্পের নামঃ "বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন (বরিশাল, দিনাজপুর এবং খুলনা) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।

১.	**প্রকল্পের অবস্থান**	**:**	বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।
২.	**বাস্তবায়নকারী সংস্থা**	**:**	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)।
৩.	**প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ**	**:**	যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ।

৪. প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয় (মোট জিওবি প্রঃসাঃ)**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলন ব্যয়ের %)**	**অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়ন-কালের %)**
মূল (মোট জিওবি প্রঃসাঃ)	**সংশোধিত (মোট জিওবি প্রঃসাঃ)**		**মূল**	**সংশোধিত**			
৩৯১২.৪০	৩৯৪১.৪০	৩৮৭৪.৯৫	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত	১.৭%	-

৫.০ <u>প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):</u>

(লক্ষ টাকায়)

ক্রমিক নাম্বার	**অংগের নাম**	**পরিমাণ**	**অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী**		**প্রকৃত অগ্রগতি**	
			বাস্তব	**আর্থিক**	**বাস্তব (%)**	**আর্থিক (%)**
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**
(ক)	**রাজস্বঃ**					
১.	খেলাধুলার উপকরণ	সংখ্যা	২৮৭২টি	৩০.২০	২৮৭২টি (১০০%)	২৯.৭৪ (৯৮.৪৮%)
২.	পরামর্শক ফি	থোক	থোক	৫.০০	থোক	৪.৯৯ (৯৯.৮০%)
৩.	সম্মানী	লামসাম	লামসাম	৫.০০	লামসাম	৪.৬৬ (৯৩.২০%)
৪.	বিবিধ ব্যয়	লামসাম	লামসাম	৫.০০	লামসাম	৫.০০ (১০০%)
৫.	মোটরযান মেরামত	থোক	থোক	৫.০০	থোক	৫.০০ (১০০%)
৬.	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	থোক	২০.০০	থোক	১২.৪৯ (৬২.৪৫%)
	উপমোট-			**৭০.২০**		**৬১.৮৮ (৮৮.১৫%)**

ক্রমিক নাম্বার	অংগের নাম	পরিমাণ	অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী		প্রকৃত অগ্রগতি	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
(খ)	**মুলধনঃ**					
৭.	মাইক্রোবাস (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	সংখ্যা	৩টি	১২০.০০	৩টি (১০০%)	১১৯.৯৮ (৯৯.৯৮%)
৮.	পিক আপ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	সংখ্যা	৩টি	৮১.০০	৩টি (১০০%)	৮০.৯৯ (৯৯.৯৮%)
৯.	যন্ত্রপাতি (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	সংখ্যা	৭৭৭টি	২৫৯.১১	৭৭৭টি (১০০%)	২৫৪.৩০ (৯৮.১৪%)
১০.	আসবাবপত্র (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	সংখ্যা	২৭৩৩টি	১৬১.৪০	২৭৩৩টি (১০০%)	১৬০.৫৬ (৯৯.৪৮%)
১১.	প্রশিক্ষণার্থীদের হোস্টেল উর্ধ্বমূখী সম্প্রসারণ (দিনাজপুর)	বঃমিঃ	৮৩৩.৫৪	১৫৬.০২	৮৩৩.৫৪ (১০০%)	১৩৪.৫২ (৮৬.২২%)
১২.	মাল্টি স্পোর্টস ইনডোর ভবন নির্মাণ (দিনাজপুর)	বঃমিঃ	৯০০	৩২৪.৯৬	৯০০ (১০০%)	৩২১.২৪ (৯৮.৮৫%)
১৩.	একাডেমিক ভবন নির্মাণ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	বঃমিঃ	৭৫৬০	১৮১৭.৭০	৭৫৬০ (১০০%)	১৮০৯.৯৫ (৯৯.৫৭%)
১৪.	প্যাভিলিয়ন ভবন নির্মাণ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	বঃমিঃ	৩৫৪	৯১.৭৫৯	৩৫৪ (১০০%)	৮৯.৬৪ (৯৭.৬৯%)
১৫.	রাস্তা (দিনাজপুর)	বঃমিঃ	১১৫০	২৪.৭৭	১১৫০ (১০০%)	২৩.৯৬ (৯৬.৭৩%)
১৬.	গভীর নলকূপ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	সংখ্যা	৩টি	৬৯.০০	৩টি (১০০%)	৬০.৭৮ (৮৮.০৮%)
১৭.	এ্যারিয়া লাইটিং (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	মিঃ	৮০৪০০	২৪.০০	৮০৪০০ (১০০%)	২৩.৯৫ (৯৯.৭৯%)
১৮.	পিচসহ ফুটবল ও ক্রিকেট মাঠ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	ঘঃমিঃ	১৮৩৮৮	১৯৯.২৬	১৮৩৮৮ (১০০%)	১৯৪.৫০ (৯৭.৬১%)
১৯.	নির্মাণাধীন ভবনসমূহের আধুনিকিকরণ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	সংখ্যা	১৫টি	৩০২.২৪	১৫টি (১০০%)	২৯৮.৯৬ (৯৮.৯১%)
২০.	মাল্টি স্পোর্টস ইনডোর সিনথেটিক ফ্লোর নির্মাণ	বঃমিঃ	২৬৮২	২৪০.০০	২৬৮২ (১০০%)	২৩৯.৭৪ (৯৯.৮৯%)
	উপমোট-			**৩৮৭১.২০**	**(১০০%)**	**৩৮১৩.০৭ (৯৮.৫০%)**
	সর্বমোট-			**৩৯৪১.৪০**	**(১০০%)**	**৩৮৭৪.৯৫ (৯৮.৩১%)**

৬.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় সাফল্য অর্জনের লক্ষ্যে আঞ্চলিক পর্যায়ে প্রতিভাবান খেলোয়াড়দের বিজ্ঞান ভিত্তিক উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা ;
- বরিশাল-দিনাজপুর ও খুলনা অঞ্চলের প্রতিভাবান খেলোয়াড়দের উন্নত প্রশিক্ষণ ও শিক্ষার আওতায় আনা।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

স্বাধীনতা অর্জনের পর অন্যান্য সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদন খাতের পাশাপাশি ক্রীড়া ক্ষেত্রে সরকারি ও বেসরকারি খাতে প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক অবকাঠামো সৃষ্টিতে গুরুত্ব প্রদান করা হয়। এ লক্ষ্যে চট্টগ্রাম, বরিশাল, সিলেট, খুলনা এবং দিনাজপুরে বিকেএসপির পাঁচটি আঞ্চলিক কেন্দ্র স্থাপন করা হয়। এর মধ্যে বরিশাল, দিনাজপুর ও খুলনা ৩টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রকে উচ্চমাধ্যমিক শ্রেণী পর্যন্ত উন্নীত করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে ৩৯১২.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকল্পটি গত ২৬/১০/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত মোট প্রক্কলিত ব্যয় ৩৯১২.৪০ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত। পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় গত ০২/০১/২০১৯ তারিখে মোট ৩৯৪১.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ মেয়াদে ১ম সংশোধনী অনুমোদন করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী বাস্তব অগ্রগতিঃ

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হল।

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	বাস্তব অগ্রগতি
(১)	প্রশিক্ষণার্থীদের হোস্টেল উর্ধ্বমূখী সম্প্রসারণ (দিনাজপুর)	৮৩৩.৫৪ বঃমিঃ	সব অঙ্গের বাস্তবে ১০০% কাজ সম্পন্ন হয়েছে।
(২)	মাল্টি স্পোর্টস ইনডোর ভবন নির্মাণ (দিনাজপুর)	৯০০ বঃমিঃ	
(৩)	একাডেমিক ভবন নির্মাণ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	৭৫৬০ বঃমিঃ	
(৪)	প্যাভিলিয়ন ভবন নির্মাণ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	৩৫৪ বঃমিঃ	
(৫)	রাস্তা (দিনাজপুর)	১১৫০ বঃমিঃ	
(৬)	গভীর নলকূপ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	৩টি	
(৭)	এরিয়া লাইটিং (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	৮০৪০০ মিঃ	
(৮)	পিচসহ ফুটবল ও ক্রিকেট মাঠ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	১৮৩৮৮ ঘঃমিঃ	
(৯)	নির্মাণাধীন ভবনসমূহের আধুনিকিকরণ (বরিশাল, দিনাজপুর ও খুলনা)	১৫টি	
(১০)	মাল্টি স্পোর্টস ইনডোর সিনথেটিক ফ্লোর নির্মাণ	২৬৮২ বঃমিঃ	

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
(১)	জনাব এ বি এম রুহুল আজাদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ও প্রকল্প পরিচালক। নির্বাহী প্রকৌশলী-০১৭১৭০৬১৮৯৫	পূর্ণকালীন	২৯/০৬/২০১৬ হতে ১১/১২/২০১৭ পর্যন্ত।
(২)	জনাব হাওলাদার মোঃ রকিবুল বারী, পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ও প্রকল্প পরিচালক। মোবাইল নাম্বার ০১৭০৯৩৩০০৫২ নির্বাহী প্রকৌশলী-০১৭১৭০৬১৮৯৫	পূর্ণকালীন	২৫/০৩/২০১৮ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত।

৬.৬ মূল্যায়ন পদ্ধতি (Methodology):

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি Methodology) অনুসারণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, মনটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা ;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা ;

(গ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ; এবং

(ঘ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৭.০ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

৭.১। আর্থিক অগ্রগতি :

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য		মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৬-২০১৭	২৬১.৩৩	২৬১.৩৩	-	২৬৫.০০	২৬১.৩৩	২৬১.৩৩		
২০১৭-২০১৮	২১১০.২৭	২১১০.২৭	-	২১১১.০০	২১১০.৭৭	২১১০.৭৭		
২০১৮-২০১৯	১৫৬৯.৮০	১৫৬৯.৮০	-	১৫৩৩.৮৭	১৫০২.৮৭	১৫০২.৮৭		
সর্বমোট-	**৩৯৪১.৪০**	**৩৯৪১.৪০**		**৪০০৯.৮৭**	**৩৮৭৪.৯৭**	**৩৮৭৪.৯৭ (৯৮.৩১%)**		**১০০%**

- অনুমোদিত আরডিপিপি এবং পিসিআর অনুযায়ী। তবে ভূল বশতঃ টাকা অবমুক্ত বেশী অনুমোদন করা হয়েছিল মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান।

৭.২। অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

সর্বশেষ আরডিপিপি এবং পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৩৯৪১.৪০ লক্ষ টাকা, অবমুক্ত ছিল ৪০০৯.৮৭ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ৩৮৭৪.৯৭ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি প্রায় ৯৮.৩১% এবং বাস্তব অগ্রগতি ১০০%। অব্যয়িত ছিল ১৩৪.৯০ লক্ষ টাকা যা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে (চালানের কপি পিসিআর এ সংযুক্ত করা হয়েছে)। প্রকল্পের আওতায় রাজস্ব খাতে ৭০.২০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬১.৮৮ লক্ষ টাকা (৮৮.১৫%) এবং মূলধন খাতে ৩৮৭১.২০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৮১৩.০৭ লক্ষ টাকা (৯৮.৫০%) ব্যয় করা হয়েছে।

৮.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

আরডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
(১) জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় সাফল্য অর্জনের লক্ষ্যে আঞ্চলিক পর্যায়ে প্রতিভাবান খেলোয়াড়দের বিজ্ঞানভিত্তিক উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা ; (২) বরিশাল-দিনাজপুর ও খুলনা অঞ্চলের প্রতিভাবান খেলোয়াড়দের উন্নত প্রশিক্ষণ ও শিক্ষার আওতায় আনা।	প্রকল্পের আওতায় বিকেএসপি'র ৩টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের অবকাঠামোগত সংস্কার ও উন্নয়নের ফলে প্রতিভাবান খেলোয়াড়দের প্রশিক্ষণের ব্যবস্থা উন্নত হয়েছে। কোভিড-১৯ এর কারণে এ যাবত খেলোয়াড়দের কোন প্রশিক্ষণের আয়োজন করা সম্ভব হয়নি।

৯.০। **প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবঃ**.

প্রকল্পের আওতায় বিকেএসপি'র ৩টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের অবকাঠামোগত সংস্কার ও উন্নয়নের ফলে প্রতিভাবান খেলোয়াড়দের প্রশিক্ষণের ব্যবস্থা উন্নত হয়েছে এবং খেলোয়াড়দের প্রশিক্ষণের সুবিধাদি বৃদ্ধি পেয়েছে। আশা করা যায় এতে আঞ্চলিক পর্যায়ে প্রতিভাবান খেলোয়াড়দের আগ্রহ বৃদ্ধি পাবে।

১০.০। কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণঃ

আরডিপি অনুযায়ী কোন কাজ অসমাপ্ত নাই।

১১.০। অডিট সম্পর্কিত তথ্য : পিসিআর অনুযায়ী ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরে অডিট কার্যক্রম গত ১১/০৪/২০১৯ তারিখে অডিট অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হয়েছে । কোন আপত্তি পাওয়া যায়নি।

১২.০ ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ (Procurement of goods, Works and Consultancy Services):

Goods & Works of the Project Costing above Tk. 100.00 Lakh and Consultancy above Tk. 100.00 Lakh.

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per DPP	Contracted Value	Invitation Date	Contract signing/I.C opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
Equipment & Accessories	259.11	254.30	24-10-2018	26-02-2019	30-06-2019	26-06-2019
Trains Hostel	156.02	134.52	21-12-2017	10-04-2018	30-09-2018	28-09-2018
Construction of Academic Building	1817.70	1809.95	19-09-2017	05-11-2017	30-06-2019	26-06-2019
Indoor Cricket	324.96	321.24	19-09-2017	05-11-2017	28-06-2018	06-06-2018
Furniture	161.40	160.56	24-10-2018	07-01-2019	30-06-2019	26-06-2019
Gymnasium Synthetic Floor	240.00	239.74	28-10-2018	03-01-2019	30-06-2019	25-06-2019
Micro Bus % Hud Pick-up	201.00	200.97	06-11-2017	05-12-2018	30-04-2019	05-04-2019
Field Development	199.26	194.50	28-10-2018	03-01-2019	30-06-2019	25-06-2019
Modernization of Existing Structure	302.24	298.96	19-09-2017	05-11-2017	30-06-2019	26-06-2019

১৩.০ <u>পরিদর্শিত এলাকাঃ</u> গত ০৪-০২-২০২১ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক মোঃ তাজুল ইসলাম কর্তৃক বিকেএসপি'র দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৪.০ <u>পরিদর্শন পর্যবেক্ষণঃ</u> পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শনকালে পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

১৪.১. প্রকল্পটি জুন, ২০১৯ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ৩০/০৯/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় । প্রকল্প পরিচালক জানান, ভূল বশতঃ পিসিআরটি পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করার কারণে পিসিআর প্রেরণ করতে বিলম্ব হয়েছে।

১৪.২। প্রকল্পের আওতায় বিকেএসপি দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের বাস্তবায়িত একাডেমিক ভবন পরিদর্শন করা হয়। ভবনটি ৬ তলা ভিতে ৬ তলা পর্যন্ত সম্পন্ন করা হয়েছে। ভবনটিতে অধ্যক্ষের কক্ষ, শিক্ষকদের বিশ্রাম কক্ষ, অফিস কক্ষ, ছাত্র/ছাত্রী শ্রেণী কক্ষ, কম্পিউটার ল্যাব, লাইব্রেরী, স্টোর কক্ষ ও টয়লেট ব্লক নির্মাণ করা হয়েছে। প্রতিটি কক্ষে ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। আসবাপত্রের মধ্যে চেয়ার, টেবিল, বেঞ্চ, টুল, স্টিলের আলমিরা, বই, কম্পিউটার ইত্যাদি সরবরাহ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে দেখা গিয়াছে।

১৪.৩। বিকেএসপির দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রশিক্ষণার্থীদের হোস্টেল উর্ধ্বমূখী সম্প্রসারণ, মাল্টি স্পোর্টস ইনডোর ভবন নির্মাণ, একাডেমিক ভবন নির্মাণ, প্যাভিলিয়ন ভবন নির্মাণ, রাস্তা নির্মাণ, গভীর নলকূপ স্থাপন, এ্যারিয়া লাইটিং স্থাপন, পিচসহ ফুটবল ও ক্রিকেট মাঠ উন্নয়ন, নির্মাণাধীন ভবনসমূহের আধুনিকিকরণ এবং মাল্টি স্পোর্টস ইনডোর সিনথেটিক ফ্লোর নির্মাণ ইত্যাদি সকল কার্যক্রমসমূহ সম্পন্ন করা হয়েছে। ভবিষ্যতে বাস্তবায়িত এসব কর্যক্রমের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে ।

১৪.৪। প্রকল্পের আওতায় বিকেএসপি'র বরিশাল ও খুলনা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করা হয়নি। তবে টেলিফোন করে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব মোঃ শাহাদাত হোসেন, উপপরিচালক, বরিশাল আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, মোবাইল নম্বর ০১৭১২২৫৫৯৬১ এবং জনাব মোঃ মতিউর রহমান, উপপরিচালক, খুলনা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, মোবাইল নম্বর ০১৭১২১৩২৮৬৫ এর মাধ্যমে প্রকল্প সংক্রান্ত বিষয়ে জানা যায় যে, অলোচ্য প্রকল্পের কার্যক্রমসমূহ ডিপিপি'র সংস্থান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। যেমনঃ- মাইক্রোবাস, পিকআপ, ডিপটিউবওয়েলসহ ইক্যুইপমেন্ট এ্যান্ড এক্সেসরিজ, ফার্ণিচার, একাডেমিক ভবন নির্মাণ, প্যাভিলিয়ন ভবন নির্মাণ, জিমনেশিয়াম সিনথেটিক ফ্লোর স্থাপন, খেলার সামগ্রী ক্রয় এবং বিদ্যমান স্থাপনার আধুনিকায়ন খাতে কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে জানান। ভবিষ্যতে এ সকল বাস্তবায়িত কার্যক্রমসমূহ রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থাকে তদারকি অব্যাহত রাখতে হবে।

১৪.৫। প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জনাব নকিবুল ইসলাম চৌধুরী (মোবাইল নং ০১৭১৭০৬১৮৯৫) জানান, প্রকল্পের আওতায় ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী বিকেএসপির ৩টি আঞ্চলকি প্রশিক্ষণ কেন্দ্রে (বরিশাল, দিনাজপুর ও খুলনা) পৃথক পৃথকভাবে পূর্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। যন্ত্রপাতি ও আসবাবপত্রের Inventory ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী সঠিকভাবে ক্রয় করা হয়েছে মর্মে জানানো হয়েছে।

১৪.৬। প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলকি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনকালে নিম্নলিখিত কম্পোনেন্ট ডিপিপি/আরডিপিপি অনুযায়ী পাওয়া গেছে :

SL No.	Name of the Component	DPP/RDPP Specification	পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি	Rate	Estimated Cost (Lakh Taka)
1.	12 HP Pump with Water	12 HP	12 HP	23,00,000/-	23.00

SL No.	Name of the Component	DPP/RDPP Specification	পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি	Rate	Estimated Cost (Lakh Taka)
	line and 2 field watering system				
2.	Pick-up (Toata)	1 Cabin	1 Cabin	35,00,000/-	35.00
3.	Mini/Micro Bus (Toata)	14 site	14 site	40,00,000/-	40.00
4.	Gymnasium Eqipment :				
	Leg Extension	150x100x168cm	150x100x168 cm	2,25,000/-	2,25,000/-
	Leg Press	210x113x168cm	210x113x168cm	2,00,000/-	2,00,000/-
	Chest Press Machine	170x150x168cm	170x150x168 cm	2,00,000/-	2,00,000/-

১৪.৭। অনুমোদিত ডিপিপি অনুযায়ী রাস্তা নির্মাণ (দিনাজপুর), ভূমি উন্নয়ন খাতে কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে পরিদশনকালে দেখা গিয়াছে। ভবিষ্যতে খেলার মাঠে খেলোয়াড়দের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে।

১৪.৮। প্রকল্পের আওতায় ৩টি মাইক্রোবাস ও ৩টি পিক আপ ক্রয় করা হয়েছে। যানবাহনের বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে এগুলো ৩টি আঞ্চলিক কেন্দ্রে ব্যবহার করা হচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যানবাহন সংক্রান্ত পরিপত্র মোতাবেক প্রকল্প সমাপ্ত হওয়ার ৬০ দিনের মধ্যে গাড়ী জমা দেয়ার কথা ছিল, সেগুলো সরকারি পরিবহন পুলে জমা প্রদান করা হয়নি। এ বিষয়ে প্রকল্প কর্মকর্তা আরো জানান যে, গাড়ীসমূহ নিজস্ব সংস্থায় ব্যবহারের নিমিত্তে অনুমোদন করার জন্য বাস্তবায়নকারী সংস্থা (বিকেএসপি) অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা হয়েছে মর্মে জানান।

১৫.০. সুপারিশঃ

১৫.১। প্রকল্পটি জুন, ২০১৯ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ৩০/০৯/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে ;

১৫.২। প্রকল্পের আওতায় বাস্তবায়িত হোস্টল ভবনসহ অন্যান্য অবকাঠামো যথাযথভাবে সংরক্ষণপূর্বক সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে;

১৫.৩। প্রকল্পের আওতায় ইক্যুইপমেন্ট এ্যান্ড এক্সেসরিজ, ফার্ণিচার, জিমনেশিয়াম ও খেলার সামগ্রী রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারী সংস্থা বিকেএসপিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

১৫.৪। প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৩টি মাইক্রোবাস ও ৩টি পিকআপ যথানিয়মেTO & E ভুক্ত করতে হবে ;

১৫.৫। প্রকল্পের অর্থে ক্রয়কৃত মালামাল সহজে সনাক্তকরণের লক্ষ্যে ও প্রকল্পের সংগৃহীত মালামালের গায়ে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে ;

১৫.৬। একই কার্যাদেশে বরিশাল, দিনাজপুর ও খুলনা কেন্দ্রের পূর্ত কাজ হয়েছে কিনা এবং যন্ত্রপাতি ও আসবাবপত্রের Inventory সঠিকভাবে ক্রয় করা হয়েছে কিনা এ বিষয়ে মতামত/উত্তর পাওয়া যায়নি। বিষয়টি মন্ত্রণালয় কর্তৃক খতিয়ে দেখা প্রয়োজন ;

১৫.৭। বিবিধ খরচ, যানবাহন রক্ষণাবেক্ষণ এই দুই খাতের প্রাক্কলিত ব্যয় এবং প্রকৃত ব্যয় হুবহু একই রকমের। বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখতে পারে ;

১৫.৮। ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থবছরের অডিট আপত্তির বিষয়ে অডিট অধিদপ্তর থেকে চূড়ান্ত প্রতিবেদন আসেনি বলে ১০/০৩/২০২১ তারিখে জানানো হয়েছে (কপি সংযুক্ত)। মন্ত্রণালয় কর্তৃক এই বিষয়টি ফলোআপ করে আইএমই বভিাগকে সর্বশেষ অবস্থা জানাতে হবে;

১৫.৯। প্রতিবেদনের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে।

সংযোজনী 'ক'

পরিদর্শনের সময় ধারণকৃত স্থির চিত্রের অংশ বিশেষঃ

	**চিত্র নম্বর ১ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের মূল গেইটে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাসহ ছবি।
	**চিত্র নম্বর ২ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের খেলার মাঠে নির্মিতব্য প্যাভিলিশন ভবন।
	**চিত্র নম্বর ৩ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের ইনডোর ক্রিকেট সেন্টার ভিতরের ছবি।
	**চিত্র নম্বর ৪ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রশাসনিক ভবনের ছবি।
	**চিত্র নম্বর ৫ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উর্ধ্বমূখী সম্প্রসারণকৃত ছাত্রাবাসের ছবি।

	**চিত্র নম্বর ৬ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ ইনডোর ক্রিকেট সেন্টারের সামনে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাসহ ছবি।
	**চিত্র নম্বর ৭ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবনের সামনে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাসহ ছবি।
	**চিত্র নম্বর ৮ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবনের শ্রেণী কক্ষের ছবি।
	**চিত্র নম্বর ৯ :** প্রকল্পের আওতায় দিনাজপুর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবনের টয়লেট ব্লকের ছবি।

ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং রেঞ্জ নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: **ডিসেম্বর ২০১৮ পর্যন্ত**)

১.০	প্রকল্পের নাম	:	ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং রেঞ্জ নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প।
২.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩.০	বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় ক্রীড়া পরিষদ।
৪.০	অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য))	:	জিওবি

৫.০ প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয় (মোট টাকা জিওবি, প্রকল্প সাহায্য)**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্তব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের %)**
মূল মোট টাকা (প্রঃসাঃ)	**সর্বশেষ সংশোধিত মোটটাকা**		**মূল**	**সর্বশেষ সংশোধিত**			
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**	**(৮)**
৯৫৬	**১০৯৭.৩৮**	১০৯৬.৭৪	০১/০১/২০১৭ হতে ৩০/০৬/২০১৮ (১৮ মাস)	০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৮ (২৪ মাস)	০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৮ (২৪ মাস)	৬৪.০০ (১৪.৭০%)	(৬ মাস) ৩৩.৩৩%

মূল প্রাক্কলনের সাথে (খ)ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধির হার (%): ১৪.৭০%

মূল প্রাক্কলনের সাথে (গ)ক্রমপুঞ্জিভূত মেয়াদ বৃদ্ধির হার (%): ৩৩.৩৩%

৬। **প্রকল্পের উদ্দেশ্য:** ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো নির্মাণ।

৭। **পটভূমি:** দেশের তরুণ ও যুব সমাজকে ক্রীড়া ক্ষেত্রে আগ্রহী করে প্রাণ চাঞ্চাল্য ও চিত্ত-বিনোদনের সুযোগ সৃষ্টির মাধ্যমে পারস্পরিক সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ সৃষ্টিতে খেলাধুলার ভূমিকা অনস্বীকার্য। জাতীয় শ্যুটিং ফেডারেশন বাংলাদেশ প্রতিষ্ঠার পর থেকে দেশের শ্যুটিংয়ের মান উন্নয়নে সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে, যার ফলে কমনওয়েলথ গেমসসহ আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় বাংলাদেশী শ্যুটাররা অংশগ্রহণ করে সফলতা দেখাতে পেরেছে। শ্যুটিং মূলত একটি মনস্তাত্ত্বিক খেলা। যুগোপযোগী অস্ত্র ও গুলির সমন্বয়ে একাগ্রচিত্তে ভাল প্রশিক্ষকের অধীন নিয়মিত অনুশীলন চালিয়ে যেতে পারলে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সাফল্য আশা করা যায়। শ্যুটারদের প্রশিক্ষণ সুবিধার জন্য বিকেএসপিতে একটি স্ট্যান্ডার্ড শুটিং রেঞ্জ নির্মাণ করা হয়েছে। তবে তা প্রধানত বিকেএসপি'র শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য ব্যবহৃত হয় অপরদিকে এর মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলে থাকা শুটারদের প্রশিক্ষণ পাশাপাশি প্র্যাকটিস করা সম্ভব নয়। বিষয়টি বিবেচনা করে বাংলাদেশ শুটিং ফেডারেশনের চাহিদা ও জমির প্রাপ্যতা বিবেচনা করে এ প্রকল্পের আওতায় ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শুটিং রেঞ্জ নির্মাণের জন্য নির্বাচিত করা হয়েছে।

৮। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :**

আরডিপিপি এবং পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ১০৯৭.০০ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১০৯৬.৭৪ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি প্রায় ৯৯.৯৮% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রাক্কলিত ব্যয়ের চেয়ে দরপত্রে প্রদত্ত দর কম হওয়ায় ব্যয় কম হয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উল্লেখ করেছেন। প্রকল্পের আওতায় ৫টি শ্যুটিং কমপ্লেক্সের মধ্যে পটুয়াখালী এবং রংপুর জেলার শ্যুটিং কমপ্লেক্স পরিদর্শন করা হয়েছে। বাহ্যিকভাবে পরিদর্শিত শ্যুটিং

কমপ্লেক্স দু'টির সকল অঙ্গের কাজ সম্পন্ন হয়েছে মর্মে দেখা যায়। প্রকল্পটির আর্থিক ও বাস্তব অগ্রগতি (পিসিআর)-এর ভিত্তিতে) নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলো:

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (%)	আর্থিক (%)	বাস্তব (%)	আর্থিক (%)
	(খ) মূলধন	-	-	-	-	-
১	**ময়মনসিংহ জেলা শ্যুটিং রেঞ্জ**	-	-	-	-	-
	ক) ৫০মি: শ্যুটিং রেঞ্জ, বাফার ওয়ালসহ টার্গেট পয়েন্ট নির্মাণ	-	-	৭৭.৫১	১০০%	৭৭.৫১
	খ) ২য় তলা বিশিষ্ট শ্যুটিং রেঞ্জ ভবন এবং ২৫ মি: শ্যুটিং রেঞ্জ এর টার্গেট রুম এবং বাফার ওয়াল নির্মাণ	-	-	১৭৪.৪৯	১০০%	১৭৪.৪৯
	গ) ১০মি: রেঞ্জ এর টার্গেট ওয়াল ডেকোরেশন	সংখ্যা	১.০০	২.০০	১০০%	**১.৯০**
	মোট (১)=	-	-	২৫৪.০০		**২৫৩.৯০**
২	**পটুয়াখালী জেলা শ্যুটিং রেঞ্জ**	-	-		-	
	ক) ২য় তলা বিশিষ্ট শ্যুটিং রেঞ্জ ভবন নির্মাণ	-	-	১৪৯.৭৫	১০০%	১৪৯.৭৫
	খ) ২৫মি: শ্যুটিং রেঞ্জ এর টার্গেট রুম এবং বাফার ওয়াল নির্মাণ	-	-	৩৩.৪৮	১০০%	**৩৩.৪৮**
	গ) ১০মি: শ্যুটিং রেঞ্জ এর টার্গেট ওয়াল ডেকোরেশন	সংখ্যা	১.০০	২.০০	১০০%	**১.৯০**
	ঘ) সীমানা প্রাচীর	মি:	১৫৩.৯৭	১০.৬১	১০০%	১০.৬১
	মোট (২)=	-	-	১৯৫.৮৪	-	১৯৫.৭৪
৩	**বগুড়া জেলা শ্যুটিং রেঞ্জ**	-	-		-	
	ক) ১০মি: শ্যুটিং রেঞ্জ সহ ২ তলা বিশিষ্ট ভবন নির্মাণ	-	-	১৫৪.২০	১০০%	**১৫৩.৯৬**
	খ) সংযোগ সড়ক	ব:মি:	৭০.০০	১.৭৬	১০০%	**১.৭৬**
	গ) সীমানা প্রাচীর	মি:	৩০.০০	২.০৬	১০০%	**২.০৬**
	ঘ) মেইন গেট	সংখ্যা	১.০০	৩.০০	১০০%	**৩.০০**
	মোট (৩)=	-	-	১৬১.০২	১০০%	**১৬০.৭৮**
৪	**বরগুনা জেলা শ্যুটিং রেঞ্জ**	-	-		-	
	ক) ৫০মি: এবং ১০মি: শ্যুটিং রেঞ্জ সহ ২-তলা বিশিষ্ট ভবন নির্মাণ	-	-	১১৪.৭৩	১০০%	১১৪.৭৩
	খ) আরসিসি বাফার ওয়াল নির্মাণ	-	-	২৩.৮৪	১০০%	২৩.৮৪
	গ) ১০মি: শ্যুটিং রেঞ্জ	-	-	৭৬.৬৫	১০০%	**৭৬.৫৫**
	ঘ) সীমানা প্রাচীর	মি:	১৯১.১২	১৩.১৭	১০০%	১৩.১৭
	মোট (৪)=	-	-	২২৮.৩৯		**২২৮.২৯**
৫	**রংপুর জেলা শ্যুটিং রেঞ্জ**					
	ক) ৫০মি:শ্যুটিং রেঞ্জ নির্মাণ	-	-	৮৭.৭০	১০০%	৮৭.৭০
	খ) ২তলা বিশিষ্ট ভবন সহ ১০ মি: শ্যুটিং রেঞ্জ	-	-	১৪১.৩৯	১০০%	**১৪১.২৯**
	গ) সংযোগ সড়ক	ব:মি:	১১০.০০	২.৭৭	১০০%	**২.৭৭**
	ঘ) সীমানা প্রাচীর	মি:	১২০.০০	৮.২৭	১০০%	**৮.২৭**
	ঙ) মেইন গেট	সংখ্যা	১.০০	১.০০	১০০%	**১.০০**
	মোট (৫)=	-	-	২৪১.১২		**২৪১.০২**
	উপমোট (১-৫)=	-	-	১০৮০.৩৮		**১০৭৯.৭৪**
৬	পরামর্শক	থোক	-	৫.০০	১০০%	৫.০০
৭	স্টেশনারি, কম্পিউটার টোনার এবং অন্যান্য মালামাল ইত্যাদি	থোক	-	১.০০	১০০%	১.০০

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (%)	আর্থিক (%)	বাস্তব (%)	আর্থিক (%)
৮	বিজ্ঞাপন বিল এবং দরপত্র প্রস্তুত করণসহ অন্যান্য	থোক	-	১.০০	১০০%	১.০০
৯	সম্মানী (বিভিন্ন কমিটি, মধ্যবর্তি মূল্যায়ন ইত্যাদি)	থোক	-	৫.০০	১০০%	**৫**.০০
১০	গাড়ী ভাড়া	থোক	-	৫.০০	১০০%	**৫**.০০
	উপমোট (৬-১০)=		-	১৭.০০		**১৭.০০**
	সর্বমোট=		-	১০৯৭.৩৮		**১০৯৬.৭৪**

৯। মূল্যায়ন পদ্ধতি (Methodology) :

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঘ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
০১	জনাব মোঃ হেদায়াতুল হক মির্জা পরিচালক	পার্ট টাইম	০৯/০৭/২০১৭ হতে ৩১/১২/২০১৮

১১। অর্থবছর ভিত্তিক প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	**সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা**			**ব্যয় ও বাস্তব অগ্রগতি**			
	মোট	**টাকা (জিওবি)**	**প্রঃ সাহায্য**	**মোট**	**টাকা (জিওবি)**	**প্রঃ সাহায্য**	**বাস্তব (%)**
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**
২০১৭-১৮	৯৫০.০০	৯৫০.০০	-	৯৫০.০০	৯৫০.০০	-	৮৭%
২০১৮-১৯	১৪৭.০০	১৪৭.০০	-	১৪৭.০০	১৪৬.৭৪	-	১৩%
মোট=	১০৯৭.০০	১০৯৭.০০	-	১০৯৭.০০	১০৯৬.৭৪	-	১০০%

(পিসিআর অনুযায়ী প্রদত্ত)

- অব্যয়িত ০.২৬ লক্ষ ঢাকা সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে।

১২। প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়: প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হলো :

(লক্ষ টাকায়)

ক্রমিক	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	পরিমান/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়
১	২	৩	৪	৫
১	আনুষাঙ্গিক অবকাঠামোসহ ময়মনসিংহ জেলা শ্যুটিং রেঞ্জ নির্মাণ।	১টি	২৫৪.০০	**২৫৩.৯০**
২	আনুষাঙ্গিক অবকাঠামোসহ পটুয়াখালী জেলা শ্যুটিং রেঞ্জ নির্মাণ।	১টি	১৯৫.৮৪	১৯৫.৭৪

ক্রমিক	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	পরিমান/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়
৩	আনুষাঙ্গিক অবকাঠামোসহ বগুড়া জেলা শ্যুটিং রেঞ্জ নির্মাণ।	১টি	১৬১.০২	**১৬০.৭৮**
৪	আনুষাঙ্গিক অবকাঠামোসহ বরগুনা জেলা শ্যুটিং রেঞ্জ নির্মাণ।	১টি	২২৮.৩৯	**২২৮.২৯**
৫	আনুষাঙ্গিক অবকাঠামোসহ রংপুর জেলা শ্যুটিং রেঞ্জ নির্মাণ।	১টি	২৪১.১২	**২৪১.০২**

১৩। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো নির্মাণ।	ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো নির্মাণ করা হয়েছে।

১৪। মনিটরিং : প্রকল্পটি নিম্নবর্নিত কর্মকর্তা পরিদর্শনগণ পরিদর্শন করেছেন:

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবি	দপ্তর	পরিদর্শনের তারিখ	পরিদর্শন এলাকা
১	২	৩	৪	৫
০১।	জনাব মোঃ মুজিব-উল-ফেরদৌস পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	১৬/০৮/২০১৮	ময়মনসিংহ
০২।	জনাব মোঃ মুজিব-উল-ফেরদৌস পরিচালক	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	১৮/০২/২০১৮	রংপুর

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক, জনাব মোঃ মুজিব-উল-ফেরদৌস এর পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রকল্প কর্তৃক ব্যবস্থা গ্রহণ পূর্বক বাস্তবায়ন অগ্রগতি ২৯/০৮/২০১৮ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রতিবেদন প্রেরণ করা হয়।

১৫।। প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব:

১৫.১। **প্রত্যক্ষ প্রভাব:** শ্যুটিং একটি ব্যয় সাপেক্ষ খেলাধুলার আইটেম। এক্ষেত্রে সম্ভাবনা থাকা সত্ত্বেও দেশের প্রান্তিক পর্যায়ে জনসাধারণের আর্থিক সামর্থ এবং অবকাঠামোগত সুযোগের অভাবে শ্যুটার হিসেবে আত্মপ্রকাশ করতে পারে না। এ প্রকল্পের মাধ্যমে দেশের ৫টি জেলায় শ্যুটিং সম্পর্কিত অবকাঠামো নির্মাণ করা হয়েছে। এতে তৃণমূল পর্যায়ের উৎসাহী ছাত্র-তরুণরা শ্যুটিং প্র্যাকটিস করার সুযোগ পাবে এবং স্থানীয়ভাবে প্রতিযোগিতার আয়োজন করতে পারবে।

১৫.২। **পরোক্ষ প্রভাব:** প্রকল্পের আওতায় নির্মিত ক্রীড়া অবকাঠামো ব্যবহারের মাধ্যমে স্থানীয়ভাবে দক্ষ শ্যুটার তৈরি করা যাবে। এর মাধ্যমে যুব ও তরুণ সমাজ কে শ্যুটিং তথা ক্রীড়া/সাংস্কৃতিক কার্যক্রমে আগ্রহী করার মাধ্যমে প্রাণ চাঞ্চল্য ও চিত্ত-বিনোদনের সুযোগ সৃষ্টি করা হলে তাদের পারস্পরিক সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ সৃষ্টি হবে। আঞ্চলিক পর্যায়ে দক্ষ শ্যুটারদের ক্রীড়া নৈপুণ্য উপভোগ করার জন্য দর্শক সমাগম হবে এতে তাদের সুস্থ বিনোদনের চাহিদা পূরণ হবে। এর ফলে যুব সমাজে ইতিবাচক প্রভাব পড়বে। ফলে সমাজ থেকে মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাসীকার্যক্রমসহ অপরাধমূলক কর্মকান্ড থেকে নিবৃত রাখার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে।

১৬। **কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণ:** আরডিপিপি অনুযায়ী এ প্রকল্পের সকল অঙ্গের কাজ সমাপ্ত হয়েছে।

১৭। **অডিট সম্পর্কিত তথ্য** : এ পর্যন্ত প্রকল্পের কোন অডিট সম্পন্ন হয়নি। প্রকল্প চলাকালে এর আর্থিক লেনদেনের যথার্থতা নির্ধারণের জন্য অডিট সম্পন্ন হওয়া প্রয়োজন। এ প্রসংঙ্গে প্রাক্তন প্রকল্প পরিচালককে জিজ্ঞাসা করা হলে তিনি জানান প্রতি বছর জাতীয় ক্রীড়া পরিষদে অডিট হয়। এতে অডিটরগণ পছন্দমত প্রকল্প নির্ধারণ করে অডিটকার্য সম্পন্ন করেন। এতে এ প্রকল্পটি তাদের তালিকায় না থাকায় অডিট সম্পন্ন হয়নি। তাছাড়া তিনি অডিট না হওয়ার কোন কারণ জানাতে সক্ষম হননি।

১৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদি:** (Procurement of Goods, Works and Consultancy Services): প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ০১ টি পণ্য, ০৫ টি কার্য এবং ০১টি সেবা মোট ০৭ টি প্যাকেজে ক্রয়কার্য সম্পন্ন করা হয়। এর মধ্যে সমাপ্তি প্রতিবেদনে প্রতিটি শ্যুটিং রেঞ্জে ২টি করে মোট ১০টি ক্রয়কার্যের বিবরণ প্রকল্প উল্লেখ করা হয়েছে:

(in Lakh Taka)

Sl	Description of procurement (goods/ works /Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost		Tender/Bid/Proposal		Date of Completion of works	
		As per DPP	Contracted value	Invitation date	Contract signing/I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7	8
1	**BOGURA DISTRICT-** Const. of 10m Shooting Range with 2-Storied Building.	144.92	144.87	19-09-2017	25-01-2018	30-06-2018	29-12-2018
2	**BOGURA**-Remaning work of Shooting Range.	16.10	16.09	15-11-2018	24-12-2018	31-12-2018	31-12-2018
3	**BARGUNA DISTRICT-** Const. of 50m and 10m Shooting Range.	204.49	204.40	19-09-2017	25-01-2018	30-06-2018	29-12-2018
4	**BARGUNA-** Remaning work of Shooting Range, Buffer wall & Boundary wall.	23.90	23.85	10-10-2018	13-12-2018	31-12-2018	29-12-2018
5	**PATUAKHALI DSTRICT-** Const. of 25m and 10m Shooting Range.	175.41	175.41	19-09-2017	25-01-2018	30-06-2018	29-12-2018
6	**PATUAKHALI-** Remaning work of Shooting Range, Buffer wall & Boundary wall.	20.43	20.43	19-11-2018	24-12-2018	31-12-2018	29-12-2018
7	**MYMENSINGH DISTRICT -** Const. of 50m, 25m and 10m Shooting Range, Buffer wall.	227.65	227.53	19-09-2017	25-01-2018	30-06-2018	29-12-2018
8	**MYMENSINGH-** Remaning work of Shooting Range Buffer wall.	26.35	26.34	01-10-2018	28-11-2018	29-12-2018	29-12-2018
9	**RANGPUR DISTRICT-** Const. of 50m and 10m Shooting Range,	217.67	217.61	19-09-2017	25-01-2018	30-06-2018	29-12-2018
10	**RANGPUR -** Remaning work of Buffer wall and RCC Platform.	23.45	23.40	01-10-2018	28-11-2018	28-12-2018	28-12-2018

১৯। **পরিদর্শিত এলাকা:** প্রকল্পের আওতায় বাস্তবায়িত পটুয়াখালী এবং রংপুর জেলার শ্যুটিং রেঞ্জের সমাপ্ত হওয়া অবকাঠামো সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি, জেলা শ্যুটিং ফেডারেশনের সভাপতি প্রকল্প পরিচালকসহ পটুয়াখালী এবং রংপুর জেলার অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২০। পরিদর্শন পর্যবেক্ষণ:

২০.১। ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং রেঞ্জ নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পটি ডিসেম্বর, ২০১৮ সালে সমাপ্ত হলেও এর সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণ করা হয়েছে ২৯/০৯/২০২০ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ২০ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরিপন্থী।

২০.২। প্রকল্পের আওতায় নির্মিত ৫টি শ্যুটিং রেঞ্জের মধ্যে রংপুর ও পটুয়াখালী জেলার শ্যুটিং রেঞ্জ সরেজমিনে পরিদর্শন করা হয়। রংপুর জেলায় ২ তলা বিশিষ্ট শ্যুটিং রেঞ্জ ভবন, ১০ মি: শ্যুটিং রেঞ্জ রুম, বাফার ওয়াল নির্মাণ, ১০মি: শ্যুটিং রেঞ্জ এর টার্গেট ওয়াল ডেকোরেশন, সীমানা প্রাচীর এসকল ক্ষেত্রে আরডিপিপি অনুযায়ী অবকাঠামো নির্মাণ করা হয়েছে। আর তা ঠিকাদারি প্রতিষ্ঠান প্রকল্প পরিচালকের মাধ্যমে ৩০/১২/২০০১৮ তারিখে রংপুর রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করেন।

২০.৩। প্রকল্প দলিল মোতাবেক সকল অঙ্গের কাজ সম্পন্ন হলেও সার্বিক পর্যবেক্ষণে দেখা যায় পূর্ত কাজের মান কাঙ্খিত মানের প্রতীয়মান হয়নি। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো: ভবনে প্রবেশের মূল দরজার কাঠ বাকা হয়ে আছে; দরজার হ্যান্ডেল, বাথরুমের ছিটকিনি ভাল মানের দেয়া হয়নি; নিচতলার একটি বাথরুমের দেয়ালের পাইপ ফেটে যাওয়ায় দেয়ালের টাইলস বেয়ে দিয়ে পানি পড়ে; নিচতলায় দেয়ালের নিচের অংশে অনেক জায়গায় নোনা ধরে রং উঠে গিয়েছে; বাইরের দেয়ালের অনেক জায়গায় রং বিনষ্ট হয়ে গিয়েছে; ছাদের ঢাল ঠিকমত না করায় বৃষ্টির পানি জমে থাকে মর্মে স্থানীয় রাইফেলস ক্লাবের উপস্থিত গণ্যমান্য সদস্যগণ জানান; ১০ মিটার রেঞ্জের টার্গেট দেয়ালের কাঠের পার্টটি ফুলে যাওয়ায় খুলে ফেলা হয়েছে। এসকল বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি জানান যে এগুলো তাদের গোচরে আছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি গ্রুপ শ্যুটিং রেঞ্জটি পরিদর্শন করে এ সকল ত্রুটিবিচ্যুতি পেয়েছেন। রিটেনশন মানি এখনো ফেরত দেয়া হয়নি, এগুলো মেরামত করার পর তা ফেরত দেয়া হবে। উপস্থিত ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতিনিধি এ বিষয়ে জানান যে প্রকল্পের সাথে চুক্তি মোতাবেক সকল অঙ্গের কাজ যথারীতি সম্পাদন করে ৩০/১২/২০০১৮ তারিখে রংপুর রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করেন। প্রাপ্ত ত্রুটিসমূহ তারা মন্ত্রণালয়ের প্রদত্ত নির্দেশনা অনুযায়ী মেরামত/রিপ্লেস করবেন মর্মে জানান।

২০.৪। রংপুর শ্যুটিং রেঞ্জে প্রতিটি দু'টন ক্ষমতা সম্পন্ন দু'টি এয়ার কুলার বসানো হয়েছে। ১টি বসানো হয়েছে সভাকক্ষে অপরটি ১০ মিটার শ্যুটিং রেঞ্জে। দু'টি কক্ষই এয়ার কুলারের ক্যাপাসিটির চেয়ে অনেক বড়। এক্ষেত্রে ১০ মিটার শ্যুটিং রেঞ্জে দু'টি একসাথে বসালেও প্রয়োজনের তুলনায় অপ্রতুল হবে। উপস্থিত ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতিনিধি এ বিষয়ে জানান যে স্থানীয় চাপের প্রেক্ষিতে দু'টি এয়ার কুলার বসানো হয়েছে। সভাকক্ষে দু'টি এয়ার কুলার একসাথে বসালে কাজে লাগবে, তারা নির্দেশনা পেলে দ্বিতীয়টি সভাকক্ষে ইন্সটল করতে পারবেন মর্মে জানান।

২০.৫। পটুয়াখালী জেলায় ২ তলা বিশিষ্ট শ্যুটিং রেঞ্জ ভবন, ২৫ মিটার শ্যুটিং রেঞ্জ টার্গেট রুম এবং বাফার ওয়াল নির্মাণ, ১০মিটার শ্যুটিং রেঞ্জ এর টার্গেট ওয়াল ডেকোরেশন, সীমানা প্রাচীর এবং মেইন গেট নির্মাণ এসকল ক্ষেত্রে আরডিপিপি অনুযায়ী অবকাঠামো নির্মাণ করা হয়েছে। আর তা ঠিকাদারি প্রতিষ্ঠান প্রকল্প পরিচালকের মাধ্যমে ৩০/১২/২০০১৮ তারিখে পটুয়াখালী রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করেন।

২০.৬। পটুয়াখালী জেলার শ্যুটিং রেঞ্জ এর অবকাঠামো বাহ্যিকভাবে ভাল মনে হলেও অনেক ক্ষেত্রে পূর্ত কাজ কাঙ্খিত মানের পরিলক্ষিত হয়নি। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: দরজার হ্যান্ডেল, বাথরুমের ছিটকিনি ভাল মানের দেয়া হয়নি; নিচতলায় দেয়ালের নিচের অংশে অনেক জায়গায় নোনা ধরে রং উঠে গিয়েছে।

২০.৭। পটুয়াখালী এবং রংপুর উভয় ক্ষেত্রে ২৫ মিটার রেঞ্জে শ্যুটার এর অবস্থান এবং টার্গেট এর মাঝে মাটি ভরাট করা প্রয়োজন। তাছাড়া এসব রেঞ্জে টার্গেট চেঞ্জার মেশিন সেট না করা হলে এটি অনুশীলনের জন্য উপযোগী হবে না।

২০.৮। এ প্রকল্পের আওতায় তৃণমূল পর্যায়ের শ্যুটার তৈরির লক্ষ্যে অবকাঠামো তৈরি করা হয়েছে। আনুষঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ/ক্রয় প্রকল্পের কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত ছিল না। জেলা পর্যায়ের শ্যুটিং ফেডারেশনের মাধ্যমে স্থানীয়ভাবে আনুষঙ্গিক সরঞ্জাম ও আসবাবপত্র সংগ্রহ করে শ্যুটিং অনুশীলন করা হবে ধরে নিয়ে প্রকল্প ডিজাইন করা হয়। বিভাগীয় শহর এবং দু'একটি জেলা ব্যতীত অধিকাংশ জেলা পর্যায়ের রাইফেলস ক্লাব/শ্যুটিং ফেডারেশনের আর্থিক অবস্থা তেমন উন্নত নয়। এর বিপরীতে একজন দক্ষ শ্যুটার তৈরির জন্য পর্যাপ্ত অনুশীলনের জন্য যে পরিমান গুলি, টার্গেট চেঞ্জার ইত্যাদি আনুষঙ্গিক সরঞ্জাম প্রয়োজন হয় তার জোগান দেয়া দুরূহ। শ্যুটিং রেঞ্জসমূহ রক্ষণাবেক্ষণ এবং অপারেশনাল ব্যয় মেটানোর জন্য জাতীয় ক্রীড়া পরিষদ থেকে কোন বরাদ্দ প্রদান করা হয়না। সাধারণত স্থানীয়

ক্রীড়ানুরাগী এবং অবস্থাসম্পন্ন লোকজনের সহায়তা, জেলা প্রশাসকের স্থানীয় ফান্ড থেকে অনুদান, শ্যুটারদের কন্ট্রিবিউশন ইত্যাদির মাধ্যমে চালানো হয়।

২০.৯। প্রকল্পের আওতায় নির্মিত শ্যুটিং রেঞ্জসমূহ দু'বছরের বেশী সময় ধরে জেলা রাইফেলস ক্লাবের অনুকূলে হস্তান্তর করা হলেও এখন পর্যন্ত তারা এসকল শ্যুটিং রেঞ্জে কোনরূপ অনুশীলন বা প্রতিযোগিতার আয়োজন করতে সক্ষম হননি। এমনকি গুলি, টার্গেট চেঞ্জার ইত্যাদি আনুষঙ্গিক সরঞ্জামের সংস্থান না হওয়ায় এগুলোকে এখনও ব্যবহার উপযোগী করতে পারেননি। রংপুর শ্যুটিং রেঞ্জ পরিদর্শনে দেখা যায় ৫০ মিটার রেঞ্জের টার্গেট এরিয়া নোংরা হয়ে পড়ে আছে। রুমের ভেতরে ছাগলসহ অন্যান্য প্রাণির বিষ্ঠা ছড়িয়ে ছিটিয়ে আছে।

২০.১০। শ্যুটিং রেঞ্জসহ প্রকল্পের আওতায় এরূপ অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে তা স্থানীয় পর্যায়ে পরিচালনা করার দক্ষতা এবং মেনটেইন করার সক্ষমতা বিবেচনা করা প্রয়োজন। ভবিষ্যতে কাজে লাগবে ভেবে অবকাঠামো নির্মাণ করা হলে অনেক ক্ষেত্রেই তা রক্ষণাবেক্ষণের অভাবে প্রয়োজনের সময় ব্যবহার উপযোগী থাকে না, প্রকল্প প্রণয়ন করার সময় বিষয়টি বিবেচনায় রাখা প্রয়োজন।

২১.০। চিত্রসহ ছবির বর্ণনা :

স্থিরচিত্র	বর্ণনা
	ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং রেঞ্জ নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত রংপুর শ্যুটিং রেঞ্জের সামনে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধিসহ স্থানীয় ক্রীড়ানুরাগী ব্যক্তিবর্গের সাথে।
	প্রকল্পের আওতায় নির্মিত রংপুর শ্যুটিং রেঞ্জের ৫০ মিটার রেঞ্জের টার্গেট এরিয়া সামনে।



ময়মনসিংহ, রংপুর, পটুয়াখালী, বগুড়া ও বরগুনা জেলায় শ্যুটিং রেঞ্জ নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত পটুয়াখালী শ্যুটিং রেঞ্জের নির্মিত অবকাঠামো।



২২। মতামত/সুপারিশ:

২২.১। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ২০ মাস পর তা প্রেরণ করা হয়। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হতে হবে।

২২.২। ভবিষ্যতে অবকাঠামো নির্মাণ সম্পর্কিত প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এর প্রায়োগিক/ব্যবহারিক বিষয় ভবনের রক্ষণাবেক্ষেণের সামর্থ বিবেচনা করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় আনুষাঙ্গিক সরঞ্জামাদি প্রকল্পে অন্তর্ভুক্ত করতে হবে যাতে প্রকল্প সমাপ্তিতে তা ব্যবহার করা যেতে পারে।

২২.৩। অবকাঠামো নির্মাণের সময় দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী/প্রকল্প কর্মকর্তার দায়িত্ব সবচেয়ে গুরুত্বপূর্ণ। তাদের নিয়মিত মনিটরিং থাকলে অবকাঠামোর মান ভাল হয় এবং ত্রুটিবিচ্যুতির সম্ভাবনা কমে যায়। ভবিষ্যতে অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে সংশ্লিষ্টগণের মনিটরিং জোরদার করতে হবে।

২২.৪। প্রকল্প সমাপ্তিতে নির্মিত অবকাঠামোর ত্রুটিবিচ্যুতি সংশোধন করার সুযোগ থাকেনা। তদুপরি যেসকল অবকাঠামো নির্মাণের পর এখনো সিকিউরিটি/রিটেনশন মানি ঠিকাদারকে ফেরত দেয়া হয়নি সেগুলোর ত্রুটিবিচ্যুতি বের করে তা জরুরিভিত্তিতে মেরামত করিয়ে নিতে হবে।

২২.৫। বর্তমানে ব্যবহারিক প্রয়োগ না থাকা সত্ত্বেও সুদূর ভবিষ্যতের কথা ভেবে অতিরিক্ত অবকাঠামো নির্মাণ পরিহার করা প্রয়োজন। দীর্ঘদিন অব্যবহৃত থাকায় অবচিতি জনিত কারণে এসব অবকাঠামো প্রয়োজনের সময় ব্যবহার উপযোগী থাকে না, বিষয়টি বিবেচনায় রাখতে হবে।

২২.৬। অদ্যাবধি উক্ত প্রকল্পের অডিট সম্পন্ন না হওয়ার কোন ব্যাখ্যা নেই এবং PCR এর অনুচ্ছেদ ৭ ও ৮ এ যথাক্রমে সংস্থা প্রধান/মন্ত্রণালয়/বিভাগ এর মন্তব্য লিপিবদ্ধ করা হয় নাই।

২২.৭। উপর্যুক্ত বিষয়ে ব্যাখ্যা চেয়ে ৩১/০৩/২০২১ এবং ০৬/০৬/২০২১ তারিখে পত্র দেয়ার পরও প্রতিবেদন/জবাব প্রেরণ না করার বিষয়টি মন্তণালয় খতিয়ে দেখতে পারে।

প্রতিবেদনের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে।